

ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৭



ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মুখবন্ধ

ব্যাংক মূলতঃ সমাজের মানুষের আয়ের উদ্বৃত্ত অংশ সংরক্ষণ এবং সংরক্ষিত উদ্বৃত্ত অংশ মানুষের বিভিন্ন প্রয়োজনে (ব্যবসা, কৃষিকাজ, শিল্প কারখানা স্থাপন, মৎস্য উৎপাদন, কৃষি ভিত্তিক বিভিন্ন শিল্প ইত্যাদি খাতে) অর্থ সহায়তা প্রদান করে থাকে। এই সংরক্ষণ ও সহায়তা প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত কিছু অর্থ (সুদ) প্রদান ও গ্রহণ করা হয়ে থাকে। আর মানুষের উদ্বৃত্ত এই অর্থ লেনদেনের ক্ষেত্রে যেন অর্থ সংরক্ষণকারী ও অর্থ সহায়তাকারীর স্বার্থ কোন রকম ঝুঁকির মধ্যে না পড়ে সেই জন্যে সুষ্ঠু ব্যবস্থাপনা অপরিহার্য।

অর্থ সহায়তা গ্রহণকারী (ঋণ গ্রহীতা) তার গৃহীত অর্থ লাভ (সুদ) সহ ফেরৎ দেওয়ার সক্ষমতা বিবেচনা করে ঋণ প্রদান, ঋণের গুণগতমান নির্ধারণ, ঋণের বিপরীতে গৃহীত জামানতের ক্ষেত্রে সকল রকম ঝুঁকির বিষয় বিবেচনায় রাখতে হবে। আর অর্থের এই প্রবাহ সঠিকভাবে পরিচালনার জন্য ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট এর উদ্ভব হয়েছে। সময়ের বিবর্তনের সাথে সাথে প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর সাথে তালমিলিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের সাধারণ ব্যাংকিং আধুনিকায়নের সাথে সাথে বিনিয়োগের নতুন নতুন ক্ষেত্রও উন্মোচন করেছে।

ঋণের গুণগত মানের অধনমন হলে ব্যাংকের মুনাফা অর্জন বাধাগ্রস্ত হয়। বর্তমানে ব্যাংককে ব্যাসেল-টু ও থ্রি অনুযায়ী রিস্ক বেসড ক্যাপিটাল সংরক্ষণ করতে হয়। তাছাড়া ঋণের গুণগত মানের ভিত্তিতে প্রতিশ্রুতি সংরক্ষণ করতে হয়, যা ব্যাংকের সার্বিক মুনাফার উপর প্রভাব ফেলে। এ জন্য ঋণের গুণগত মান ভাল রাখা, খেলাপী হওয়া রোধ করা এবং ঋণ প্রদান করে তা যথাসময়ে মুনাফাসহ ফেরত আনার লক্ষ্যে সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনার কোন বিকল্প নেই। এ প্রেক্ষিতে ঋণ প্রদানের পূর্বে ও পরে ঋণের সাথে সংশ্লিষ্ট ঝুঁকি চিহ্নিত করা, ঝুঁকির মাত্রা পরিমাপ, ঝুঁকি নিরসনের পছন্দ উদ্ভাবন, প্রয়োজ্য ক্ষেত্রে ঝুঁকি এড়ানোর উপায় বের করাই ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট এর অন্যতম উদ্দেশ্য। ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট যথাযথভাবে বাস্তবায়নের জন্য ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তা বিশেষ করে ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ক্রেডিট রিস্ক সংক্রান্ত বিষয়ে সম্যক ধারণা ও জ্ঞান থাকা প্রয়োজন। সে লক্ষ্যে সময়ের চাহিদা বিবেচনায় ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট পলিসি পর্যালোচনা করার উদ্যোগ নেয়া হয়েছে। কর্তৃপক্ষের এ উদ্যোগ সফল করার লক্ষ্যে ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তাকে প্রণীত ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট পলিসির দিক-নির্দেশনা যথাযথভাবে পরিপালন, অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে। তা হলেই ব্যাংকের লোন পোর্ট ফোলিওর মান শক্তিশালী হবে এবং ব্যাংকের অভীষ্ট লক্ষ্য অর্জন নির্বিঘ্ন হবে।

ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট ম্যানুয়েল-২০১৭ ব্যাংকের প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, ক্রেডিট বিভাগ-১, ক্রেডিট বিভাগ-২, রিস্ক এন্ড মাইক্রোক্রেডিট বিভাগ, প্রজেক্ট ক্রেডিট বিভাগ, এসএমই বিভাগ ও ম্যান পাওয়ার প-য়ানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ এর সহযোগীতার পরিশ্রমের ফসল। আমি এদের সবাইকে তাঁদের শ্রম, নিষ্ঠা ও ঐকান্তিক প্রচেষ্টার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। এ ম্যানুয়েলটি প্রণয়নের কাজটি যাঁর মূল্যবান পরামর্শ ও নির্দেশনা প্রদান করে ম্যানুয়েলের সংস্করণের কাজ বহুদূর এগিয়ে নিয়ে গেছেন- তিনি হলেন পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগের মহাব্যবস্থাপক জনাব ঠাকুর দাস কুন্ডু। ম্যানুয়েলটি প্রণয়নের সাথে প্রত্যক্ষভাবে যাদের মেধা ও শ্রম মিশে আছে তাঁরা হলেন ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের উপমহাব্যবস্থাপক জনাব রওনক সাদ ফেরদৌসী, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব আকতার হোসেন এবং উর্ধ্বতন কর্মকর্তা জনাব রাবেয়া বশরী। তাঁদের অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার ফসল ম্যানুয়েলটি আলোর মুখ দেখেছে। তাই ব্যাংক ব্যবস্থাপনার পক্ষ থেকে তাঁদেরকে আমি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

এ ম্যানুয়েলটি কেবলমাত্র ব্যাংক কর্মকর্তা/কর্মচারীগণের দাপ্তরিক কাজে ব্যবহৃত হবে। সাময়িক প্রেক্ষাপটে প্রণীত এ গাইডলাইনস অনুসরণে সঠিক ঋণগ্রহীতা নির্বাচন, জামানতকৃত সম্পত্তির সঠিকতা নিরূপণ, প্রকল্প বাস্তবায়নকল্পে নিবিড় তদারকির মাধ্যমে গুণগত মান বৃদ্ধি, খেলাপী ঋণ হ্রাস এবং ঋণ খাতে সুদ আয় বৃদ্ধি করে ব্যাংকের কাংখিত মুনাফা অর্জন করা সম্ভব। নিয়মতান্ত্রিকভাবে ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকে একটি কার্যকর ঋণ ব্যবস্থাপনা সংস্কৃতি গড়ে উঠবে বলে আমি আশা করি।

সূচিপত্র

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা
১.০০	ব্যাংক পরিচিতি	০১
১.০১	নামকরণ	০১
১.০২	পরিচালনা পর্ষদ	০১
১.০৩	বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটি	০১
১.০৪	বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি	০১
১.০৫	ব্যবস্থাপনা সমন্বয় কমিটি	০১-০২
১.০৬	ক্রেডিট কমিটি	০২
১.০৭	ব্যাংকের উদ্দেশ্য ও কার্যরীতি	০২
১.০৮	নীতিমালা	০২
১.০৯	ব্যাংক ঋণ পরিচালনে প্রযোজ্য আইন-কানুন	০২-০৩
২.০০	ভূমিকা	০৪
২.০১	সূচনা	০৪
২.০২	মূল উদ্দেশ্য	০৪
২.০৩	ঋণ ঝুঁকির সংজ্ঞা	০৪-০৫
২.০৪	উচ্চ ও নিম্ন ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার নির্দেশক সমূহ	০৫-০৬
২.০৫	গ্রিন ব্যাংকিং (Green Banking)	০৬
২.০৬	পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনা (Environmental Risk management)	০৬-০৮
২.০৭	কর্পোরেট ফাইন্যান্সিং	০৮
২.০৮	কর্পোরেট অর্থায়নের পদক্ষেপ	০৮-০৯
২.০৯	ঋণ-আমানত অনুপাত (Credit Deposit Ratio) পরিপালন	০৯
২.১০	এমওইউ (MOU) পরিপালন	০৯
২.১১	ব্যাসেল-৩ বাস্তবায়ন	০৯
২.১২	ঋণ কেন্দ্রীভূতকরণ ঝুঁকি (Concentration Risk)	০৯-১০
২.১৩	শক্তিশালী ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি (উচ্চ ও নিম্ন ঋণ ঝুঁকির ক্ষেত্রে)	১০-১২
২.১৪	সময় ভিত্তিক ঋণের প্রকারভেদ	১২
২.১৫	অগ্রাধিকারপ্রাপ্ত খাত	১২-১৩
২.১৬	নিরুৎসাহিত খাত (Discouraged Business Types)	১৩
২.১৭	Credit Risk Grading System	১৩-১৪
২.১৮	ঋণের ঝুঁকির মাত্রায়ন (Risk Grading)	১৪-২১
২.১৯	একটি পর্যাপ্ত ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার জন্য অন্যান্য প্রয়োজনীয় উপাদান	২১-২২
৩.০০	ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার সাংগঠনিক কাঠামো	২৩
৩.০১	পরিচালনা পর্ষদের কার্যাবলী	২৩
৩.০২	উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূমিকা	২৩-২৪
৩.০৩	ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ভূমিকা	২৪
৪.০০	গঠন প্রক্রিয়ায় ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা	২৫
৪.০১	ঋণ আবেদনকারীর যোগ্যতা	২৫
৪.০২	উদ্যোক্তা বাছাই	২৫
৪.০৩	ঋণ গ্রহীতাদের মূল্যায়ন	২৫-২৭
৪.০৪	ঝুঁকি ভিত্তিক ঋণের মূল্য নির্ধারণ	২৭
৪.০৫	অনুমোদনকারী কর্তৃপক্ষ	২৭-২৯

৪.০৬	ঋণ বিতরণ	২৯
৪.০৭	ঋণ আবেদন ফরম	২৯-৩১
৪.০৮	প্রক্রিয়াকরণ ফি গ্রহণ	৩১
৪.০৯	ব্যক্তি সংশ্লিষ্ট বিশেষ ঋণের ক্ষেত্রে	৩১
৫.০০	ঋণ ঝুঁকি প্রশমনের কৌশল সমূহ	৩২
৫.০১	ঋণ ঝুঁকি প্রশমন	৩২
৫.০২	জামানত	৩২-৩৩
৫.০৩	তৃতীয় পক্ষের গ্যারান্টি (Third Party Guarantee)	৩৩-৩৪
৫.০৪	কর্পোরেট গ্যারান্টি	৩৪
৫.০৫	লোন সিডিকেশন/ ক্লাব ফাইন্যান্সিং	৩৪
৫.০৬	ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/সিডিকেশন ঋণ সীমা	৩৪
৫.০৭	সিডিকেশন	৩৪-৩৫
৫.০৮	Lending Caps	৩৫
৫.০৯	কর্পোরেট গ্যারান্টি	৩৫
৫.১০	সরকারী নিশ্চয়তা	৩৫
৫.১১	ব্যাংক গ্যারান্টি	৩৬-৪০
৬.০০	প্রশাসনিক প্রক্রিয়ায় ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা	৪১
৬.০১	ঋণ গ্রহীতার ফলো আপ এবং সংশোধনীয়মূলক পদক্ষেপ	৪১
৬.০২	স্বতন্ত্র অভ্যন্তরীণ ঋণ পর্যালোচনা এবং ঋণ ঝুঁকি রেটিং পরিবর্তন	৪১-৪৪
৬.০৩	সমস্যাগ্রস্থ সম্পদ সময়মত চিহ্নিত করণ :	৪৪-৪৫
৬.০৪	ঋণ ঝুঁকি পরিচালনায় প্রতিশন এর ভূমিকা	৪৫
৭.০১	ঋণ ঝুঁকি ব্যবস্থাপনায় যথাযথ ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (MIS)	৪৬
৭.০২	Booking Management Information System	৪৬
৭.০৩	পোর্টফলিও MIS	৪৬
৭.০৪	Segmentation of MIS	৪৬-৪৭
৭.০৫	ঋণের প্রকার, গ্রাহকদের প্রকার, প্রকৃতি, রেটিং গ্রেড, শিল্প বা সেক্টর অনুযায়ী, জামানতের ধরণ অনুযায়ী পৃথক পৃথক ঋণ কেন্দ্রীকরণ, দৃষ্টিগোচর করার জন্য প্রয়োজনীয় ডাটা/ তথ্য সংগ্রহকরণ	৪৭
৭.০৬	Periodic Stress Testing	৪৮
৭.০৭	ঋণ নীতি, কর্তৃপক্ষ, সীমা, প্রয়োজনীয় ঋণ বৃদ্ধির সমন্বয়করণের ঋণ ক্ষতি নির্ধারণ মাত্রার ভূমিকা	৪৮
৮.০০	সমস্যাগ্রস্থ সম্পদের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা	৪৯
৮.০১	ঋণ গ্রহীতার সহিত যোগাযোগ	৪৯
৮.০২	ঋণ ঝুঁকি পরিচালনা করার একটি উপায় হিসেবে পুনঃতফসিলিকরণের উপযুক্ততা	৪৯
৮.০৩	ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার/ ঋণ ঝুঁকি পরিচালনার পছন্দ/ উপায় হিসেবে পুনর্গঠনের উপযুক্ততা	৪৯
৮.০৪	ঋণ আদায়	৪৯-৫১
৮.০৫	আগাম সতর্কতা (Early Alert Process)	৫১-৫২
৮.০৬	NPL বা খেলাপী ঋণ ব্যবস্থাপনা	৫২
৮.০৭	ঋণ শ্রেণীকরণ এবং স্থগিত সুদ (Interest Suspense) হিসাবায়ন	৫২
৮.০৮	ঋণ অবলোপন, পুনরাধিকার এবং জামানতি সম্পত্তির মালিকানাসত্ত্ব	৫২-৫৫

পরিশিষ্টঃ

পরিশিষ্ট -১	Letter of Acceptance	৫৬
পরিশিষ্ট -২	Letter of Continuity	৫৭
পরিশিষ্ট -৩	অঙ্গীকারনামা	৫৮
পরিশিষ্ট -৪	Revival Letter	৫৯
পরিশিষ্ট -৫	Deed of Agreement	৬০-৬১
পরিশিষ্ট -৬	Agreement for Cash Credit (Hypothecation of Goods)	৬২-৬৪

পরিশিষ্ট -৭	Agreement for Cash Credit (Hypothecation of Debts & Assets)	৬৫-৬৬
পরিশিষ্ট -৮	Letter of Disclaimer	৬৭
পরিশিষ্ট -৯	Letter of Undertaking by Company not to Create any Further Charge over the property and assets including uncalled capital	৬৮
পরিশিষ্ট -১০	Form of Gurantee for Advances And Credits Generally (Bangladesh Krishi Bank)	৬৯-৭০
পরিশিষ্ট -১১	Deed of Personal Guarantee	৭১
পরিশিষ্ট -১২	Deed of Personal Joint Guarantee	৭২
পরিশিষ্ট -১৩	Tender Guarantee	৭৩
পরিশিষ্ট -১৪	Performance Guarantee	৭৪
পরিশিষ্ট -১৫	Annexure-1	৭৫-৭৯
পরিশিষ্ট -১৬	Annexure-2	৮০-৮১

১.০১ঃ নামকরণ

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় ঘটলে, 'এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট ব্যাংক অব পাকিস্তান' 'বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক' নামে অভিহিত হয়। পরে, ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে এ ব্যাংকের নামকরণ করা হয় 'বাংলাদেশ কৃষি ব্যাংক'।

১.০২ঃ পরিচালনা পর্ষদ

বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বিশেষায়িত তফসিলি ব্যাংক। কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে এটা দেশের সর্ববৃহৎ রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ব্যাংকের পরিচালনা পর্ষদ গঠিত হয়। ১১ (এগার) সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদে ব্যবস্থাপনা পরিচালকসহ ৮ (আট) জনই সরকারি চাকুরিজীবী এবং চেয়ারম্যানসহ অপর ৩ (তিন) জন সদস্য বেসরকারি প্রতিনিধি। পর্ষদ সচিবালয় বিভাগের উপমহাব্যবস্থাপক পরিচালনা পর্ষদের সচিবের দায়িত্ব পালন করে থাকেন। পরিচালনা পর্ষদ ব্যাংকের নীতিমালা প্রণয়ন করে থাকে। ১৯৭৩ সনের রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ মোতাবেক ব্যাংকের কাজকর্ম ও ব্যবসায়ের সার্বিক পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব পরিচালনা পর্ষদের উপর অর্পিত হয়েছে এবং ব্যাংক যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করতে সক্ষম, পরিচালনা পর্ষদও সে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করতে পারবেন। উপরোক্ত আদেশের ৬নং ধারার (২) উপধারায় উল্লেখ রয়েছে-পরিচালনা পর্ষদ এর কার্যাবলী সম্পাদনকালে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গীর দ্বারা পরিচালিত হলেও কৃষি ও কৃষি উন্নয়ন, পল্লী ও শহরাঞ্চলের ক্ষুদ্র ও কুটির শিল্পের স্বার্থসহ সাধারণ জনস্বার্থের প্রতি অবশ্যই যথাযথ লক্ষ্য রাখবেন এবং নীতি নির্ধারণ সংক্রান্ত ব্যাপারে এ পর্ষদ সরকার কর্তৃক প্রদত্ত নীতি ও নির্দেশনা দ্বারা (যদি থাকে) পরিচালিত হবে। কোনো নীতি নির্ধারণ সম্পর্কে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১.০৩ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটি

চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক এবং পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচিত একজন পরিচালক সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাহী পরিষদ পরিচালনা পর্ষদের আওতায় ক্ষমতাবীন থেকে ব্যাংকের বিভিন্ন কাজ কর্ম পরিচালনা করেন। পরিচালনা পর্ষদের নির্বাহী কমিটি পর্ষদের পক্ষে ব্যাংকের জরুরী বিষয়াদি সম্পন্ন করবেন। ১০নং ধারার (৩) উপধারা অনুযায়ী "এতৎবিষয়ে প্রণীত বিধিবিধান সাপেক্ষে পরিচালনা পর্ষদের আওতাভুক্ত যে কোনো বিষয়ে নির্বাহী কমিটি কাজ করতে পারবেন।"

১.০৪ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ও সম্ভাব্য ঝুঁকি হ্রাসের কার্যকর ভূমিকা পালন এবং এবিষয়ে পরিচালনা পর্ষদের দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার জন্য এ ব্যাংকে ০৩(তিন) জন পরিচালক সমন্বয়ে "বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি" নামে একটি কমিটি গঠন করা হয়। পর্ষদ সচিবালয় বিভাগের উপমহাব্যবস্থাপক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সচিবের দায়িত্ব পালন করে থাকেন। ব্যাংকের সকল কাজের ঝুঁকি নির্ধারণ এবং তা নিয়ন্ত্রণের জন্য যথাযথ কৌশল প্রণয়ন ও তার প্রয়োগ নিশ্চিত করা এ কমিটির মূল দায়িত্ব। তাছাড়া ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ ও নিশ্চিত করার জন্য প্রয়োজনবোধে সংশোধনের ব্যবস্থা করবে।

১.০৫ঃ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী। ব্যাংকের শীর্ষ নির্বাহীগণের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (Management Coordination Committee) রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক এ কমিটির সভাপতি এবং প্রধান কার্যালয়ের উপব্যবস্থাপনা পরিচালকগণ এবং মহাব্যবস্থাপকগণ এই কমিটির সদস্য। পরিচালনা পর্ষদের সচিব এ কমিটির সচিবের দায়িত্ব পালন করেন। এ কমিটি ব্যাংকের প্রচলিত নীতিমালা ও পদ্ধতি নির্ধারণে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ ও ব্যাংকের নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে পর্যালোচনা করে থাকে এবং

দৈনন্দিন প্রায়োগিক বিষয়ে সিদ্ধান্ত প্রদান করে। প্রয়োজনে কমিটির সুপারিশ পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

১.০৬ঃ ক্রেডিট কমিটি

ব্যাংক কর্তৃক অর্থায়িত কিংবা অর্থায়নযোগ্য প্রকল্প সমূহের বিপরীতে মেয়াদি ঋণ, চলতি মূলধন ঋণ/নগদ পুঁজি ঋণ, অন্যান্য আর্থিক সুবিধাদি (এলসি, ব্যাংক টু ব্যাংক এলসি, পিসি, এলএটিআর, লিম, ব্যাংক গ্যারান্টি), বিএমআরই ঋণ, ঋণ পুনঃতফশিলিকরণ, সুদ মওকুফ, অবলোপন এবং সংশ্লিষ্ট অন্য যে কোনো বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রস্তুত সমূহের উপর সুপারিশ/মতামত প্রদানের জন্য প্রধান কার্যালয়ে একটি ক্রেডিট কমিটি কার্যকর রয়েছে। ব্যাংকের জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালক এ কমিটির সভাপতি এবং প্রধান কার্যালয়ের সকল উপব্যবস্থাপনা পরিচালক ও সকল মহাব্যবস্থাপক উক্ত কমিটির সদস্য। উপমহাব্যবস্থাপক ক্রেডিট বিভাগ-১ সদস্য সচিব হিসাবে কমিটির দায়িত্ব পালন করেন। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের স্ব স্ব মঞ্জুরি ক্ষমতার আওতাধীন সকল ধরনের নতুন ঋণ প্রস্তাব ও বর্ধিতকরণ প্রস্তাব চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়ের ক্রেডিট কমিটিতে উপস্থাপন করা হয়ে থাকে।

১.০৭ঃ ব্যাংকের উদ্দেশ্য ও কার্যরীতি

ব্যাংকের অধ্যাদেশ অনুযায়ী যদিও ব্যাংক এর কার্যরীতিতে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গী অবলম্বন করে থাকে তথাপি কৃষি এবং কৃষিভিত্তিক কর্মকাণ্ডে শহর ও গ্রামীণ এলাকায় নিয়োজিত ব্যক্তিবর্গের ঋণের চাহিদা পূরণই এ ব্যাংকের মূল উদ্দেশ্য। কৃষি উৎপাদন বৃদ্ধিসহ কৃষির সার্বিক উন্নয়ন, কুটির শিল্প, এসএমই ও অন্যান্য কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন এবং সর্বোপরি কৃষকদের আর্থ সামাজিক উন্নয়নই হল বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যক্রমের মুখ্য উদ্দেশ্য। এছাড়াও সরকারি সিদ্ধান্ত ও নীতিমালা বিবেচনা করে ব্যাংক বিভিন্ন দারিদ্র বিমোচন কর্মসূচিতে ঋণ বিতরণ করে থাকে।

১.০৮ঃ নীতিমালা

পরিচালনা পর্ষদ ব্যাংকের ব্যবসা পরিচালনায় ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষীসহ সকল কৃষি কর্মকাণ্ডের ঋণের প্রয়োজনীয়তার উপর অগ্রাধিকার প্রদান করে থাকে। এ ছাড়াও কৃষি ভিত্তিক শিল্প, কৃষি পণ্য বিপণন, গুদামজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ, বৈদেশিক বাণিজ্য ও অন্যান্য আয়বর্ধক কর্মকাণ্ড সম্প্রসারণে ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা ব্যাংকের নীতি নির্ধারণে মুখ্য ভূমিকা পালন করে থাকে।

১.০৯ঃ ব্যাংক ঋণ পরিচালনে প্রযোজ্য আইন-কানুন :

বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনায় দেশের নিম্নবর্ণিত আইনকানুন ও বিধিমালা (Law, Act, Order & Regulation) প্রযোজ্য হবে :

- ক. বাংলাদেশ কৃষি ব্যাংক অধ্যাদেশ, ১৯৭৩;
- খ. বাংলাদেশ কৃষি ব্যাংক রুলস্, ১৯৮৩;
- গ. বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) প্রবিধানমালা, ২০০৮;
- ঘ. পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩;
- ঙ. তামাদি আইন, ১৯০৮;
- চ. রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৯০৮;
- ছ. ব্যাংকিং কোম্পানী আইন, ১৯৯১ ও ২০১৩ (সংশোধিত);
- জ. বাংলাদেশ ব্যাংক অধ্যাদেশ, ১৯৭২;
- ঝ. কোম্পানি আইন, ১৯১৩ ও ১৯৯৪ (সংশোধিত);
- ঞ. হস্তশিল্প যোগ্য দলিল আইন, ১৮৮১;
- ট. চুক্তি আইন, ১৮৭২;
- ঠ. সম্পত্তি হস্তান্তর আইন, ১৮৮২;
- ড. দেউলিয়া আইন, ১৯৯৭;
- ঢ. অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ ও ২০১০ (সংশোধিত);

গ. মানি লন্ডারিং আইন, ২০০২ ও ২০১২ (সংশোধিত);
ত. সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও ২০১২ (সংশোধিত);
থ. এছাড়া দেশের প্রচলিত সংশ্লিষ্ট আইন, সরকারী আদেশ ও নির্দেশ এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং সংশোধনী ব্যাংক কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

অধ্যায় ৪-২

ভূমিকা

২.০১ঃ সূচনা

ক্রমবর্ধমান বৈশ্বিক আর্থিক সংকটের কারণে আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণকারী সংস্থা এবং জাতীয় কর্তৃপক্ষ (অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক) ব্যাংক ব্যবস্থা নিয়ে তাদের প্রত্যাশা চিহ্নিতকরণ, সংশোধন ও পূর্ণমূল্যায়ন করার উদ্দেশ্যে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার নির্দেশিকা প্রণয়নে গুরুত্বারোপ করেছে, যার মাধ্যমে ব্যাংক সমূহ তাদের ঋণ ঝুঁকির পরিমাপ, নিরীক্ষণ, বিশেষণ ও নিয়ন্ত্রণ করতে পারবে। আন্তর্জাতিক মান সম্পন্ন কার্যকরী ব্যাংকিং সুপারভিশন করার লক্ষ্যে ব্যাসেল কমিটি কর্তৃক জারীকৃত মূল নীতিগুলোর সাথে সামঞ্জস্য রেখে এবং বাংলাদেশ ব্যাংকের Credit Risk Management গাইডলাইনের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন তৈরি করেছে। এই গাইডলাইনের মাধ্যমে ব্যাংকের পরিচালকবৃন্দ, উর্ধ্বতন নির্বাহী কর্মকর্তাগণ এবং সকল স্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ ঋণ নীতিমালার সাথে নিবিড়ভাবে পরিচিত হতে পারবে এবং ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা কার্যাবলীতে প্রয়োগ করতে পারবে।

২.০২ঃ মূল উদ্দেশ্য

এ গাইড লাইনের মূল উদ্দেশ্য হচ্ছেঃ-

১. একটি সুষ্ঠু ও শক্তিশালী ঋণ ব্যবস্থাপনা গঠন।
২. উন্নত ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা গঠন।
৩. জবাবদিহিতা মূলক কার্যাবলী বিভাজন ও সম্পাদনের নিশ্চয়তা বিধান।
৪. বাংলাদেশে গ্রহণযোগ্য সর্বশেষ ব্যাংকিং সুবিধা চালুকরণ।
৫. ক্ষতি হ্রাস।
৬. স্বয়ংসম্পূর্ণ ও নির্ভরযোগ্য তথ্য প্রযুক্তি ব্যবস্থা চালুকরণ।
৭. বিশ্বায়ন, মুক্ত বাজার অর্থনীতি, কেন্দ্রীভূতকরণ রোধ, মধ্যসত্ত্বভোগী বর্জন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য ঋণ ব্যবস্থাপনা গঠন।
৮. গ্রহণযোগ্য মাত্রায় মুনাফা অর্জন।

২.০৩ঃ ঋণ ঝুঁকির সংজ্ঞা

- ক. ঝুঁকি : সাধারণত ভবিষ্যতে প্রত্যাশিত ঘটনা ঘটনার সম্ভাব্য অনিশ্চয়তাকে ঝুঁকি বলে।
- খ. ঋণ ঝুঁকি : ঋণ গ্রহীতা (Counter party) কর্তৃক শর্ত মোতাবেক সকল দায় (সুদ, আসল ও অন্যান্য চার্জ) পরিশোধের ক্ষেত্রে সম্ভাব্য অনিশ্চয়তাকে ঋণ ঝুঁকি বলে।
- গ. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনাঃ ব্যাংকের লোন পোর্টফোলিওর সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে ক্ষতি হ্রাস করে আশানুরূপ মুনাফা অর্জন নিশ্চিতকরণকে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বলে। কার্যকর ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার মূল উপাদান হলো-ঋণ ঝুঁকি চিহ্নিতকরণ, পরিমাপকরণ, হ্রাসকরণ এবং মনিটরিং।
- ঘ. ঋণের ঝুঁকি উদ্ভবের সম্ভাব্য কারণ :
১. ঋণ ঝুঁকি সাধারণত ঋণগ্রহীতা কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে সম্পাদিত চুক্তি পূরণ করতে ব্যর্থ হওয়া বা ঋণ পরিশোধে অসমর্থ হওয়ার কারণে উদ্ভব হয়, যা ব্যাংকের মুনাফা অর্জন ও মূলধনের উপর নেতিবাচক প্রভাব ফেলে।
 ২. সাধারণত ঋণ প্রদান কার্যক্রমের মাধ্যমে ঋণ ঝুঁকির উদ্ভব হয়। এই ঝুঁকি ব্যাংকের অন ব্যালেন্স শীট আইটেম ও অফ ব্যালেন্স শীট আইটেম হতে সৃষ্টি হয়। ব্যাংকের সাথে ঋণ গ্রহীতার পূর্বনির্ধারিত চুক্তি পালনে অক্ষমতা বা অনিচ্ছা থেকে এই ঝুঁকির উদ্ভব ঘটে। বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ঝুঁকি সাধারণত শস্য ঋণগ্রহীতা, ক্ষুদ্র বা মাঝারি উদ্যোক্তা, এস এম ই ঋণগ্রহীতা, কর্পোরেট ঋণ গ্রহীতা, অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এমনকি আন্তর্জাতিক ভাবে বিভিন্ন দেশের দুষ্টিচক্রের মাধ্যমে সৃষ্টি হতে পারে।
 ৩. একটি ঋণের একাধিক অস্টিড্ব দৈখ্য দিলে বা একটি ঋণ যখন প্রয়োজন ব্যতীত বর্ধিত করা হয় তখন এই ঝুঁকির সৃষ্টি হয়।
 ৪. প্রাকৃতিক দুর্যোগ (টর্নেডো, সিডর, আইলা, ভূমিকম্প, খরা, বন্যা, সাইক্লোন, জলোচ্ছ্বাস ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্টি হয়)।

৫. দেশের রাজনৈতিক অস্থিরতা/অস্থিতিশীলতা, দেশের অর্থনৈতিক মন্দা, মূল্যস্ফীতি ইত্যাদিও ঋণ ঝুঁকি সৃষ্টির অন্যতম কারণ।
৬. ঋণের প্রাক্কলন প্রয়োজনের তুলনায় অনেক কম/বেশী হলেও ঋণের ঝুঁকি বেড়ে যায়।
৭. যথাসময়ে সঠিকভাবে ঋণ বিতরিত না হলে ঝুঁকি বেড়ে যায়।
৮. সমাজের প্রভাবশালী/ রাজনৈতিক প্রভাব/ সরকারি হস্তক্ষেপ ও অসৎ শ্রেণীর মানুষের হস্তক্ষেপের কারণে এ ঝুঁকির উদ্ভব হয়।

২.০৪ঃ উচ্চ ও নিম্ন ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার নির্দেশক সমূহঃ

ঋণ ঝুঁকি সাধারণত পৃথক পৃথক একক ঋণের জন্য অনুমান করা হয়। যেহেতু ব্যাংক বিভিন্ন খাতে ঋণ প্রদান করে থাকে, সেহেতু ব্যাংক বিভিন্ন প্রকার ঋণ ঝুঁকির সম্মুখীন হয়। বিভিন্ন ধরনের ঋণের ঝুঁকি বিভিন্ন হওয়ার কারণে সামগ্রিকভাবে ব্যাংকের জন্য ঋণ ঝুঁকি অনুমান করা কষ্টকর। এছাড়া বিভিন্ন প্রকার ঋণের ঝুঁকি পরিমাপ করার পদ্ধতিও ভিন্ন ভিন্ন। তাই বাংলাদেশ কৃষি ব্যাংকের মতো একটি বৃহৎ আর্থিক প্রতিষ্ঠানের পরিমাণগত ও গুণগত ঋণের ভিন্নতার কারণে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা পরিমাপ ও মূল্যায়ন একটি জটিল বিষয়। নিম্নে বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ঝুঁকি পরিমাপের কিছু নির্দেশক দেয়া হলোঃ-

(ক) উচ্চ ঋণ ঝুঁকির নির্দেশক সমূহঃ

১. মোট সম্পদ এবং মূলধনের তুলনায় ঋণের পরিমাণ বেশি।
২. ব্যাংকের ঋণ বৃদ্ধির হার জাতীয় বা অনুরূপ ব্যাংকের তুলনায় বেশি।
৩. ঋণ বৃদ্ধির পরিকল্পনা না থাকা সত্ত্বেও বা ঋণ লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া সত্ত্বেও উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং শাখা ব্যবস্থাপক/কর্মকর্তা কর্তৃক ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখা।
৪. ঋণ এবং অগ্রিম থেকে প্রাপ্ত সুদ ও ফিসের উপর ব্যাংকের আয় অনেকাংশে নির্ভরশীল হওয়ায় উচ্চ ঋণ ঝুঁকির সৃষ্টি হয়।
৫. উচ্চ ব্যয়যুক্ত ঋণ সমূহ রিস্ক ও রিটার্নের মধ্যে ভারসাম্যহীনতা সৃষ্টি করে।
৬. ব্যাংক এক বা একাধিক নির্দিষ্ট ক্ষেত্রে অধিক পরিমাণে ঋণ প্রদান করার ফলে উচ্চ ঋণ ঝুঁকি সৃষ্টি হয়।
৭. বর্তমান ঋণের পাশাপাশি যদি অধিক পরিমাণে নতুন ঋণ প্রদান করা হয় তবে উচ্চ ঋণ ঝুঁকি সৃষ্টি হয়।
৮. ঋণ নীতি অনুসরণ না করে ঋণ প্রদানের হার বৃদ্ধি করার ফলে উচ্চ ঋণ ঝুঁকি সৃষ্টি হয়।
৯. ব্যাংকের ঋণ পোর্টফলিওতে মাত্রা অতিরিক্ত শ্রেণীকৃত ঋণ (সংখ্যা ও পরিমাণে) থাকার ফলে ঋণ ঝুঁকি সৃষ্টি হয়।
১০. ব্যাংকে বিদ্যমান অশ্রেণীকৃত ঋণ এবং এস এম এ ঋণের অভ্যন্তরীণ রেটিং এর মান ক্রমান্বয়ে হ্রাস পাওয়াও ঋণ ঝুঁকি সৃষ্টির অন্যতম কারণ।
১১. শ্রেণীকৃত ঋণের অধিকাংশই সন্দেহজনক বা মন্দ ও ক্ষতি ঋণে পরিণত হওয়া উচ্চ ঋণ ঝুঁকি নির্দেশ করে।
১২. জামানতি সম্পত্তি নেয়ার ক্ষেত্রে প্রয়োজনের তুলনায় কম নেয়া বা উদার হওয়ার ফলে উচ্চ ঋণ ঝুঁকি সৃষ্টি হয়।
১৩. জামানতি সম্পত্তির মূল্য যথার্থ না হওয়া, বিক্রয় জনিত সমস্যা, ঘন ঘন মূল্য পরিবর্তন হওয়া এবং অপরিপূর্ণ সুরক্ষা।
১৪. ঋণের দলিলায়নের ক্ষেত্রে ঘন ঘন পরিবর্তন করা, অসম্পূর্ণ দলিলায়ন এবং ঋণ পরিশোধ সময়সূচি দীর্ঘমেয়াদী করা।
১৫. পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠিত ঋণের ক্ষেত্রে নিয়ম শিথিলকরা এবং এ সকল ঋণের রিপোর্টিং এর ক্ষেত্রে ভুল-ত্রুটি পরিলক্ষিত হওয়া এবং স্বচ্ছতার ক্ষেত্রে কর্তৃপক্ষকে অন্ধকারে রাখা।
১৬. চলতি মূলধন /সিসি ঋণের চক্রায়ন সঠিক ভাবে না হওয়া/কিন্ডি সঠিক সময়ে আদায় না হওয়া।

(খ) ঋণ ঝুঁকির নির্দেশক সমূহঃ

১. ঋণ কার্যক্রম চক্র অনুপস্থিত এবং বস্তুগত বিষয় সমূহ দ্বিধাশ্রিত।
২. কৌশলগত এবং ব্যবসায়িক পরিকল্পনায় ঋণের ঝুঁকি উদারমাত্রায় গ্রহণের ক্ষেত্রে উৎসাহ প্রদান।
৩. আয় বৃদ্ধি করার লক্ষ্যে ঝুঁকিপূর্ণ পরিকল্পনাকে প্রাধান্য দেয়া।
৪. যথেষ্ট কারণ বা পরীক্ষা নিরীক্ষা ছাড়া ব্যাংক কর্তৃক নতুন ঋণ পণ্যে বিনিয়োগ।
৫. ঋণ ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তাদের দক্ষতা ও অভিজ্ঞতার অভাব।
৬. ঋণ ব্যবস্থাপনা প্রক্রিয়ায় ঋণ প্রদান, তদারকি অথবা সমস্যাগ্রস্ত ঋণের ক্ষেত্রে দায়িত্ববোধ এবং জবাবদিহিতা সুস্পষ্ট না থাকা।
৭. ব্যাংক কর্তৃক কেন্দ্রীভূত ঋণ সনাক্তকরণে ব্যর্থতা এবং কেন্দ্রীভূত ঋণ হ্রাস বা ঝুঁকি হ্রাসের ক্ষেত্রে কোনো পদক্ষেপ গ্রহণ না করা।
৮. ক্ষতিপূরণ কাঠামোতে ঋণের গুণগত মানের তুলনায় পরিমাণের উপর অধিক গুরুত্ব প্রদান।
৯. গুণগত মান সম্পন্ন ঋণ প্রদানের জন্য কোনো প্রশাসনিক বাধ্যবাধকতা নেই।
১০. ঋণ প্রদান ও ঋণ আদায়ের ক্ষেত্রে কর্মীদের দক্ষতার অভাব।
১১. ঋণ নীতিতে এক বা একাধিক জায়গায় অস্পষ্টতা আছে এবং তা সংশোধনে কোনো ব্যবস্থা গ্রহণ না করা। ঋণের উদ্দেশ্য, ঋণ ঝুঁকি সহনশীলতা, ঋণ ফয়সালা ও ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে মানদণ্ডের অভাব।
১২. ঋণ বিশ্লেষণ করার ক্ষেত্রে পর্যাপ্ত দক্ষতার অভাব, অপরিাপ্ত ঋণ বিশ্লেষণের ফলে প্রধান প্রধান ঝুঁকি সমূহ উপেক্ষিত হয়।
১৩. ঋণ ঝুঁকি রেটিং ও সমস্যাগ্রস্ত ঋণ সমূহ পর্যালোচনা না করা। ঋণ ঝুঁকি রেটিং উন্নতির প্রয়োজনে সমস্যাগ্রস্ত ঋণ সঠিকভাবে ও যথাসময়ে সনাক্তকরণ হয় না ফলে ঋণ বিবরণীতে সঠিক তথ্য উত্থাপিত হয় না।
১৪. বাংলাদেশ কৃষি ব্যাংকের ঝুঁকি রেটিং, বাংলাদেশ ব্যাংকের ঝুঁকি রেটিং থেকে বারবার বিচ্যুতি ঘটে। এমনকি ঋণ শ্রেণিবিভাগ্যস পদ্ধতির ক্ষেত্রেও বিচ্যুতি ঘটে।
১৫. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস (MIS) প্রয়োজনের তুলনায় ঘাটতি থাকা। তথ্যগত ভুল-ত্রুটি ঝুঁকি সংক্রান্ত তথ্য অসম্পূর্ণ থাকার কারণে পর্যদ ও উর্ধতন কর্তৃপক্ষ সঠিক সিদ্ধান্ত ঋণের বিশ্লেষণ এবং ঋণের ঝুঁকি প্রোফাইল বুঝতে পারে না।
১৬. শস্য ঋণসহ সকল প্রকার ঋণ প্রদানের ক্ষেত্রে রাজনৈতিক প্রভাব বিদ্যমান থাকা।

২.০৫ঃ গ্রিন ব্যাংকিং (Green Banking):

পরিবেশ দূষণ ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে বিশ্বের পরিবেশ বর্তমানে হুমকির সম্মুখীন। বর্তমান প্রেক্ষাপটে পরিবেশ বান্ধব ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তন ও অনুশীলন গ্রিন ব্যাংকিং (Green Banking) এর আওতাভুক্ত।

২.০৬ঃ পরিবেশ ঝুঁকি ব্যবস্থাপনা (Environmental Risk management):

বিশ্বের প্রাকৃতিক পরিবেশ ক্রমাগত দূষিত হচ্ছে। প্রাকৃতিক পরিবেশ রক্ষাসহ বিশ্বকে সম্ভাব্য প্রাকৃতিক বিপর্যয় হতে রক্ষা করার জন্য পরিবেশ বান্ধব প্রকল্পে বিনিয়োগ উৎসাহিতকরণ এবং পরিবেশগতভাবে ঝুঁকিপূর্ণ সেक्टरের ঋণ প্রদানের ক্ষেত্রে যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

Environmental Risk Grading ঋণের ঝুঁকি নির্ণয়ের জন্য Credit Risk Grading System ব্যবহারের পাশাপাশি প্রকল্পটি পরিবেশের জন্য ক্ষতিকর কিনা তা নির্ণয়ের জন্য Environmental Risk Grading (ERG) করতে হবে। এসএমই ঋণের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকার উর্ধে এবং অন্যান্য ঋণের ক্ষেত্রে ১.০০ কোটি টাকার উর্ধে ঋণ প্রস্তাব প্রেরণকালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত Environmental Risk Management (ERM) এর নিয়মাবলী অনুসরণপূর্বক এনভায়রনমেন্টাল রিস্ক

গ্রেডিং (ERG) করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং (ERG) এ পোল্ট্রি, ডেইরী, সিমেন্ট, ক্যামিকেলস, প্যাস্টিসাইড, ফার্মাসিটিক্যালস, ইঞ্জিনিয়ারিং এবং ব্যাসিক মেটাল, আবাসন, পাশ্চাত্য এবং পেপার, সুগার এবং ডিস্টিলারী, ট্যানারী, টেক্সটাইল এবং এপারেলস, শিপ ব্রেকিং সেক্টর ভিত্তিক ফরম্যাট দেয়া আছে এবং কোন ঋণ কেস উক্ত সেক্টরের বাইরে হলে তার জন্য একটি জেনারেল ফরম্যাট দেয়া আছে।

Environmental Risk Grading :

ঋণের ঝুঁকি নির্ণয়ের জন্য Credit Risk Grading System ব্যবহারের পাশাপাশি প্রকল্পটি পরিবেশের জন্য ক্ষতিকর কিনা তা নির্ণয়ের জন্য Environmental Risk Grading করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী প্রকল্প ঋণ প্রস্তুত মূল্যায়নকালীন ক্রেডিট রিস্ক গ্রেডিং (CRG) এর পাশাপাশি এখন থেকে এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং (ERG) করতে হবে। এসএমই ঋণের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে এবং অন্যান্য ঋণের ক্ষেত্রে ১.০০ কোটি টাকার উর্ধ্বে ঋণ প্রস্তুত প্রেরণকালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত Environmental Risk Management (ERM) এর নিয়মাবলী অনুসরণপূর্বক এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং (ERG) করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত এনভায়রনমেন্টাল রিস্ক গ্রেডিং (.) এ পোল্ট্রি, ডেইরী, সিমেন্ট, ক্যামিকেলস, প্যাস্টিসাইড, ফার্মাসিটিক্যালস, ইঞ্জিনিয়ারিং এবং ব্যাসিক মেটাল, আবাসন, পাশ্চাত্য এবং পেপার, সুগার এবং ডিস্টিলারী, ট্যানারী, টেক্সটাইল এবং এপারেলস, শিপ ব্রেকিং সেক্টর ভিত্তিক ফরম্যাট দেয়া আছে এবং কোন ঋণ কেস উক্ত সেক্টরের বাইরে হলে তার জন্য একটি জেনারেল ফরম্যাটে দেয়া আছে। নিম্নে জেনারেল ফরম্যাটটি দেয়া হলো :

General Environmental Due-Diligence Checklist:

This checklist is to be used for all proposals for financing being considered by the Banks/FIs. If there are no specific checklists for the particular sector under consideration, the General EDD checklist alone, is to be used to determine the EnvRR rating. Please complete a response to each of these questions as Yes or No or Not Applicable (NA), and determine the EnvRR. If a question does not apply to the sector under consideration, it should be excluded by deducting from the total number of questions used to calculate the percentages in determining the EnvRR. The justification for any exclusion is to be documented separately and retained on file with the EnvRR checklists.

- | | |
|-------------------------|---|
| 01. Name of the Project | : |
| 02. Type of Project | : |
| 03. Approved Amount | : |
| 04. Approval Date | : |

Particulars

Yes / No / NA

Possible sources of environmental risk

1. Environmental clearances:

In the proposal for financing, have all the applicable compliances to environmental laws, i.e. site clearance certificate and environmental clearance certificate, been obtained from the Department of Environment (DOE)?

Have these clearances been obtained after submitting the appropriate documents for the different pollution category of industries (Green, Orange-A, Orange-B and Red)?

2. Land location/site:

Is the land location/site free from vulnerability from an environmental perspective? Vulnerability can arise due to the issues such as the location being on the river bank (floods) and on national parks /forests (non-compliance) ?

3. **Climate change:**

Is the proposal for financing protected against climate change related impacts such as cyclones, storm surges, floods and droughts if relevant?

Borrower's Environmental Management Systems

4. **Commitment:**

Is the potential borrower's top management committed to environmental management?

5. **Manpower:**

Has the potential borrower planned for manpower resources to address environmental issues?

6. **Skills:**

If so, is the manpower skilled to address environmental issues?

7. **Labour/social issues:**

Does the management adopt good practices vis-à-vis occupational health & safety and associated issues such as child labour, forced labour, wage compensation, discrimination and working hours?

Determining overall EnvRR

The italicized questions are the more important / critical ones. The EnvRR is determined as follows:

Criteria	EnvRR
If answers to any one of the italicized questions is "No"	"High"
If answers to all italicized questions is "yes" but 50% or more of the non italicized questions is "No"	"High"
If answers to all italicized questions is "yes" and if answers to more than 25% and less than 50% of the remaining questions is "No"	"Moderate"
If answers to all italicized questions is "yes" and if answers to less than 25% of the remaining questions is "No"	"Low"

২.০৭ঃ কর্পোরেট ফাইনালিং

কোন কাম্পানি কিংবা কোন শিল্পগোষ্ঠী অথবা কোন কর্পোরেশনকে তার ব্যবসায়িক/বাণিজ্যিক কার্যাদি পরিচালনার জন্য কোন ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যে অর্থায়ন করা হয় তাকে কর্পোরেট ফাইনালিং নামে অভিহিত করা হয়। প্রত্যেক কোম্পানি অথবা শিল্প গোষ্ঠীর একটি পরিচালনা বোর্ড থাকে যারা ঐ কোম্পানির সার্বিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ ও পরিচালনা করে।

২.০৮ঃ কর্পোরেট অর্থায়নের পদক্ষেপ

কর্পোরেট ফাইনালিং এর জন্য **নিম্নবর্ণিত** বিষয়গুলির প্রতি দৃষ্টি রাখতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে :

১. সম্ভাবনাময় কর্পোরেট গ্রাহকবৃন্দের তালিকা প্রস্তুত করতে হবে এবং অর্থায়নের জন্য সম্ভাবনাময় গ্রাহককে যাচাই ও নির্বাচন করতে হবে;

২. অর্থায়নের পূর্বে নির্দিষ্ট এজেন্ডা প্রস্তুত করতে হবে;
৩. আলোচনার সূচি নির্ধারণ করে কর্পোরেট গ্রাহককে আলোচনার জন্য আহ্বান করতে হবে; ৪) কর্পোরেট গ্রাহকের ঋণের প্রকৃতি ও ঋণের প্রয়োজনীয়তা সম্পর্কে জানতে হবে;
৫. কর্পোরেট গ্রাহকের ঋণের চাহিদা পর্যালোচনা ও মূল্যায়ন করতে হবে;
৬. যে ধরনের ঋণ সুবিধা গ্রাহককে প্রদান করা যায় তা তাকে জানিয়ে দিতে হবে;
৭. ঋণের প্রাক-যোগ্যতার জন্য কোম্পানির ব্যবস্থাপনা সুনাম, মূলধন, আয়, তথ্য প্রযুক্তি, সম্পদ, তারল্য এবং তদারকি ব্যবস্থা ভালভাবে খতিয়ে দেখতে হবে;
৮. বিশেষভাবে দক্ষ কর্মকর্তা দ্বারা ঋণ প্রস্তুত মূল্যায়ন করাতে হবে;
৯. বাণিজ্যিকভাবে লাভবান, অর্থনৈতিকভাবে সম্ভাবনাময় এবং সামাজিকভাবে কাংখিত ঋণ প্রস্তুত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও মঞ্জুরি প্রদান করতে হবে;
১০. ব্যাংকের নিয়মমাফিক দলিলায়ন ও ঋণ বিতরণ করতে হবে।

২.০৯ঃ ঋণ আমানত অনুপাত (Credit Deposit Ratio) পরিপালন

ঋণ আমানত অনুপাত (Credit Deposit Ratio) বিবেচনা করে ঋণ মঞ্জুরি কার্যক্রম পরিচালনা করতে হবে।

ঋণ আমানত অনুপাত নির্ধারণে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় আনতে হবেঃ

মোট আমানত হতে এসএলআর (SLR) বাবদ নির্ধারিত অংশ বাদ দিয়ে ঋণ আমানত অনুপাত (ADR) নির্ণয় করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত এসএলআর (SLR) এর পরিমাণ ০১ ডিসেম্বর ২০১০ হতে ১৯% হওয়ায় ঋণ আমানত অনুপাত (ADR) ৮১ঃ১০০। এসএলআর (SLR) এর হার পরিবর্তন হলে সে অনুযায়ী ঋণ আমানত অনুপাতও পরিবর্তন হবে।

২.১০ঃ এমওইউ (MOU) পরিপালন

ঋণ কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সাথে স্বাক্ষরিত মেমোরেণ্ডম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে। প্রতিবছর স্বাক্ষরিত মেমোরেণ্ডম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) এর শর্ত সমূহ পরিপালনের লক্ষ্যে নির্দেশ বিজ্ঞপ্তি ওয়েব মেইলের মাধ্যমে অবহিত করতে হবে।

২.১১ঃ ব্যাসেল-৩ বাস্তবায়ন

বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৮ তারিখঃ ২১-১২-২০১৪ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিউ ক্যাপিটাল এডেকোয়েসি ফ্রেমওয়ার্ক আন্ডার ব্যাসেল-৩ প্রণয়ন করা হয়েছে। এটি ঝুঁকি ভিত্তিক মূলধন পর্যাণ্ডতা নিরূপণ সংক্রান্ত গাইডলাইন। এ গাইডলাইন অনুযায়ী ব্যাংকের সামগ্রিক নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য রিস্ক ওয়েটেড এ্যাসেট এর কমপক্ষে ১০% ক্যাপিটাল সংরক্ষণ করতে হবে। ঋণ কার্যক্রমের মাধ্যমে রিস্ক ওয়েটেড এ্যাসেট এর পরিমাণ যাতে সর্বনিম্ন পর্যায়ে রাখা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ভাল ক্রেডিট রেটিং সম্পন্ন গ্রাহকদের ক্ষেত্রে রিস্ক ওয়েটেড তুলনামূলকভাবে কম নির্ধারণ করা হয়েছে।

২.১২ঃ ঋণ কেন্দ্রীভূতকরণ ঝুঁকি (Concentration Risk)

কোনো ব্যাংকের প্রশাসনিক নীতি ও পৃথক ঋণ পদ্ধতি সক্রিয় থাকা সত্ত্বেও ঐ ব্যাংকের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা উচ্চ বা নিম্ন মানের হতে পারে যদি বেশিরভাগ ঋণ কেন্দ্রীভূত হয়। ঋণ কেন্দ্রীভূত ঝুঁকি নিম্নোক্ত কারণে হতে পারে- ১. যখন কোনো ব্যাংকের বেশিরভাগ বিনিয়োগ বা সকল বিনিয়োগ একক বা কয়েক ব্যক্তি বা সত্তা বা সেগ্মে বা একই Instrument এ ব্যবহার করা হয়। কেন্দ্রীভূত ঋণ খাতটি মন্দায় পরিণত হলে ব্যাংকটির মূলধন বিপুল পরিমাণ ক্ষতির সম্মুখীন হবে, এমনকি ব্যাংক হুমকির মুখে পড়তে পারে যা ব্যাংকের মূল কার্যক্রম সম্পাদনে বিঘ্ন ঘটায়। বাংলাদেশ কৃষি ব্যাংকের অধিকাংশ ঋণই কেন্দ্রীভূত (শস্য খাত) বিধায় এ ব্যাংকটি উচ্চ ঋণ ঝুঁকিতে রয়েছে। নিম্নলিখিত কেন্দ্রীভূত ঋণ ঝুঁকি খাত হতে ব্যাংককে সতর্ক থাকতে হবেঃ

১. খাত ওয়ারী ঋণ (Sector wise exposure)।
২. বিভাগ ভিত্তিক ঋণ (ভৌগোলিক ভিত্তিতে)।
৩. গ্রুপ ভিত্তিক ঋণ (নির্দিষ্ট পরিমাণ টাকার ভিত্তিতে)।
৪. একক ঋণ গ্রহীতার ঋণ সীমার ভিত্তিতে (নির্দিষ্ট পরিমাণ টাকার ভিত্তিতে)।

৫. শীর্ষ ঋণ গ্রহীতাদের তালিকার ভিত্তিতে (শীর্ষ ১-৫০ ঋণ গ্রহীতাকে গণনা করতে হবে)।

ব্যাংক তার সকল ঋণের সম্ভাব্য কেন্দ্রীভূতের অভ্যন্তরীণ সীমা নির্ধারণ করবে। অভ্যন্তরীণ সীমা নির্ধারণ করতে গিয়ে যদি ঋণ পোর্টফলিও এর একটি বৃহৎ অংশ একটি খাতে কেন্দ্রীভূত হয় তাহলে ঐ খাতে ঋণের পরিমাণ কমাতে হবে বা মূলধনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বাড়াতে হবে বা উভয় কর্মের একটি সংমিশ্রণ ঘটাতে হবে। রাষ্ট্রায়ত্ত্ব একটি বিশেষায়িত ব্যাংক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের সুম্পর্ণ মূলধন সরকার কর্তৃক প্রদত্ত বিধায় কেন্দ্রীভূত ঋণ (শস্য খাত) প্রদানে ব্যাংকটির বাধ্যবাধকতা রয়েছে।

২.১৩ঃ শক্তিশালী ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি (উচ্চ ও নিম্ন ঋণ ঝুঁকির ক্ষেত্রে)

প্রতিটি ব্যাংকের ঋণ নীতি থাকলেও প্রকৃতপক্ষে একটি গুণগত মান সম্পন্ন ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিও থাকা প্রয়োজন যা ঋণ ঝুঁকি নিয়ন্ত্রণে সহায়ক হবে। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতির বর্ধিত সংস্করণে ঋণ নীতির প্রতিটি বিষয় বিশদ বিবরণসহ উল্লেখ থাকবে। ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি বছর ভিত্তিক পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে হালনাগাদ করতে হবে।

১. ঝুঁকি বহনক্ষমতা বিবরণী (Risk appetite statement)

এই বিবরণীর মাধ্যমে একটি ব্যাংক তার সকল কার্যক্রমে কি পরিমাণ ঝুঁকি বহন করবে বা কি পরিমাণ ঝুঁকি বহন করতে ইচ্ছুক এবং ঝুঁকি বহন করার ফলে ব্যাংকের সামগ্রিক কর্মকাণ্ডের উপর কি কি প্রভাব পড়বে তা আমানতকারী, ঋণগ্রহীতা, স্টেক হোল্ডার, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহজে অনুমান করতে পারে।

একটি শক্তিশালী ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি সঠিক ঝুঁকি বহনক্ষমতা বিবরণী (Risk appetite statement) দিয়ে শুরু হয়। ঝুঁকি বহনক্ষমতা বিবরণী অবশ্যই পরিচালনা পর্ষদ সভা কর্তৃক অনুমোদিত হতে হবে ও তা ঋণ নীতিতে অঙ্গভুক্ত করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করতে হবে। এই বিবরণীটি অবশ্যই গুণগত এবং পরিমাণগত উভয় মাধ্যমে প্রকাশ করতে হবে এবং এক্ষেত্রে সকল শর্তসমূহ, লেনদেন ও ফলাফল বিবেচনায় আনতে হবে। এই বিবরণীটিতে ব্যাংকের মুনাফা, মূলধন ও তারল্যের উপর সম্ভাব্য প্রভাব সমূহ বিবৃত হবে এবং তা অবশ্যই ব্যাংকের কৌশলগত এবং ব্যবসায়িক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। ঋণ ঝুঁকি বহন করার ক্ষেত্রে এই বিবরণীটির মাধ্যমে ব্যাংকের অফ ব্যালেন্স শীট আইটেমসহ (Letter of credit and Guarantee) সকল খাতের ঋণ পণ্যের Stress Testing মাধ্যমে সর্বাধিক ক্ষতির পরিমাণ নির্ণয় করা হয়। ব্যাংকের সর্বনিম্ন প্রত্যাশিত ক্ষতির পরিমাণ নিশ্চিত করতে হবে যাতে ব্যাংক নিম্ন ঋণ ঝুঁকি গ্রহণ করে নিম্ন আয় নিশ্চিত করতে পারে।

(ক) Risk appetite statement এ নিম্নোক্ত বিষয় বস্তু অবশ্যই অঙ্গভুক্ত থাকতে হবে, তবে এগুলোতেই সীমাবদ্ধ থাকা যাবে নাঃ-

১. শিল্প ভিত্তিক খাতে ঋণ কেন্দ্রীভূতকরণ।
২. পণ্য ভিত্তিক ফান্ডেড ঋণে কেন্দ্রীভূতকরণ (এক্ষেত্রে মেয়াদী ঋণ, মধ্যমেয়াদী ঋণ, চাহিদা ঋণ ও চলমান ঋণের সংমিশ্রণ হবে)।
৩. পণ্য ভিত্তিক নন ফান্ডেড ঋণে কেন্দ্রীভূতকরণ (এক্ষেত্রে ব্যাংক গ্যারেন্টি, স্বীকৃতিপত্র ইত্যাদির সংমিশ্রণ হবে)।
৪. এলাকা/ভৌগোলিক ভিত্তিক, বৈদেশিক মুদ্রা ভিত্তিক এবং মেয়াদকাল/পরিপক্বতার ভিত্তিক ঋণ কেন্দ্রীভূতকরণ।
৫. ব্যবসার সেগমেন্ট ভিত্তিক কেন্দ্রীভূতকরণ (কর্পোরেট, এস এম ই, রিটেইল, মাইক্রো ক্রেডিট, কার্ড ইত্যাদি)।
৬. অভ্যন্তরীণ/বহিরাগত ক্রেডিট রেটিং ভিত্তিক ঋণ গ্রহীতাদের কেন্দ্রীভূতকরণ।
৭. পরিবেশগত এবং সামাজিক মর্যাদার কারণে হাই রেটেড ঋণ গ্রহীতা সর্বোচ্চকরণ।
৮. ঋণ পোর্টফলিও এর শ্রেণীকৃত হারের ভিত্তিতে কেন্দ্রীভূতকরণ।

(খ) ঋণের প্রকারভেদ, ঋণ গ্রহীতার প্রকারভেদ, রেটিং গ্রেড এবং শিল্প বা অর্থনৈতিক খাতের উপর সীমা নির্ধারণঃ

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট পোর্টফলিওর সম্ভাব্য সকল খাত/উপখাতের কেন্দ্রীকরণের সীমা নির্ধারণ করা ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার একটি অপরিহার্য কাজ। এক্ষেত্রে সর্বপ্রথম কাজ হলো ব্যাংকের সম্পূর্ণ ঋণ পোর্টফলিওকে নিম্নোক্ত খাত/ উপখাতে ভাগ করাঃ-

১. কৃষি, মৎস্য ও বনায়ন।
২. শিল্পখাতঃ
৩. শিল্প ঋণের প্রকৃতিঃ
 - ক. মেয়াদী ঋণ;
 - খ. চলতি মূলধন ঋণ;
 - i. যোগ্য জামানত দ্বারা সুরক্ষিত ঋণ;
 - ii. যোগ্য জামানত ছাড়া অন্যান্য সুরক্ষিত ঋণ;
 - গ. শিল্প ঋণ পোর্টফলিওর প্রকারভেদঃ
 - i. বৃহৎ শিল্প;
 - ii. ছোট, মাঝারি, কুটির ও মাইক্রো শিল্প;
 - iii. সেবা শিল্প;
৪. ব্যবসায়িক ঋণঃ
 - ক. খুচরা ট্রেডিং;
 - খ. পাইকারি ট্রেডিং;
 - গ. রপ্তানি বাণিজ্য;
 - ঘ. আমদানি বাণিজ্য;
 - ঙ. লিজ ফাইন্যান্স;
 - চ. অন্যান্যঃ
 - i. যোগ্য জামানত দ্বারা সুরক্ষিত ঋণ;
 - ii. যোগ্য জামানত ছাড়া অন্যান্য সুরক্ষিত ঋণ।
৫. নির্মাণ শিল্প (বাণিজ্যিক, রিয়েল স্টেট, নির্মাণ এবং ভূমি উন্নয়ন ঋণ) :
 - ক. আবাসিক রিয়েল স্টেট;
 - খ. বাণিজ্যিক রিয়েল স্টেট;
 - গ. অবকাঠামো উন্নয়ন;
 - ঘ. অন্যান্যঃ
 - i. যোগ্য জামানত দ্বারা সুরক্ষিত ঋণ;
 - ii. যোগ্য জামানত ছাড়া অন্যান্য সুরক্ষিত ঋণ।
৬. পরিবহণ :
 - ক. সড়ক পরিবহণ;
 - খ. নৌ পরিবহণ;
 - গ. বিমান পরিবহণ।
৭. কনজুমার (ভোক্তা) অর্থায়ন :
 - ক. ফ্ল্যাট বা অন্য একক পরিবার বসবাসকারীদের বাড়ি কেনার জন্য ঋণ;
 - খ. ব্যক্তিগত মোটর চালিত পরিবহণ কেনার জন্য ঋণ;
 - গ. টেকসই ভোগ্যপণ্য কেনার জন্য ঋণ;
 - ঘ. ক্রেডিট কার্ডের বিপরীতে ঋণ;
 - ঙ. অন্যান্য ব্যক্তিগত ঋণ।
৮. আর্থিক প্রতিষ্ঠানে ঋণ প্রদান :
 - ক. ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানকে ঋণ প্রদান;
 - খ. বীমা কোম্পানীকে ঋণ প্রদান;
 - গ. মার্চেন্ট ব্যাংক এবং ব্রোকারেজ হাউজকে ঋণ প্রদান;
 - ঘ. মাইক্রো ফিন্যান্স (ক্ষুদ্র ঋণ প্রদানকারী) প্রতিষ্ঠানসহ এনজিও এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানকে ঋণ প্রদান।
৯. বিবিধ।

উপর্যুক্ত শ্রেণীবদ্ধকরণে দেখা যায় ব্যাংকের ঋণ সমূহকে মোট ৩২ টি পৃথক বিভাগে বিভক্ত করা হয়েছে। কেন্দ্রীকরণের সীমা, tier-1 মূলধন সংরক্ষণের পরিপ্রেক্ষিতে উপর্যুক্ত সকল খাত/উপখাতকে সর্বনিম্ন পরিমাণে বিভক্ত করা উচিত এবং তা থেকে উপরের দিকে ঘূর্ণায়মান হয়ে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাবে।

উপরল্লিখিত ২ নং ক্রমিকে বর্ণিত শিল্প ঋণকে ভিন্ন ভাবেও বিভক্ত করা যায়। এন্টারপ্রাইজ ও ঋণ ভিত্তিক ভাগ না করে দেশের অর্থনৈতিক খাতের উপর মনযোগ নিবদ্ধ করে শিল্প ঋণকে নিম্নোক্ত অগ্রাধিকারের ভিত্তিতে ভাগ করা যেতে পারে :

- ক. তৈরি পোশাক শিল্প
- খ. বস্ত্র শিল্প
- গ. খাদ্য ও আনুষঙ্গিক শিল্প
- ঘ. ঔষধ শিল্প
- ঙ. রাসায়নিক সার
- চ. সিমেন্ট ও সিরামিক শিল্প
- ছ. জাহাজ নির্মাণ শিল্প
- জ. জাহাজ ভাঙ্গা শিল্প
- ঝ. বিদ্যুৎ ও গ্যাস
- ঞ. অন্যান্য উৎপাদনকারী বা নির্যাস শিল্প
- ট. পরিসেবা শিল্প
- ঠ. অন্যান্য

২.১৪ঃ সময় ভিত্তিক ঋণের প্রকারভেদ

কোন ঋণের অর্থ বিনিয়োগের সময় হতে উৎপাদন শুরু পর্যন্ত সময় এবং উক্ত বিনিয়োজিত অর্থ হতে অতিরিক্ত আয়ের পরিমাণের উপর ভিত্তি করে ব্যাংক ঋণকে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি হিসাবে ভাগ করা হয়।

- ক. স্বল্প মেয়াদি ঋণঃ সাধারণত শস্য উৎপাদন, কৃষিজাত পণ্য, মৎস্য চাষ, গরু মোটাজাকরণ, আর্থসামাজিক কর্মকান্ড বিপণন এবং অন্যান্য উৎপাদনমুখী কার্যকলাপের জন্য দেয়া হয়ে থাকে। এ ঋণ সর্বোচ্চ ১৮ মাসের মধ্যে পরিশোধযোগ্য।
- খ. মধ্যম মেয়াদি ঋণঃ সাধারণত ফল ও ফুলের চাষ, মৎস্য চাষ, প্রাণী সম্পদ, সেচ ও কৃষি যন্ত্রপাতি, গ্রামীণ পরিবহন, মাঝারী ধরনের প্রকল্প ইত্যাদির জন্য মধ্যম মেয়াদী ঋণ দেয়া হয়ে থাকে। এ ঋণ ১৮ মাসের উর্ধ্বে কিন্তু ৫ বৎসরের মধ্যে পরিশোধ করতে হয়।
- গ. দীর্ঘ মেয়াদি ঋণঃ সাধারণত উদ্যান উন্নয়ন, কৃষি ভিত্তিক শিল্প, কৃষি জাত খামার, রপ্তানিযোগ্য দ্রব্যাদি উৎপাদন, চা বাগান উন্নয়ন, রাবার চাষ, ইত্যাদির জন্য দীর্ঘ মেয়াদি ঋণ দেয়া হয়ে থাকে। এ ঋণের ব্যবহার হতে আর্থিক ফল পেতে সাধারণতঃ বেশি সময়ের প্রয়োজন হয়। এ ঋণ পরিশোধের সময়সীমা ৫ বৎসরের উর্ধ্বে নির্ধারণ করা হয় যা সাধারণতঃ প্রকল্পের আয় এবং গেট্টেশন সময়ের উপর ভিত্তি করে স্থির করা হয়।

ঋণগ্রহীতাদের প্রকৃতি, ঋণের প্রকৃতি এবং শিল্প ঋণের সেক্টর ভিত্তিক বিভক্তিকরণ তথ্যকে একত্রিত করে সকল প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। আর্থিক স্থিতিশীলতা বজায় রাখার জন্য বিগত কয়েক বছরের তথ্য সন্নিবেশিত করে উপস্থাপন করতে হবে।

২.১৫ঃ অগ্রাধিকার প্রাপ্ত খাত

খাদ্য নিরাপত্তা ও পুষ্টি নিশ্চিতকরণের লক্ষ্যে শস্যঋণ বিতরণ ব্যাংকের সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত খাত। বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচি অনুযায়ী মোট কৃষি ও পল্লী ঋণ বিতরণের ৬০% শস্য/ফসল খাতে বিতরণের নির্দেশনা রয়েছে। উক্ত কর্মসূচিতে আমদানি বিকল্প শস্য/ফসল ও অন্যান্য শস্য খাতের তালিকাসহ নর্মস/নিয়মাচার, ঋণ বিতরণ ও আদায়/পরিশোধসূচি অনুসরণ করতে হবে। শস্য বহুমুখীকরণের আওতায় উচ্চমূল্য ফসল, বীজ উৎপাদন, টিস্যুকালচার, পাট চাষ, জলবায়ু পরিবর্তন ফসল, রেশম, তুলা, পান, মধু, মাশরুম চাষ, নার্সারি স্থাপন, উদ্যানভিত্তিক ফসল, মশলা জাতীয় ফসল, সবজি চাষ,

ফুলচাষ ইত্যাদি খাতে ব্যাংক অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়ন করবে। বাৎসরিক ঋণদান কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে প্রতিটি কর্মসূচির আওতায় প্রতিটি শস্য ঋণ বিতরণের পরিমাণ নির্ধারণ করতে হবে।

২.১৬ঃ নিরুৎসাহিত খাত (Discouraged Business Types)

নিম্নলিখিত খাতসমূহে ব্যাংকের ঋণ প্রদান নিরুৎসাহিত করা হয়েছেঃ-

- সামরিক সাজ-সরঞ্জাম;
- উচ্চ দায় সম্পন্ন ঋণ (Highly Leveraged);
- ফটকা (Speculative) বিনিয়োগ;
- লগিং (Logging), খনিজ সম্পদ আহরণ সম্পর্কিত কার্যক্রম, নৈতিকতা ও পরিবেশের ক্ষতিকারক কার্যক্রম;
- সিআইবি (CIB) তে বিরূপ মন্তব্যের ঋণ গ্রহীতা ও খেলাপী ঋণ গ্রহীতা;
- জাতিসংঘ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপিত দেশ;
- শেয়ারের বিপরীতে ঋণ;
- ঋণ গ্রহীতার ইকুইটিতে অংশগ্রহণের জন্য ঋণ;
- হোল্ডি কোম্পানি;
- ঋণ গ্রহণ করে পরিশোধ করবে এমন কোম্পানিতে ব্রিজ ফাইন্যান্সিং;
- তাছাড়া MOU অনুযায়ী Saturated sector সমূহ।

২.১৭ঃ Credit Risk Grading System

Credit Risk Grading এর সংজ্ঞা : Credit Risk Grading (CRG) - is a collective definition based on the pre-specified scale and reflects the underlying credit-risk for a given exposure. - deploys a number/alphabet/symbol as a primary summary indicator of risks associated with a credit exposure. - is the basic module for developing a Credit Risk Management System.

বাংলাদেশ ব্যাংক প্রদত্ত CRGM অনুযায়ী Risk Grading কার্য সম্পাদনের জন্য যে সাংগঠনিক কাঠামো, ঋণের প্রকার ও ঋণ প্রক্রিয়াকরণ কার্যপ্রণালী দেয়া হয়েছে তা মূলতঃ কর্পোরেট ব্যাংকিং এর জন্য অধিকতর প্রযোজ্য। কিন্তু বাংলাদেশ কৃষি ব্যাংক বাংলাদেশের কৃষি ভিত্তিক অর্থনৈতিক উন্নয়নে নিয়োজিত এবং এ লক্ষ্যে দেশের তৃণমূল পর্যায়ে ক্ষুদ্র ঋণ প্রদানই এই ব্যাংকের মূল লক্ষ্য। এছাড়াও এখনো বিকেবিতে একটি comprehensive IT system গড়ে ওঠে নাই। বিকেবি'র ঋণের সংখ্যাধিক্য, বর্তমানে এই ক্ষেত্রে পর্যাপ্ত প্রশিক্ষিত কর্মকর্তার অভাব, মাঠ পর্যায়ের সকল স্তরে কম্পিউটারের অপ্রতুলতা ইত্যাদির জন্য উক্ত ম্যানুয়েলের সকল দিক ও ফরমেটগুলি আপাততঃ বিকেবি'র জন্য ছবছ কার্যকর করা সম্ভব নয়। এমতাবস্থায়, কার্যপদ্ধতির বিভিন্ণতা ও সাংগঠনিক কাঠামোর বিশালতার কারণে প্রদত্ত CRGM পরিপালনের ক্ষেত্রে মূল লক্ষ্য ও আদর্শ ঠিক রেখে ম্যানুয়েল বাস্তবায়ন কার্যক্রমের অবয়ব বিকেবি'র সাথে সামঞ্জস্যবিধান করে তা বাস্তবায়নের পদক্ষেপ গৃহীত হয়েছে। বিকেবি'র জন্য লাগসই CRG ম্যানুয়েল তৈরি ও বাস্তবায়নের লক্ষ্যনীয় দিকগুলি হলোঃ

১. Consumer financing, Small enterprise financing, short-term Agricultural and micro credit এর বেলায় এই CRG ম্যানুয়েল প্রযোজ্য নয়।
২. ০১/০৭/২০০৬ তারিখ হতে ৫.০০ লক্ষ ও তদুর্ধ্ব (Small enterprise ব্যতীত) সকল প্রকল্প ঋণ এবং সিসি ঋণাংকের জন্য এই ম্যানুয়েল কার্যকর হবে।
৩. মাঠ কার্যালয় ও প্রধান কার্যালয় হতে মঞ্জুরি প্রাপ্ত ঋণের ক্ষেত্রে Pre-Sanction, Post-Sanction Stage উভয় প্রকার Grading ব্যবস্থা চালু থাকবে।
৪. CRGM জারীর সাথে সাথে LRA বাতিল বলে গণ্য হবে।
৫. ঋণ আবেদন প্রক্রিয়াকারী কার্যালয়ের (Appraisal Officer/ঋণ নথি উপস্থাপনকারী কর্মকর্তা) সংশ্লিষ্ট কর্মকর্তা প্রযোজ্য ফরমেটগুলি পূরণের মাধ্যমে CRG সম্পন্ন করবে যা উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক পরীক্ষিত ও সঠিক বলে প্রত্যায়িত হবে।
৬. CRG করা ঋণ আবেদনগুলি পরবর্তী সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট কার্যালয়ের Credit

Committee এর সভায় পেশ করা হবে।

৭. যেহেতু ৫.০০ লক্ষ টাকার উর্ধে সকল প্রকল্প ঋণ ও সিসি ঋণের CRG করা হবে সেহেতু প্রয়োজনীয় সকল কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এই বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য দ্রুততম সময়ের মধ্যে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৮. CRGM বাস্তবায়ন পূর্বক বাংলাদেশ ব্যাংককে Compliance Report প্রেরণ করা হবে।

২.১৮ঃ ঋণের ঝুঁকির মাত্রায়ন (Risk Grading)

বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ১১, ২০০৫ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৮ এর নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক প্রণীত Credit Risk Grading Manual এর দিক নির্দেশনা অনুযায়ী ব্যাংকের প্রকল্প বাস্তবায়ন বিভাগের জুলাই ২, ২০০৬ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০০৬ এর মাধ্যমে ক্রেডিট রিস্ক গ্রেডিং ম্যানুয়েল-২০০৬ প্রবর্তন করা হয়। উক্ত ম্যানুয়েলটি জুলাই ২, ২০০৬ তারিখ হতে Consumer Financing, Small Enterprise, Short Term Agricultural Credit এবং Micro Credit ব্যতীত ৫.০০ লক্ষ ও তদুর্ধ্ব সকল প্রকল্প ও চলতি মূলধন/নগদ ঋণের ক্ষেত্রে কার্যকর করা হয়েছে। ঋণ আবেদন গ্রহণকারী কার্যালয়ের সকল ঋণ নথি উপস্থাপনকারী/ মূল্যায়ন কর্মকর্তা (Appraisal Officer) উক্ত ম্যানুয়েলের প্রযোজ্য ফরমেটগুলো পূরণের মাধ্যমে CRG নির্ণয় করবে যা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক পরীক্ষিত ও সঠিক বলে প্রত্যায়িত হবে। CRG করা ঋণ আবেদনগুলি পরবর্তী সিদ্ধান্তে জন্ম সংশ্লিষ্ট কার্যালয়ের প্রযোজ্য ক্ষেত্রে ক্রেডিট কমিটির সভায় পেশ করতে হবে। ঋণের ঝুঁকি সমূহকে ৮ টি স্কেলে শ্রেণীবিন্যাসিত করা হয়েছে যা নিম্নরূপ :

ক্রমিক নং	গ্রেড	ঝুঁকির শ্রেণী
১	উত্তম (Superior)	Low Risk
২	ভাল (Good)	Satisfactory Risk
৩	গ্রহণযোগ্য (Acceptable)	Fair Risk
৪	প্রান্তিক (Marginal)	Watch List
৫	বিশেষ সতর্কতা (Special Mention)	Management Risk
৬	নিম্নমান (Sub-Standard)	High Financial Risk
৭	সন্দেহজনক (Doubtful)	Near to Bad and Loss
৮	ক্ষতি (Bad)	Loss

----- BANK

CREDIT RISK GRADING (CRG) SCORE SHEET

Date:

Borrower:		Aggregate Score: _____
Group Name (if any):		
Branch:		Risk Grading: _____
Industry/Sector:		
Date of Financials:		
Completed by:		
Approved by:		

Number	Grading	Short	Score
1	Superior	SUP	Fully cash secured, secured by Government/International Bank Guarantee
2	Good	GD	85+
3	Acceptable	ACCPT	75-84
4	Marginal/Watchlist	MG/WL	65-74
5	Special Mention	SM	55-64
6	Substandard	SS	45-54
7	Doubtful	DF	35-44
8	Bad & Loss	BL	<35

Criteria	Weight	Parameter	Score	Actual Parameter	Score Obtained
A. Financial Risk	50%				
1. Leverage: (15%)		▪ Less than 0.25×	15		
		▪ 0.26× to 0.35 x	14		
Debt Equity Ratio (×) - Times		▪ 0.36× to 0.50 x	13		
Total Liabilities to Tangible Net worth		▪ 0.51× to 0.75 x	12		
		▪ 0.76× to 1.25 x	11		
		▪ 1.26× to 2.00 x	10		
All calculations should be based on annual financial statements of the borrower (audited preferred).		▪ 2.01× to 2.50 x	8		
		▪ 2.51× to 2.75 x	7		
		▪ More than 2.75×	0		
2. Liquidity: (15%)		▪ Greater than 2.74×	15		
		▪ 2.50× to 2.74 x	14		
Current Ratio (×) - Times		▪ 2.00× to 2.49 x	13		
Current Assets to Current Liabilities		▪ 1.50× to 1.99 x	12		
		▪ 1.10× to 1.49 x	11		
		▪ 0.90× to 1.09 x	10		
		▪ 0.80× to 0.89 x	8		
		▪ 0.70× to 0.79 x	7		
		▪ Less than 0.70×	0		
3. Profitability: (15%)		▪ Greater than 25%	15		
Operating Profit Margin (%)		▪ 20% to 24%	14		
		▪ 15% to 19%	13		
Operating Profit		▪ 10% to 14%	12		
$\frac{\text{Operating Profit}}{\text{Sales}} \times 100$		▪ 7% to 9%	10		
		▪ 4% to 6%	9		
		▪ 1% to 3%	7		
		▪ Less than 1%	0		

4. Coverage: (5%) Interest Coverage Ratio (×)- Times	<ul style="list-style-type: none"> More than 2.00× More than 1.51× Less than 2.00× More than 1.25× Less than 1.50× More than 1.00× Less than 1.24× Less than 1.00× 	5 4 3 2 0		
Earning Before Interest & Tax (EBIT) Interest on debt				
Total Score-Financial Risk		50		

Criteria	Weight	Parameter	Score	Actual Parameter	Score Obtained
B. Business/Industry Risk	18%				
1. Size of Business (Sales in BDT crore)		<ul style="list-style-type: none"> > 60.00 30.00 – 59.99 10.00 – 29.99 5.00 - 9.99 2.50 - 4.99 < 2.50 	5 4 3 2 1 0		
The size of the borrower's business measured by the most recent year's total sales. Preferably based on audited financial statements					
2. Age of Business		<ul style="list-style-type: none"> > 10 years > 5 - 10 years 2 - 5 years < 2 years 	3 2 1 0		
The number of years the borrower has been engaged in the primary line of business.					
3. Business Outlook		<ul style="list-style-type: none"> Favorable Stable Slightly Uncertain Cause for Concern 	3 2 1 0		
A critical assessment of the medium term prospects of the borrower, taking into account the industry, market share and economic factors.					
4. Industry Growth		<ul style="list-style-type: none"> Strong (10%+) Good (>5% - 10%) Moderate (1% - 5%) No Growth (<1%) 	3 2 1 0		
5. Market Competition		<ul style="list-style-type: none"> Dominant Player Moderately Competitive Highly Competitive 	2 1 0		
6. Entry/Exit Barriers		<ul style="list-style-type: none"> Difficult Average Easy 	2 1 0		
Total Score-Business/Industry Risk			18		

Criteria	Weight	Parameter	Score	Actual Parameter	Score Obtained
C. Management Risk					
1. Experience (Management & Management Team) The quality of management based on the aggregate number of years that the Senior Management Team has been in the industry.		<ul style="list-style-type: none"> More than 10 years in the related line of business 5–10 years in the related line of business 1–5 years in the related line of business No experience 	5 3 2 0		
2. Second Line/ Succession		<ul style="list-style-type: none"> Ready Succession Succession within 1-2 years Succession within 2-3 years Succession in question 	4 3 2 0		
3. Team Work		<ul style="list-style-type: none"> Very Good Moderate Poor Regular Conflict 	3 2 1 0		
Total Score-Management Risk			12		

Criteria	Weight	Parameter	Score	Actual Parameter	Score Obtained
D. Security Risk	10%				
1. Security Coverage (Primary)		<ul style="list-style-type: none"> Fully pledged facilities/ substantially cash covered/Reg. Mortg. for HBL Registered Hypothecation (1st charge/1st Pari passu charge) 2nd Charge/Inferior charge Simple hypothecation/negative lien on assets. No security 	4 3 2 1 0		
2. Collateral Coverage (Property Location)		<ul style="list-style-type: none"> Registered Mortgage on Municipal Corporation/Prime area property. Registered Mortgage on Pourashava/semi-urban area property Equitable Mortgage or No property but plant & machinery as collateral Negative lien on collateral No collateral 	4 3 2 1 0		
3. Support (Guarantee)		<ul style="list-style-type: none"> Personal guarantee with high net worth or Strong Corporate Guarantee Personal Guarantees or Corporate Guarantee with average financial strength No Support/Guarantee 	2 1 0		
Total Score- Security Risk			10		

Criteria	Weight	Parameter	Score	Actual Parameter	Score Obtained
E. Relationship Risk	10%				
1. Account Conduct		<ul style="list-style-type: none"> More than 3 (three) years accounts with faultless record Less than 3 (three) years accounts with faultless record Accounts having satisfactory dealings with some late payments Frequent Past dues & Irregular dealings in account 	5 4 2 0		
2. Utilization of Limit (actual/projection)		<ul style="list-style-type: none"> More than 60% 40% - 60% Less than 40% 	2 1 0		
3. Compliance of Covenants / Conditions		<ul style="list-style-type: none"> Full Compliance Some Non-Compliance No Compliance 	2 1 0		
4. Personal Deposits		<ul style="list-style-type: none"> Personal accounts of the key business Sponsors/ Principals are maintained in the bank, with significant deposits No depository relationship 	1 0		
Total Score-Relationship Risk			10		
Grand Total- All Risk			100		

CRG Score Sheet পূরণের জন্য কতিপয় নির্দেশনা

ঃ

ঝুঁকির স্ভ্র অনুযায়ী প্রত্যেক ঋণ কেসের নিম্নলিখিতভাবে পুনঃ পরীক্ষা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক. Financial Risk এ ক্ষেত্রে ঋণ গ্রহীতার ব্যবসায়ের নিরীক্ষিত স্থিতিপত্রের প্রয়োজন। কোম্পানির ক্ষেত্রে নিরীক্ষিত স্থিতিপত্র পাওয়া যায়। ব্যক্তি বিশেষ বা কোন ব্যবসা প্রতিষ্ঠানের বেলায়ও অনেক সময় স্থিতিপত্র পাওয়া যায়। যে ক্ষেত্রে নিরীক্ষিত স্থিতিপত্র পাওয়া যায় না, সে ক্ষেত্রে ব্যবসায়ের বাস্তব ভিত্তিক তথ্যের আলোকে স্থিতিপত্র তৈরি করে নিতে হবে। সম্পূর্ণ নতুন ঋণ প্রস্তাবের ক্ষেত্রে ১ম বছরে Projection এর উপর ভিত্তি করে তৈরি করতে হবে।

১. Leverage এর অর্থ হচ্ছে কোম্পানি, ব্যবসা প্রতিষ্ঠান বা ব্যবসায়ীর ঋণের উপর নির্ভরতা। অর্থাৎ একটা ব্যবসা প্রতিষ্ঠানে মোট বিনিয়োগিত মূলধনের বা সম্পদের মধ্যে কতটুকু নিজ উৎসের এবং কতটুকু ঋণের উপর নির্ভরশীল। এটা Debt-Equity Ratio এর মাধ্যমেও প্রকাশ করা যায়। অন্যভাবে, মোট দায় এবং মোট নীট (Tangible) সম্পদের অনুপাত হচ্ছে Debt-equity Ratio মোট দায় নির্ণয় করতে হলে চলতি দায়ের মধ্যে স্বল্প মেয়াদী ব্যাংক ঋণ, বিবিধ পাওনাদার, প্রদেয় বকেয়া খরচাবলি অগ্রিম আয় সম্পদ এবং দীর্ঘ মেয়াদী দায়সমূহের মধ্যে মেয়াদী ঋণ, সঞ্চিতি তহবিল ইত্যাদি যোগ করতে হয়। নীট সম্পদের মধ্যে কোম্পানির বেলায় Paid up Capital, ডাইরেক্টরদের ঋণ, Retained Earning, রিজার্ভ ইত্যাদি অন্তর্ভুক্ত। চলতি মূলধনের বেলায় মার্জিন বিবেচনা করতে হবে। উদাহরণস্বরূপ ৩০% মার্জিনের বেলায় লিভারেজ হবে $\frac{৭০}{৩০}$ বা ২.৩৩ এবং স্কোর হবে ৮। Debt Equity Ratio ২৫ এর

নীচে হলে leverage এর স্কোর হবে ১৫ এবং ২.৭৫ এর বেশী হলে স্কোর হবে শূন্য।

২. Liquidity এটা হচ্ছে Current Ratio। এটা নির্ণয় করতে হলে চলতি সম্পদকে চলতি দায় দিয়ে ভাগ করে নির্ণয় করতে হবে। চলতি সম্পদের মধ্যে নগদ ও ব্যাংক জমা, এল সি মার্জিন, বিনিয়োগ, সমাপনী মজুদ, দেনাদারবৃন্দ, ইনভেন্টরী ইত্যাদি এবং চলতি দায়ের

মধ্যে স্বল্প মেয়াদী ব্যাংক ঋণ, মেয়াদী ঋণের চলতি অংশ, বিবিধ পাওনাদার, প্রদেয় বিল, বকেয়া খরচাবলি, অগ্রিম প্রদান, প্রদেয় ডিভিডেন্ট ইত্যাদি অন্তর্ভুক্ত হবে। Current Ratio ২.৭৪ এর বেশি হলে Liquidity এর স্কোর হবে ১৫ এবং ০.৭০ এর কম হলে স্কোর শূন্য।

৩. Profitability এটা হচ্ছে Operating Profit margin, এটা নির্ণয়ের সূত্র হচ্ছে
$$\frac{\text{Operating Profit}}{\text{Sales}} \times 100$$
 প্রতিষ্ঠানের মোট লাভ (Gross profit) হতে অপারেটিং খরচ (অফিস, ব্যবস্থাপনা ও প্রশাসনিক খরচ, বিক্রয় ও বিতরণ খরচ) বাদ দিলে অপারেটিং মুনাফা পাওয়া যায়। বিক্রয় (Sales) বলতে Total Sales Revenue কে বুঝায়। মোট বিক্রয়লাভ হতে বিক্রয় ফেরত, বাট্টা বা ভ্যাট বাদ দিতে হবে। Operating Profit Margin ২৫% এর বেশি হলে Profitability স্কোর ১৫ এবং ১% এর নিচে হলে স্কোর শূন্য।
৪. Coverage: Coverage বলতে Interest coverage ratio বুঝায়। অর্থাৎ একটি ব্যবসা প্রতিষ্ঠানের কার্যক্রমে অর্জিত আয় এবং গৃহীত ঋণের সুদের অনুপাতই হচ্ছে Coverage. সোজা কথায় একটি ব্যবসা প্রতিষ্ঠানের কর ও সুদ পূর্ব আয়ের মাধ্যমে গৃহীত ঋণের সুদ পরিশোধের ক্ষমতার মাত্রা হচ্ছে Coverage. সূত্রটি হচ্ছে
$$\frac{\text{Earning before Interest \& Tax}}{\text{Interest on debt}}$$
, Interest coverage Ratio ২ এর বেশি হলে স্কোর ৫ এবং ১ এর নিচে হলে স্কোর শূন্য।

Financial Risk এর সর্বোচ্চ স্কোর হচ্ছে ৫০।

খ. Business/Industrial Risk :

১. Size of Business এটা হচ্ছে ব্যবসা প্রতিষ্ঠানের আকার। সাধারণতঃ বাংলাদেশী টাকায় সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান/শিল্পে একটি আর্থিক বৎসরে মোট বিক্রয় আয়ের পরিমাণের উপর নির্ভর করে স্কোর প্রদান করা হয়। সাধারণতঃ নিরীক্ষিত স্থিতিপত্র হতে মোট বিক্রয় আয় নির্ণয় করা হয়। ব্যক্তি বিশেষ ব্যবসা প্রতিষ্ঠানে যেখানে এ ধরনের নিরীক্ষিত স্থিতিপত্র থাকে না সেখানে ব্যবসা প্রতিষ্ঠানের ত্রয়-বিক্রয়ের খাতা-পত্রে উল্লেখিত বাস্‌ড্‌ভ ভিত্তিক তথ্যের উপর নির্ভর করে মোট বিক্রয়-আয় নির্ণয় করা হয়। বিক্রয় আয় ৬০.০০ কোটি টাকার বেশি হলে স্কোর ৫ এবং ২.৫০ কোটির কম হলে স্কোর হবে শূন্য। নতুন প্রস্‌ড্‌ভের বেলায় ১ম বছরের Projection এর তথ্য থেকে তৈরি করা হয়।
২. Age of Business এটা হচ্ছে ব্যক্তি/প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ব্যবসায় কত বছর নিয়োজিত রয়েছে তার হিসাব। এ ক্ষেত্রে যে ব্যবসা শুরু করা হয়েছে তার কোন পরিবর্তন না করে ব্যবসায় নিয়োজিত থাকার ব্যাপ্তি। ব্যবসা পরিবর্তন করা হলে পরিবর্তিত অবস্থার ব্যাপ্তি বুঝাবে। ব্যবসার ব্যাপ্তি ১০ বছরের বেশি হলে স্কোর ৩ এবং ২ বছরের কম হলে স্কোর শূন্য হবে।
৩. Business Outlook এটা হচ্ছে একজন ব্যবসায়ী/প্রতিষ্ঠান/একটি শিল্প বা বাজারে বা অর্থনৈতিক কর্মকাণ্ডে কতটুকু অবদান রাখছে তার হিসাব। অন্য কথায় সংশ্লিষ্ট ঋণ প্রার্থী ব্যক্তি বা প্রতিষ্ঠান তার ব্যবসায়িক কর্মকাণ্ডের মাধ্যমে বাজারের কত অংশ তার অবদান রয়েছে তার মূল্যমান প্রকাশ করে। প্রার্থীত ঋণের উদ্দেশ্যটি যদি অর্থনীতিতে যথেষ্ট favourable হয় তবে স্কোর- ৩, Stable হলে ২, কিছুটা অনিশ্চিত হলে ১।
৪. Industry Growth এটা হচ্ছে প্রার্থীত ঋণের উদ্দেশ্যটি একটি দেশের অর্থনৈতিক উন্নতির কত অংশ। এ ক্ষেত্রে রাষ্ট্রীয়ভাবে বা কোন স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক গবেষণালব্ধ ফলাফল প্রয়োজন। যেমন লবন উৎপাদন। এ পণ্যটির সামগ্রিক চাহিদা, সরবরাহ, দেশে বিদ্যমান উৎপাদন ইত্যাদির গবেষণালব্ধ ফলাফল হতে এর Demand-supply gap নির্ণয় করে এর

- প্রয়োজনীয়তা শতকরা হারে নির্ণয় করা। আমাদের দেশে যেহেতু প্রত্যেকটি পণ্যের জন্য স্বীকৃত কোন প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা হয় না সেজন্য প্রকৃত Growth জানা যায় না। বিক্রেতাদের জন্য এ ক্ষেত্রে প্রার্থীত ঋণের মাধ্যমে উৎপাদিত পণ্যের চাহিদা প্রচুর অনুভূত হলে Good অর্থাৎ স্কোর ২ এবং মোটামুটি হলে Moderate অর্থাৎ স্কোর ১ ধরা হয়।
৫. Market Competi-tion এটা হচ্ছে প্রার্থীত ঋণের মাধ্যমে উৎপাদিত/উৎপাদিতব্য পণ্যটির বাজারে কিরূপ প্রতিযোগিতার, দক্ষতা বা প্রভাব রয়েছে তার মাত্রা নির্ণয়। পণ্যটি বাজারে Dominant Player হলে স্কোর ২, Moderate competitive হলে স্কোর ১ এবং Highly competitive হলে স্কোর শূন্য হবে।
৬. Entry/Exit Barriers এটার মাধ্যমে প্রার্থীত ঋণের মাধ্যমে উৎপাদিত/উৎপাদিতব্য পণ্যটি উৎপাদনে বৈরিতা আছে কিনা তা মূল্যায়ন করা হয়। খুব বেশি বৈরিতা থাকলে স্কোর ২, মোটামুটি থাকলে স্কোর ১ এবং কোন বৈরিতা বা বাধা না থাকলে স্কোর শূন্য ধরা হয়।

Business/Industry Risk এর সর্বোচ্চ স্কোর হচ্ছে ১৮।

গ. Management Risk :

১. Experience: এটা হচ্ছে কারবারের ব্যবস্থাপনার দক্ষতা। একটি ব্যবসা প্রতিষ্ঠানের মূল মালিক/উচ্চতর পর্যায়ের মূল ব্যবস্থাপনা দক্ষতার সহিত ব্যবসা প্রতিষ্ঠানটি পরিচালনার অভিজ্ঞতা হিসাব। মূল ব্যবস্থাপনা/উচ্চতর ব্যবস্থাপনা ১০ বছরের অধিক ব্যবসায়ে নিয়োজিত থাকলে স্কোর ৫, ৫-১০ বছরের জন্য স্কোর ৩, ১-৫ বছরের জন্য স্কোর ১, কোন দক্ষতা না থাকলে স্কোর শূন্য।
২. Second Line/Suc-cession: এটা ব্যবসা প্রতিষ্ঠানটির মূল মালিকানা/ব্যবস্থাপনার পরিবর্তনের ধারা বা গতির বিশ্লেষণ করাকে বুঝায়। কোন পরিবর্তন না হলে স্কোর ৪, ব্যবস্থাপনার পরিবর্তন ১-২ বছর হলে স্কোর ৩, ২-৩ বছর হলে ২।
৩. Team Work: দলগত অটুট সম্পৃক্ততার মাধ্যমে ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চলছে কিনা বা ব্যবস্থাপনার কোন ত্রুটি আছে কিনা তা মূল্যায়ন করা হয়। অনেক ক্ষেত্রে দেখা যায় ব্যবস্থাপনার Team Work সুন্দরভাবে চলছে। ব্যবস্থাপনার মধ্যে সংশ্লিষ্ট কর্তা ব্যক্তিদের মধ্যে কোন মতদ্বৈততা নেই। ব্যবস্থাপনার দক্ষতা এরূপ ক্ষেত্রে খুব ভাল হলে স্কোর ৪, মোটামুটি হলে ২, খারাপ হলে ১ এবং ব্যবস্থাপনার গন্ডগোল থাকলে স্কোর শূন্য হবে।

Management Risk এর সর্বোচ্চ স্কোর হচ্ছে ১২।

ঘ. Security Risk :

১. Security coverage (primary) এটা প্রার্থীত ঋণের প্রার্থীত জামানতের প্রকৃতি কিরূপ হবে তার ভিত্তিতে মূল্যায়ন করা হয়। প্রাথমিক জামানত যদি সম্পূর্ণ পণ্য বন্ধকী হয় বা ঋণের বৃহদাংশ কোন নগদ সম্পদ (স্থায়ী আমানত/বন্ড ইত্যাদি) বা Registered Mortgage হয় তবে স্কোর ৪, রেজিস্টার্ড হাইপোথিকেশন হলে (১ম চার্জ/১ম প্যারিপাসু) হলে স্কোর ৩, দ্বিতীয় চার্জ হলে ২, সাধারণ হাইপোথিকেশন হলে ১, কোন জামানত না থাকলে শূন্য।
২. Collateral Coverage: (Property Location) এটা জামানতি সম্পত্তির অবস্থানের মূল্যায়ন করে। পৌর কর্পোরেশন/গুরুত্বপূর্ণ এলাকায় Registered Mortgage হলে স্কোর ৪, পৌরসভা/উপজেলা/উপশহর হলে স্কোর-৩, Equitable Mortgage অথবা কোন জমি না হয়ে যদি Plant and Machinery হয় তবে স্কোর ২ হবে।
৩. Support (Guarantee): জামানতের মধ্যে ব্যক্তিগত গ্যারান্টি, কর্পোরেট গ্যারান্টি থাকে। উচ্চ নীট সম্পদ (High Net Worth) যুক্ত ব্যক্তিগত অথবা কর্পোরেট গ্যারান্টির ক্ষেত্রে স্কোর

হবে-২, মোটামুটি নীট সম্পদযুক্ত গ্যারান্টির ক্ষেত্রে স্কোর হবে-১, কোন গ্যারান্টি না থাকলে স্কোর শূন্য হবে।

Security Risk এর সর্বোচ্চ স্কোর হচ্ছে ১০।

৩. Relationship Risk :

১. Account conduct: এটা হচ্ছে প্রার্থীত ঋণ গ্রহীতার অতীতে গৃহীত ঋণের Performance. পূর্বের ঋণ হিসাব বা এতৎসংক্রান্ত অন্য কোন ব্যাংকিং হিসাবে ঋণ প্রার্থীর লেনদেন সংক্রান্ত অতীত আর্থিক আচরণ, কোন ঋণ হিসাবের পূর্বের ৩ বছর খেলাপী ব্যতিত সম্প্রদায়জনক লেনদেন থাকলে স্কোর ৫, ৩ বছরের কম সময় হলে স্কোর ৪, নির্ধারিত ঋণের অনির্ধারিত/বিলম্বিত সময়ে পরিশোধের মাধ্যমে হিসাব নিয়মিত থাকলে স্কোর-২ এবং মেয়াদোত্তীর্ণ থাকলে বা হিসাব অনিয়মিত থাকলে স্কোর শূন্য হবে।
২. Utilization of limit: (actual/projection) ব্যবসায়ের প্রকৃতি, ব্যবস্থাপনার দক্ষতা, ইত্যাদি উপাদানসমূহের তারতম্যের জন্য অনেক সময় বন্ধকীকৃত ঋণের সীমা পরিপূর্ণভাবে ব্যবহৃত হয় না। ঋণের লিমিট ব্যবহারের মাত্রার উপর এটা নির্ণয় করা হয়। মঞ্জুরীকৃত সীমার ৬০% এর বেশি ব্যবহৃত হলে স্কোর ২, ৪০%-৬০% হলে স্কোর ১, ৪০% এর নিম্নে হলে স্কোর শূন্য ধরা হয়। সম্পূর্ণ নতুন প্রস্তাবের ক্ষেত্রে স্কোর ২ ধরা হয়।
৩. Compliance of covenants/conditions: মঞ্জুরীপত্রে দলিলায়নসহ অন্যান্য সংশ্লিষ্ট শর্তাদি পূরণ করার জন্য বলা হয়। অনেক ঋণ প্রার্থী এ সকল শর্তাদি পুরোপুরি পালন করতে পারেন। শর্তাদি পূরণের যোগ্যতার উপর এটা নির্ভর করে। পরিপূর্ণভাবে পরিপালনের ক্ষেত্রে স্কোর ২, আংশিক পরিপালনের ক্ষেত্রে ১।
৪. Pesonal Deposit: এটা ঋণ প্রার্থী/প্রতিষ্ঠান/কোম্পানির পরিচালকদের ব্যক্তি আমানত হিসাব সম্পর্কিত। পূর্বের থেকেই বা ব্যবসা পরিচালনাকালীন ব্যক্তিগত সঞ্চয়ের পরিমাণের উপর এটার স্কোর নির্ণয় করা হয়। ব্যক্তিগত সঞ্চয় থাকলে স্কোর ১ অন্যথায় শূন্য হয়।

Relationship Score এর সর্বোচ্চ স্কোর হচ্ছে ১০।

২.১৯ঃ একটি পর্যাপ্ত ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার জন্য অন্যান্য প্রয়োজনীয় উপাদান

প্রতিটি ব্যাংকেরই সামগ্রিক ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার অংশ হিসেবে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত একটি ঋণ নীতি থাকতে হবে। এই ঋণ নীতিতে অগ্রাধিকারের ভিত্তিতে ব্যাংকের ব্যবসা উন্নয়নের একটি রূপরেখা থাকা উচিত এবং ঋণের জন্য যেসকল শর্তসমূহ থাকা উচিত তা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে। ঋণ নীতিকে অবশ্যই অভ্যন্তরীণ ও বাহ্যিক অবস্থার পরিবর্তনের সাথে সাথে সামঞ্জস্যপূর্ণ/হালনাগাদ করতে হবে। ঋণ নীতি সফলভাবে বাস্তবায়ন করার জন্য ব্যাংকের সকল স্তরের কর্মকর্তাদের মধ্যে উত্তম যোগাযোগ স্থাপন করে যথাপোযুক্ত পদ্ধতির ব্যবহার করতে হবে। এই ঋণ নীতিটি সকল কর্তৃপক্ষ ও ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অবহিত করতে হবে। ঋণ নীতিতে কোনো বিচ্ছিন্নতা বা ত্রুটি দেখা গেলে তা সাথে সাথে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বা পরিচালনা পর্ষদকে অবহিত করতে হবে ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণ নীতিতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকতেই হবে :

- ক. বিস্তারিত এবং বিধিবদ্ধ ঋণ মূল্যায়ন/মূল্যায়ন পূর্বানুমান প্রক্রিয়া।
- খ. ঋণের উৎপত্তি, প্রশাসন এবং দলিলায়ন পদ্ধতি।
- গ. আনুষ্ঠানিক ঋণ অনুমোদন প্রক্রিয়া।
- ঘ. ঋণ প্রদানের পদ্ধতি অনুযায়ী নির্ধারিত সীমা অতিক্রম না করা এবং অন্যান্য ব্যতিক্রমকে বিবেচনায় রেখে ঋণ বর্ধিতকরণের অনুমোদন।
- ঙ. ঝুঁকি সনাক্তকরণ, পরিমাপ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ।
- চ. বাংলাদেশ ব্যাংকের নীতি ও প্রবিধির সাথে মিল রেখে অভ্যন্তরীণ রেটিং সিস্টেমের প্রতিটি ঝুঁকি থ্রেডের সীমা নির্ধারণ ও পরিপূর্ণ সংজ্ঞায়িতকরণ।
- ছ. ঝুঁকি স্বীকৃতি মানদণ্ড; ব্যতিক্রমধর্মী অনুমোদনসহ সকল ঋণ অনুমোদনের জন্য সকল স্তরে

কর্তৃপক্ষ এবং ঋণ কার্যক্রমের সাথে জড়িত সকল কর্মকর্তাদের দায়িত্ব নির্ধারণ।

- জ. ঋণ বিতরণ ও ব্যবস্থাপনার সাথে জড়িত সকল কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টীকরণ।
- ঝ. জামানতি সম্পত্তির প্রকার, ঋণ গ্রহীতাদের ধরণ এবং ভৌগোলিক অবস্থানের উপর ব্যাংক যে যা আলোকিত করতে পারে তার উপর ভিত্তি করে গ্রহণযোগ্য ও অগ্রহণযোগ্য ঋণের এই জাতীয় সুবিধা প্রদান করা হয়।
- ঞ. সর্বোচ্চ Loan to Value (প্রযোজ্য ক্ষেত্রে) নির্ধারণের ক্ষেত্রে সকল প্রকার ঋণের জন্য সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে।
- ট. একক ব্যক্তি, দল বা সংযুক্ত দলগুলোর গ্রুপ, নির্দিষ্ট শিল্প বা অর্থনৈতিক অঞ্চল, ভৌগোলিক অবস্থান এবং নির্দিষ্ট উৎপাদিত দ্রব্য/পণ্যের উপর ভিত্তি করে কেন্দ্রীকরণ সীমা নির্ধারণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের বিধি নিষেধ বা নির্ধারিত সীমা অতিক্রম না করে ব্যাংককে তার অভ্যন্তরীণ নিজের ঋণ সীমা নির্ধারণ করতে হবে।
- ঠ. ঋণের সুদহার নির্ধারণ প্রক্রিয়ায় ঋণ সমূহ একটি নির্দিষ্ট সুদ হারে (Fixed Rate) বা ভাসমান সুদ হারে (Floating Rate) মঞ্জুর করতে হবে। ভাসমান সুদ হার পরিবর্তনের ক্ষেত্রে সুদের হার পরিবর্তনের হার (ফ্রিকোয়েন্সি) এবং নির্দিষ্ট সময়ে সুদের (রেফারেন্সের) হার ব্যবহার করতে হবে।
- ড. নির্দিষ্ট সময়ে (ফ্রিকোয়েন্সি) এবং নিয়মিতভাবে জামানতি সম্পত্তি যাচাই এবং মূল্য নির্ধারণের জন্য নীতি নির্ধারণ।
- ঢ. সম্ভাব্য ক্ষতি ও অবলোপনের জন্য অনুমোদনকারী ও পুনঃবিবেচনা কারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন।
- ণ. নিয়মিত নিরীক্ষণ ও রিপোর্টিং সিস্টেম এর গাইডলাইন তৈরিকরণ যাতে ঋণ গ্রহীতাদের ফলোআপ এবং ঋণ প্রক্রিয়ার লক্ষ্য অর্জনের সাথে জড়িত সকল নির্দেশিকা ও বিভিন্ন কলা কৌশল (ম্যাকানিজম) নিশ্চিত করা যায়।
- ত. সমস্যাগ্রস্ত ঋণ ব্যবস্থাপনার নির্দেশিকা।
- থ. ঋণ পুনঃ তফসিলিকরণ ও পুনর্গঠন নীতি মালা।
- দ. যথাযথ রিপোর্টিং প্রক্রিয়া নিশ্চিত করা।
- ধ. ব্যতিক্রমের সহনশীলতার স্তর নির্ধারণ।

অধ্যায় ৪-৩

ঋণ ঋঁকি ব্যবস্থাপনার সাংগঠনিক কাঠামো

৩.০১ঃ পরিচালনা পর্ষদের কার্যাবলীঃ

ব্যাংকের ঋণ ঋঁকি ব্যবস্থাপনায় ঋণ মঞ্জুরির মতো পরিচালনা পর্ষদের ও গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ব্যাংকের পরিচালনা পর্ষদের সামগ্রিক দায়িত্ব হলো ঋণ ঋঁকি কৌশল অনুমোদন এবং ঋণ ঋঁকির সাথে সম্পর্কিত নীতিমালা প্রণয়ন ও ব্যবস্থাপনা নিশ্চিতকরণ। এই নীতিমালা/কৌশল সামগ্রিক ব্যবসায়িক কার্যকলাপের উপর ভিত্তি করে নিতে হবে। এই নীতিমালাগুলো সার্বিক কৌশল হিসেবে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়মিত ভাবে পুনঃমূল্যায়ন করতে হবে। ঋণ ঋঁকি ব্যবস্থাপনায় পরিচালনা পর্ষদের দায়িত্ব সমূহের মধ্যে নিম্ন লিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবেঃ-

১. ঋণ ঋঁকি ব্যবস্থাপনায় যথাপোযুক্ত নীতি, পরিকল্পনা ও পদ্ধতি অন্তর্ভুক্ত করতে হবে। ব্যাংকে যথাপোযুক্ত মৌলিক নীতিমালা প্রয়োগের বিষয়টি নিশ্চিত করতে হবে।
২. ঋণ ঋঁকির সাথে সম্পর্ক রেখে ব্যাংকের সামগ্রিক ঋঁকিবহন ক্ষমতাকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করতে হবে।
৩. ঋঁকি ব্যবস্থাপনা কার্যাবলী সম্পাদন করার জন্য দক্ষতা সম্পন্ন এবং ঋঁকি ব্যবস্থাপনা বিষয়ে জ্ঞানসম্পন্ন লোকবল নিয়োগ করতে হবে, যাতে শীর্ষ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের উপর আস্থা রাখতে পারে।
৪. ব্যাংকের গুরুত্বপূর্ণ ঋণ ঋঁকি সমূহকে দূরদর্শী স্কেল (লেভেল) পর্যায় স্তর সংরক্ষণ করতে হবে এবং তা মূলধনের পর্যাপ্ততার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৫. ঋণ পোর্টফলিও এর মান ও ঋণ ক্ষতির জন্য ব্যাংকের বিধান অনুযায়ী পর্যাপ্ত পরিমাণে প্রভিশন রাখার প্রবণতাকে পুনর্বিবেচনা করা।
৬. ব্যাংকের নীতি ও পদ্ধতি ব্যাংকের জন্য পর্যাপ্ত এবং সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা বিশেষ করে ঋণ কার্যক্রমের ক্ষেত্রে তা অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের মাধ্যমে নিশ্চিত করতে পারে।
৭. পুনর্বিবেচনাধীন বিষয়সমূহ অভ্যন্তরীণ ও অন্যান্য সংশ্লিষ্ট পক্ষকে এবং নীতি নির্ধারণের সাথে জড়িত ব্যক্তিদের নিকট প্রকাশ করতে হবে।
৮. ব্যাংকের স্মারকলিপি, ব্যাংকের আইন ও ঋণ ঋঁকি ব্যবস্থাপনার নীতি দ্বারা সীমাবদ্ধ বিশেষভাবে যে সমস্ত ঋণের সিদ্ধান্ত গ্রহণ বোর্ড কর্তৃক অনুমোদিত হয় তা পর্যালোচনা করা।
৯. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মাত্রাতিরিক্ত ঋণগুলোর ব্যবস্থাপনা ও প্রভাব সম্পর্কে সচেতন হতে হবে।
১০. ঋণ ঋঁকির উপর প্রভাবিত ব্যবস্থাপনা রিপোর্টের বিষয়বস্তু ধারাবাহিকভাবে পরিচালনা পর্ষদে উপস্থাপন করতে হবে।

৩.০২ঃ উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূমিকা

উর্ধ্বতন কর্তৃপক্ষের দায়িত্ব হলো বোর্ড কর্তৃক নির্ধারিত কৌশলগত দিক নির্দেশনাগুলো নীতি ও পদ্ধতি আকারে সার্কুলার (রূপান্তর) করে মাঠ কার্যালয়ের মাধ্যমে তা সম্পাদন করা বা বাস্তবায়ন করা। উর্ধ্বতন কর্তৃপক্ষ যে সমস্ত পদ্ধতি গ্রহণ করবেন তা ব্যাংকের প্রচলিত নিয়ম/বিধি/কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ব্যাংকের ঋণ ঋঁকি ব্যবস্থাপনা নীতি ও কৌশল বাস্তবায়ন এবং নিয়ন্ত্রণের জন্য যে পদ্ধতি ব্যবহার করা হচ্ছে তার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ দায়ী থাকবেন। খাত ভিত্তিক ঋণের পরিমাণ (ঋণ পোর্টফলিও) ঋণ ঋঁকি নিয়ন্ত্রণ নীতি সমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ঋণ ঋঁকি ব্যবস্থাপনা বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিম্নলিখিত দায়িত্ব অন্তর্ভুক্ত থাকবে :-

১. ঋণ নীতি ও ঋণ প্রশাসন উন্নত করার জন্য বোর্ডের/পর্ষদের অনুমোদনের প্রক্রিয়াকরণ।
২. একটি কার্যকর ঋণ ঋঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া বাস্তবায়নের জন্য যথার্থভাবে ঋণ ঋঁকি ব্যবস্থাপনা নীতিমালা গ্রহণ করতে হবে।
৩. উপযুক্ত রিপোর্টিং সিস্টেম বাস্তবায়ন সুনিশ্চিত করা এবং তা উন্নয়ন ঘটানো।

৪. ব্যাংকের খাত ভিত্তিক ঋণের পরিমাণ (ঋণ ফোলিও, প্রকৃতি, এলাকা, পরিমাণ ভিত্তিক) গঠন ও তদারকিকরণ এবং নিয়ন্ত্রণ।
৫. খাত ভিত্তিক ঋণের পরিমাণ (ঋণ পোর্টফোলিও) এর মান নিয়ন্ত্রণ এবং ঋণ পোর্টফোলিওটি সম্পূর্ণভাবে বা পুংখানুপুংখভাবে মূল্যায়ন করতে হবে। ঋণ পোর্টফোলিওটি ব্যাংকের নীতির সাথে সম্পূর্ণভাবে বা পুংখানুপুংখভাবে মিল থাকবে এবং ঋণ পোর্টফোলিওটির রক্ষণশীলতা নিশ্চিত করতে হবে। ঋণ পোর্টফোলিওটিতে সম্ভাব্য ক্ষতি মোকাবেলায় পর্যাপ্ত ব্যবস্থা থাকবে।
৬. পর্যাপ্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন এবং জবাবদিহিতা ও কর্তৃত্বের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান।
৭. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার নীতি, পদ্ধতি ও অন্যান্য ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার তথ্য যথাসময়ে ঋণের সাথে সম্পর্কিত সকল কর্মীদেরকে তাৎক্ষণিকভাবে জানানোর জন্য যোগাযোগের মাধ্যম তৈরি করতে হবে।


৩.০৩ : ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির কার্যাবলীঃ

প্রতিটি ব্যাংকের ঋণের সংখ্যা ও পরিমাণের উপর নির্ভর করে একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা উচিত। ঋণ মহা বিভাগের মহাব্যবস্থাপককে সভাপতি করে ঋণ বিভাগ সমূহের উপমহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগের উপমহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের উপমহাব্যবস্থাপক এবং ট্রেজারি বিভাগের উপমহাব্যবস্থাপককে সদস্য করে এই কমিটি গঠন করতে হবে। ক্রেডিট বিভাগ-১ এর উপমহাব্যবস্থাপক এই কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। এই কমিটি পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির কাছে রিপোর্ট করবে। ঋণের ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম এবং সামগ্রিক ঋণের ঝুঁকি দেখাশুনা করার জন্য বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কমিটির কাছে রিপোর্ট করবে। এই কমিটি নিম্নলিখিত কার্যের জন্য দায়ী থাকবে :-

১. বোর্ড কর্তৃক অনুমোদনকৃত ঋণ ঝুঁকির নীতি/কৌশল বাস্তবায়ন।
২. সমগ্র ব্যাংকের ঋণের ঝুঁকি পর্যবেক্ষণ এবং এই ঝুঁকি পর্ষদ কর্তৃক অনুমোদিত সীমার মধ্যে রয়েছে কিনা তা নিশ্চিতকরণ।
৩. ঋণ প্রস্ফুটন, আর্থিক চুক্তি, রেটিং এর আদর্শমান ও মান সর্বোচ্চকরণের জন্য সুস্পষ্ট নীতিমালা পর্ষদের নিকট প্রস্ফুটন করবে এবং অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. ঋণ অনুমোদনের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা নির্ধারণ, বৃহদাংকের ঋণ সীমা নির্ধারণ, ঋণের জামানতি সম্পত্তির মান নির্ধারণ, ঋণ পোর্টফোলিও ব্যবস্থাপনা, ঋণ পর্যালোচনা প্রক্রিয়া, ঝুঁকি কেন্দ্রীভূতকরণ, ঝুঁকি পর্যবেক্ষণ ও মূল্যায়ন, ঋণের সুদ হার নির্ধারণ, প্রতিশোধ, নিয়ন্ত্রণকারী সংস্থা, আইনগত বিষয়ে পরিপালন ইত্যাদি নির্ধারণ করবে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের অর্গানোগ্রাম বলবৎ রেখে ঋণ কার্যক্রমে দায়-দায়িত্বের ভিত্তিতে সাংগঠনিক কাঠামো নিম্নরূপ :-

বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ কার্যক্রমের সাংগঠনিক কাঠামো



অধ্যায়-০৪
গঠন প্রক্রিয়ায় ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা

৪.০১ঃ ঋণ আবেদনকারীর যোগ্যতা

ব্যাংক ঋণ পেতে হলে আবেদনকারীকে নিম্নলিখিত শর্তগুলি অবশ্যই পূরণ করতে হবে।

- ক. বাংলাদেশের নাগরিক হতে হবে;
- খ. একজন পূর্ণ বয়স্ক ব্যক্তি হতে হবে;
- গ. ঋণ ব্যবহারের যোগ্যতাসহ ঋণ পরিশোধের ক্ষমতা থাকতে হবে এবং সেই সংগে অর্থনৈতিক আচার আচরণে সুনামের অধিকারী হতে হবে;
- ঘ. ব্যাংকের কোনো কর্মকর্তা/কর্মচারীকে যথাযথ কর্তৃপক্ষীয় অনুমোদন ব্যতিরেকে ব্যবসায়িক উদ্দেশ্যে ঋণ প্রদান করা যাবে না;
- ঙ. ব্যাংকের অথবা অন্য কোনো ব্যাংকের/উন্নয়ন আর্থিক প্রতিষ্ঠানের কোনো ঋণ খেলাপকারী ব্যাংক ঋণ গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবে না, যদি না কোনো উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অন্যভাবে কোনো শর্ত শিথিল করা হয়;
- চ. কোনো লিমিটেড কোম্পানির বেলায় কোম্পানিকে জয়েন্ট স্টক কোম্পানির রেজিস্ট্রার কর্তৃক অবশ্যই রেজিস্ট্রিকৃত হতে হবে এবং ঋণ গ্রহণের ব্যাপারে কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদন থাকতে হবে;
- ছ. সমবায় সমিতির বেলায় বাংলাদেশ সমবায় সমিতিসমূহের রেজিস্ট্রার কর্তৃক অবশ্যই রেজিস্ট্রিকৃত হতে হবে;
- জ. কোনো বিধিবদ্ধ সংস্থার বেলায় যে কর্মসূচি/প্রকল্পের জন্য ঋণের আবেদন করা হয়েছে উক্ত কর্মসূচি/প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় এবং দক্ষ জনশক্তি থাকতে হবে;
- ঝ. কোনো দেউলিয়া ব্যক্তি ব্যাংক ঋণের জন্য বিবেচিত হবেন না; এবং
- ঞ. কোনো উম্মাদ বা জড় বুদ্ধিসম্পন্ন ব্যক্তি ব্যাংক ঋণের যোগ্য বলে বিবেচিত হবেন না। অন্যান্য ঋণ আবেদনকারীর যোগ্যতা ও উদ্যোক্তা নির্বাচন।

৪.০২ঃ উদ্যোক্তা বাছাই

মন্দ বা খারাপ ঋণের ঝুঁকি এড়ানো ও তহবিলের যথার্থ ব্যবহারের জন্য যথাযথ উদ্যোক্তা বাছাই অপরিহার্য। ঋণ প্রস্তুতাবিবেচনায় উদ্যোক্তা নির্বাচনের বিষয়কে প্রধান্য দেওয়ার জন্য নিম্নে উদ্যোক্তা/ঋণ আবেদনকারীর যোগ্যতা, পরিপালনীয় শর্তাবলি ও উদ্যোক্তা নির্বাচনে করণীয় বিষয় উল্লেখ করা হলো :

- ক. উদ্যোক্তার যোগ্যতা :
- (১) উদ্যোক্তার অবশ্য জাতীয় পরিচয়পত্র থাকতে হবে ;
 - (২) প্রাপ্ত বয়স্ক, বাংলাদেশের নাগরিক, সৎ, সাহসী, উদ্যমী, পরিশ্রমী হতে হবে;
 - (৩) সংশ্লিষ্ট বিষয়ে পেশাদারী অভিজ্ঞতা, ব্যবস্থাপনায় দক্ষ, প্রয়োজনীয় মূলধনের অধিকারী, আর্থিক স্বচ্ছলতা, ঋণ পরিশোধের অনুকূল মনোভাবাপন্ন, কারিগরী ও বাজার সম্পর্কিত জ্ঞান সম্পন্ন হতে হবে;
 - (৪) শিক্ষিত/সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ, সৃষ্টিধর্মী, ঝুঁকি বহনে আগ্রহী, দূরদৃষ্টি সম্পন্ন সিদ্ধান্তগ্রহণের ক্ষমতা সম্পন্ন নেতৃত্বের গুণাবলীর অধিকারী হতে হবে;
 - (৫) ঋণ ব্যবহারের যোগ্যতাসহ ঋণ পরিশোধের ক্ষমতা থাকতে হবে ও সেই সাথে অর্থনৈতিক আচার আচরণে সুনামের অধিকারী হতে হবে; এবং
 - (৬) দেউলিয়া, উম্মাদ বা জড়বুদ্ধি সম্পন্ন ব্যক্তি ঋণের আবেদন করতে পারবেন না।

৪.০৩ : ঋণ গ্রহীতাদের মূল্যায়ন

যখন একজন ঋণ গ্রহীতা ব্যাংকে যায় এবং ঋণ আবেদন প্রক্রিয়ার কাজ শুরু করে তখনই ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার ১ম ধাপ শুরু হয়। ঋণ গ্রহীতা মূল্যায়ন প্রক্রিয়ায় প্রথম মৌলিক বিবেচ্য বিষয় হলোঃ- ঋণ গ্রহীতার ঋণটির ইতিহাস এবং উক্ত ঋণ পরিশোধের ক্ষমতা হিসেবে ঋণ গ্রহীতার অর্থ প্রাপ্তির/যোগানের যথেষ্ট সম্ভাবনা আছে কিনা তা যাচাই করা যার ফলে ঐ ঋণটির উপর ব্যাংক পর্যাপ্ত ঝুঁকি সমন্বয়কৃত লাভের হার অর্জন করতে

পারে। অতিরিক্ত সুদ হার আরোপ ঋণ গ্রহীতার কাছে গ্রহণযোগ্য নাও হতে পারে বা ব্যাংক কর্তৃক ঋণ গ্রহীতাকে বর্ধিত পরিমাণ ঋণ প্রদান করা সম্ভব নাও হতে পারে।

১. অভ্যন্তরীণ ঋণ ঝুঁকির রেটিং সিস্টেম

অভ্যন্তরীণ ঋণ ঝুঁকির রেটিং সিস্টেম এ ঋণের গুণগত মানের উপর ভিত্তি করে সকল ধরনের ঋণের শ্রেণীবিভাগ করা উচিত। ব্যাংকের সকল ধরনের ঋণের আকার, প্রকৃতি, ব্যাংক কার্যাবলীর জটিলতার উপর নির্ভর করে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সাথে সঙ্গতিপূর্ণ করে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল ঋণের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি অভ্যন্তরীণ ঋণ ঝুঁকি রেটিং সিস্টেম তৈরি করা উচিত। সকল ঋণের জন্য একটি ঝুঁকি গ্রেড নির্ধারণ করতে হবে। ঝুঁকি গ্রেডের কোনরূপ অসংলগ্নতা হলে তা ঋণ গ্রহীতার উপর এবং অন্যান্য সুবিধাসমূহের উপর বিরূপ প্রভাব ফেলবে। রেটিং সিস্টেম বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে এবং এই সিস্টেমে অবশ্যই নিম্নলিখিত পরিমিতিগুলো (Parameters) থাকতেই হবে:-

- ক. অফ ব্যালেন্স শীট সহ ব্যাংকের সকল ধরনের ঋণের এক্সপোজার একটি বিস্তৃত পরিসর জুড়ে আবৃত করতে হবে।
- খ. অশ্রেণীকৃত এবং শ্রেণীকৃত উভয় প্রকার ঋণকেই আবৃত করতে হবে।
- গ. সর্বনিম্ন রেটিং সম্পন্ন ঋণ, যে ঋণগুলো ক্ষতিতে পরিণত হয়ে গেছে সেগুলোসহ বিভিন্ন গ্রেডের ঋণকে আবৃত করতে হবে।
- ঘ. এস এম এ ঋণ সহ অশ্রেণীকৃত সকল গ্রেডের Risk Rating থাকতে হবে।
- ঙ. ঋণ নিয়ন্ত্রণ শ্রেণীবিভাগ্যাসের (Standard, SMA, SS, DF and BL) ঝুঁকি রেটিং সিস্টেমের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।
- চ. ঋণের ঝুঁকি মূল্যায়ন ব্যবস্থাটির বিস্তৃত্তরিত বিবরণ ঋণ নীতি ও পদ্ধতিতে উল্লেখ থাকতে হবে এবং তার মান উন্নত করণের জন্য ঋণের গ্রেড সমূহ নির্দিষ্ট সময় অন্তর্গত অন্তর্গত পর্যালোচনা করতে হবে।

২. বহিরাগত ঋণ নির্ধারণকারী প্রতিষ্ঠানের ভূমিকাঃ

ব্যাংকের সম্ভাব্য ঋণগ্রহীতাকে তার ঋণ পাওয়ার যোগ্যতা বিশ্লেষণে বহিরাগত ঋণ নির্ধারণকারী প্রতিষ্ঠান প্রয়োজনীয় তথ্যাবলী (ইনপুট) প্রদান করে ব্যাংক কর্তৃপক্ষকে ঋণ বিশ্লেষণে ব্যাংকের প্রাতিষ্ঠানিক চিন্তাভাবনায় সহায়তা করে ও ঋণ প্রদানের ব্যাপারে একটি সুস্পষ্ট মতামত বাহ্যিক ঋণ মূল্যায়নকারী প্রতিষ্ঠান হতে ব্যাংকের ঋণ কর্মকর্তা পেয়ে থাকে, যার ফলে ঋণগ্রহীতা সম্পর্কে ব্যাংক একটি ভালো ধারণা লাভ করতে পারে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত (ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতি ও ঋণ অবলেন্খনকারী) বহিরাগত ঋণ নির্ধারণকারী প্রতিষ্ঠান হিসেবে কাকে নিয়োগ দেয়া হবে তা ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে। কিন্তু ঋণগ্রহীতাদের ঋণ পাওয়ার যোগ্যতা নির্ধারণে ব্যাংকের নিজস্ব মূল্যায়নের উপর নির্ভর করতে হবে।

৩. নির্দিষ্ট ঋণগ্রহীতার ক্ষমতা বিশ্লেষণঃ

ভালো ঋণ প্রদানের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে ব্যাংক কর্মকর্তা কর্তৃক অবশ্যই ঋণগ্রহীতার জমাকৃত আর্থিক বিবরণী বিশ্লেষণ করতে হবে। ঋণদাতা একটি শক্তিশালী ঝুঁকি ব্যবস্থাপনা নীতি অনুসরণ করবে। একজন আবেদনকারীর ঋণ যোগ্যতা নির্ণয় করার জন্য ঋণগ্রহীতার বর্তমান বাণিজ্যিক কার্যক্রমের প্রাথমিক স্কেল হতে বর্তমান স্কেল পর্যন্ত পর্য্যালোচনা করতে হবে। এছাড়াও বর্তমান মূলধনের পর্যাপ্ততা নির্ধারণ ও ঋণ বিশ্লেষণের নিয়ম কানুন ও নীতিমালা পরিপালন এবং বাংলাদেশ ব্যাংকের বিধি বিধান মেনে চলার যোগ্যতা আছে কিনা তা পর্য্যালোচনা করতে হবে।

৪. আর্থিক বিবৃতি বিশ্লেষণঃ

একজন ঋণগ্রহীতা ঋণ পাওয়ার যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে, ঋণ গ্রহীতার আর্থিক বিবৃতি পুংখানুপুংখ বিশ্লেষণের কোনো বিকল্প নেই। কোম্পানির স্থিতিপত্র, আয় বিবৃতি, নগদ প্রবাহ বিবরণী ও আর্থিক অনুমান ঋণগ্রহীতার ঋণ পাওয়ার যোগ্যতা নির্ধারণ ও ঋণ পরিশোধ করার ক্ষমতা সম্পর্কে ধারণা প্রদান করে। চূড়ান্ত ঋণ প্রদান করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ঋণগ্রহীতার প্রতিষ্ঠানের দক্ষ ব্যবস্থাপনা। একজন ঋণ কর্মকর্তাকে প্রতিটি ঋণের জন্য আলাদা আলাদাভাবে ঋণগ্রহণকারী প্রতিষ্ঠানের ঋণ গ্রহণ করার যোগ্যতা, সততা, একগ্রতা এবং দক্ষতা নির্ধারণে সর্বাধিক চেষ্টা করা উচিত। এজন্য ঐ প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত

কর্মকর্তা-কর্মচারী, গ্রাহকদের, প্রতিষ্ঠানের কাঁচামাল সরবরাহকারী ও প্রতিষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত অন্যান্যদের মাধ্যমে Know Your Customer (KYC) সম্পর্কে নিশ্চিত হতে হবে। প্রতিটি ব্যক্তিগত বা গ্রুপের ঋণ সীমা ব্যাংকের আইন বা বাংলাদেশ ব্যাংকের প্রবিধান অনুযায়ী নির্ধারণ করা উচিত। ঋণগ্রহীতার ঋণগ্রহণের ক্ষমতা, ঋণ গ্রহণের মূল কারণ, দেশের অর্থনৈতিক অবস্থা এবং ব্যাংকের ঝুঁকি বহন করার ক্ষমতার উপর প্রতিষ্ঠানের ঋণের সীমার আকার নির্ভর করে। ঋণসীমা নির্ধারণে কিছুদিন অস্ফুট অস্ফুট কমপক্ষে অর্ধবার্ষিক ভিত্তিতে ঋণগ্রহীতার ঋণের মান পূর্ণবিবেচনা করতে হবে যাতে ঋণগ্রহীতার ঋণের মান অবনতির দিকে না যায়। সকল ঋণসীমা বৃদ্ধির অনুরোধ যথাপোযুক্ত কর্মকর্তা কর্তৃক যাচাই করে রাখতে হবে। ঋণদাতার আর্থিক বিবৃতি বিশ্লেষণে প্রধান পার্টটি উপাদান ব্যবহার করতে হবে :-

১. আয় বিবৃতি
২. ব্যালেন্স শীট
৩. চলতি মূলধন এবং স্থায়ী সম্পদের সমন্বয়করণ।
৪. গুরুত্বপূর্ণ অনুপাত সমূহ নির্ধারণ (Trend Analysis, Comparative and Commonsense Analysis, Sensitivity Analysis)
৫. নগদ প্রবাহ বিবরণী।

Accrual basis এ আর্থিক বিবরণী তৈরি করতে হবে যেখানে স্থিতিপত্র এবং আয়-ব্যয় বিবরণীর সাথে নগদ প্রবাহ বিবরণী সংযুক্ত থাকতে হবে। ফলে ঋণগ্রহীতা সম্পর্কে একটি সম্পূর্ণ আর্থিক চিত্র পাওয়া যাবে। যদিও আর্থিক বিবরণীটি সঠিকভাবে অনুশীলন করা অত্যন্ত জটিল কাজ তবু এটি সঠিকভাবে অনুশীলন করলে ঋণগ্রহীতার ঋণ পরিশোধ করার স্বদৃষ্টি প্রকাশ পাবে।

৪.০৪ঃ ঝুঁকি ভিত্তিক ঋণের মূল্য নির্ধারণঃ

১. ঋণমূল্যের রূক তৈরিকরণঃ

ঋণের মূল্য নির্ধারণ করার ক্ষেত্রে ব্যাংকের সকল খরচ বিবেচনায় আনতে হবে। প্রতিটি ঋণের মেয়াদকাল বিবেচনাসহ নিম্নলিখিত বিষয়গুলো ঋণের মূল্যনির্ধারণের ক্ষেত্রে ভূমিকা পালন করে থাকেঃ-

- ক. Cost of Fund
- খ. Expected Loss
- গ. Cost of Allocated capital
- ঘ. Term Cost of liquidity
- ঙ. Cost of Liquid Asset Buffer
- চ. Loan Administration costs
- ছ. Competitive Margin

২. ঝুঁকি ভিত্তিক ঋণ মূল্যের নির্বাচিত উপাদান নির্ধারণঃ

SWAP হার, Wholesale হার, তারল্য বজায় রাখার প্রিমিয়াম এবং বৃহৎ ঋণের মতো বেশকিছু উপাদান ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ঋণের মূল্য নির্ধারণে প্রভাব ফেলে। বাস্তবে এই উপাদান সমূহ নির্ণয় করা অনেক কঠিন। তবে ব্যাংক কর্তৃপক্ষ আশা করে যে, এই সকল প্রয়োজনীয় উপাদান সমূহ অনুমান করে তাদের ধারণা মোতাবেক ঝুঁকি ভিত্তিক ঋণ মূল্য নির্ধারণ করতে সক্ষম হবে।

৪.০৫ঃ অনুমোদনকারী কর্তৃপক্ষ :

১. অনুমোদনকারী কর্তৃপক্ষের মৌলিক নীতিমালা :

বোর্ড কর্তৃক অনুমোদনক্রমে উর্ধ্বতন কর্তৃপক্ষ, ঋণ কার্য নির্বাহীদের জ্ঞান এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে ঋণ মঞ্জুর/অনুমোদন দেয়ার ক্ষমতা অর্পণ করা আবশ্যিক। অনুমোদনকারী কর্তৃপক্ষ অনুমোদনের জবাবদিহিতা সম্পর্কে ব্যক্তিগত ভাবে দায়বদ্ধ থাকবে কিন্তু কমিটিকে দায়ী করা যাবে না। ঋণের ঝুঁকি নির্ধারণ, অনুমোদন এবং হ্রাসকরণের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক কিছু দক্ষ ঋণ কর্মকর্তাকে নিয়োগ করতে হবে, যাদের ঋণ কার্যক্রমে পর্যাপ্ত জ্ঞান, অভিজ্ঞতা এবং সিদ্ধান্তে ব্যাপারে দূরদর্শীতা রয়েছে। ব্যাংকের ঋণ ও অনুদান প্রক্রিয়ায় সিদ্ধান্তগ্রহণ এবং ঋণের নর্মস পরিবর্তনে যাদের কর্তৃত্ব

রয়েছে তাদেরকে জবাবদিহিতার মধ্যে আনতে হবে। ঋণের অনুমোদন বা মঞ্জুর করার ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে :

- ক। ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে কে প্রতিনিধিত্ব করবেন তা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক লিখিত অনুমোদন থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং পর্যদ কর্তৃক অনুমোদিত হতে হবে। ঋণ ঝুঁকি ম্যানুয়ালে প্রতিনিধিত্বের কপি ও তা প্রাপকদের দ্বারা স্বীকৃত করে সংরক্ষণ করতে হবে।
- খ। অনুমোদিত প্রতিনিধিত্বকারী কর্তৃপক্ষকে পর্যদ সভা কর্তৃক বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করতে হবে।
- গ। ঋণ অনুমোদন কার্যক্রম বিপণন বা রিলেশনশিপ ম্যানেজমেন্ট হতে পৃথক হতে হবে। একই ব্যক্তির হাতে ঋণ অনুমোদন ও রিলেশনশিপ ম্যানেজমেন্ট এর দায়িত্ব অর্পণ করা যাবেনা।
- ঘ। ক্রেডিট কমিটির ভূমিকা হবে বিভিন্ন ঋণ সম্পর্কিত প্রস্তুত্বের পর্যালোচনা এবং সামগ্রিক ঋণ পোর্টফলিও সম্পর্কে সুপারিশ করা। এছাড়াও ক্রেডিট কমিটি পরিপালন ও নিয়ন্ত্রণকারীদের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিল-পত্রাদি পর্যালোচনা করে।
- ঙ। অনুমোদন অবশ্যই লিখিত হতে হবে বা অনলাইন স্বাক্ষরযুক্ত হতে হবে। অনুমোদনের রেকর্ড অবশ্যই ঋণ আবেদন এর সাথে নথিভুক্ত বা ফাইলে সংরক্ষণ করতে হবে।
- চ। বোর্ড বা প্রধান নির্বাহী কর্তৃক প্রদানকৃত ক্ষমতানুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অবশ্যই সকল ঋণের ঝুঁকি অনুমোদন করবে।
- ছ। একটি ঋণ ঝুঁকি ম্যানুয়ালের মূল কার্যক্রম হিসেবে ঋণ অনুমোদন প্রক্রিয়া অবশ্যই কেন্দ্রীভূত থাকতে হবে। ঋণের পরিমাণের উপর নির্ভর করে শাখা/আঞ্চলিক/বিভাগীয় কার্যালয় পর্যায়ে এই অনুমোদন প্রদানের ক্ষমতা দিতে হবে তবে বৃহদাংকের সকল ঋণ অবশ্যই ক্রেডিট কমিটি ও ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সুপারিশকৃত হয়ে বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- জ। কোনো বৃহৎ ঋণের ক্ষেত্রে ঋণ গ্রহীতাকে/কর্পোরেট/গ্রুপক মোট কি পরিমাণ ঋণ প্রদান করতে হবে তা নির্ধারণ অবশ্যই ব্যবস্থাপনা পরিচালক/বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ঝ। টাকার পরিমাণ নির্বিশেষে কোনো ঋণ প্রস্তুত্বা যদি ব্যাংকের ঋণদান নীতি মেনে না চলে, তাহলে ঐ ঋণটি অনুমোদনের জন্য অবশ্যই পরিচালনা পর্যদ/বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ঞ। ঝুঁকির মাত্রা যাতে অতিক্রম না করে সেজন্য একটি নির্দিষ্ট প্রক্রিয়ায় পর্যালোচনা, অনুমোদন ও মনিটরিং করতে হবে।
- ট। ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষের ধারাবাহিকতা লংঘিত হলে তা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান বা ব্যবস্থাপনা পরিচালককে জানাতে হবে এবং ভবিষ্যতে যাতে এই জাতীয় ঘটনা না ঘটে তার ব্যবস্থা করতে হবে।
- ঠ। এক কোটি ও তদুর্ধ্ব ঋণ অনুমোদনকারী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকতে হবে-
 - (১) কমপক্ষে পাঁচ (০৫) বছরের কর্পোরেট ব্যাংকিং ও ঋণ সংশ্লিষ্ট বিভাগে এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। (ব্যবস্থাপক বা ঋণ বিশ্লেষক বা হিসাব বিভাগের নির্বাহী হিসেবে)।
 - (২) আর্থিক বিবৃতিতে প্রশিক্ষণ প্রাপ্ত ও অভিজ্ঞতা সম্পন্ন এবং নগদ প্রবাহ ও ঝুঁকি বিশ্লেষণে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
 - (৩) হিসাব রক্ষণ ও হিসাব বিজ্ঞান, অর্থব্যবস্থাপনা ও ঝুঁকি সম্পর্কে মৌলিক জ্ঞান থাকতে হবে।
 - (৪) স্থানীয় শিল্প/বাজার সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।
 - (৫) শিল্প/ব্যবসায়িক ঝুঁকি মূল্যায়ন, ঋণ গ্রহণ করার কারণ আর্থিক প্রতিবেদন, আর্থিক বিবৃতি বিশ্লেষণ ব্যবসায়িক চক্র ভবিষ্যত ধারণা, ঋণ কাঠামো ও ঋণ ব্যবস্থাপনা এবং দলিলায়নের ব্যাপারে সম্যক ধারণা থাকতে হবে।

প্রস্তুত গ্রহণ, অনুমোদন এবং প্রস্তুত বাতিলের জন্য একটি আলাদা রেজিস্টার সংরক্ষণ করতে হবে। কোনো ঋণ অনুমোদন, নবায়ন, বর্ধিতকরণ এবং প্রত্যাখ্যান হলে উহার কারণ লিপিবদ্ধ করে ব্যবস্থাপনা পরিচালক এবং সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষকে মাসিক সার-সংক্ষেপের মাধ্যমে রিপোর্ট করতে হবে। ঋণ প্রদান কার্যক্রমটি অবশ্যই ঋণ এর পরিমাণ, গুরুত্ব, বন্টন এবং ব্যবসায়িক বিভাজন দ্বারা সুনির্ধারিত হতে হবে। নিম্নলিখিত বিষয়গুলো ক্রেডিট ডেলিগেশনের জন্য গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে গণ্য করা হয়:-

- ক. নতুন/ফ্রেশ সীমা (সুরক্ষিত এবং অরক্ষিত)
- খ. ঋণের সীমা পুনঃ নির্ধারণ/ঋণ নবায়ন।
- গ. পুনঃ নির্ধারণ, বর্ধিতকরণ এর নবায়ন, হ্রাসকরণ, পুনর্গঠন, পুনঃ তফসিলিকরণের সীমা নির্ধারণ।
- ঘ. বিকল্প বিরোধ নিষ্পত্তি (অল্টারনেট ডিসপিউট রেজুলিউশন) এর অধীনে আপসের মাধ্যমে সেটেলমেন্ট করতে হবে। (অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর সেকশন-২৪)
- ঙ. ভোক্তা/খুচরা, প্রত্যেক ব্যক্তির জন্য ব্যক্তিগত অগ্রিম নির্ধারণ।
- চ. জরুরি স্বল্প মেয়াদী বর্ধিতকরণ/উন্নত করণ।
- ছ. দলিলায়ন মূলতবী রাখা (Documentation Deferral)।
- জ. শর্তাবলীর পরিবর্তন।
- ঝ. সমপার্শ্বিক ব্যতিক্রম। (Collateral Exception)
- ঞ. মূল্য নির্ধারণ, নীতি এবং ব্যতিক্রম। ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক বার্ষিক ভিত্তিতে কর্তৃপক্ষের প্রাধিনিধিত্বমূলক কার্যক্রমের পর্যালোচনা করা আবশ্যিক যার ফলে ব্যাংকিং আইন অক্ষুণ্ন রাখা নিশ্চিত করা যায়।

২. বৃহদাকার বা জটিল এক্সপোজারের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষঃ

বৃহদাকারের ঋণ বা কোনো ঋণ পুনঃ গঠনের জন্য আবেদন করা হলে অনুমোদন স্ফুর্তি বৃদ্ধি করে তা পর্যদ কর্তৃক অবশ্যই অনুমোদিত হতে হবে। অস্বাভাবিক উচ্চ ঝুঁকি সম্পন্ন ঋণ বা জটিল আকারের ঋণ প্রদানের ক্ষেত্রে অবশ্যই পর্যদ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৩. ব্যতিক্রম সমূহ :

নির্দিষ্ট সীমার মধ্যে কেস টু কেস ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক ঋণ অনুমোদন করা যাবে। তবে ব্যতিক্রমের কারণটি বিরল হতে হবে এবং কোন কারণে ব্যতিক্রম তা ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। নিয়মিতভাবে/তিন মাস অন্তর্ভুক্ত অন্তর্ভুক্ত পর্যদ অডিট কমিটির নিকট এসমস্ফুর্তি ঋণ গুলোর বিবরণী প্রদান করতে হবে।

৪.০৬ঃ ঋণ বিতরণঃ

ঋণ আবেদনের ফেসিলিটি সীমা কম্পিউটার সিস্টেমে অনুপ্রবেশ করানোর পূর্বে ক্রেডিট প্রশাসন কর্তৃক ঋণ আবেদনটি অনুমোদিত হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে। চার্জ ডকুমেন্ট সৃষ্টি হবার পর, ঋণগ্রহীতার অঙ্গীকার পালনের পর এবং জামানতি সম্পত্তি দলিলায়ন কার্যাদি সম্পাদন হবার পর ঋণ বিতরণ করতে হবে। ব্যতিক্রম ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। ঋণগ্রহীতাকে অবশ্যই ঋণ গ্রহণের উদ্দেশ্য এবং প্রাপ্তি স্বীকারপত্র বুঝে স্বাক্ষর দিতে হবে। ঋণ মঞ্জুরিপত্রের সকল শর্তাবলী পরিপালনসহ দলিলায়ন সম্পাদনের পরই শুধু ঋণ বিতরণ করা যাবে। ঋণ বিতরণের পূর্বে সিআইবি (CIB) রিপোর্টকে অবশ্যই বিবেচনায় আনতে হবে। বৃহৎ ঋণ ও ব্যাংক পরিচালকগণকে প্রদেয় ঋণ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও ব্যাংকিং কোম্পানি আইনের আওতায় পরিচালিত হবে।

৪.০৭ঃ ঋণ আবেদন ফরম :

ব্যাংকের নির্ধারিত ফরমে ঋণের আবেদনপত্র ব্যাংকের শাখায় অথবা ব্যাংকের মূল্যায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ মফস্বল এলাকায় ভ্রমণে থাকলে তাঁদের নিকটও পেশ করা যাবে। ঋণ আবেদনপত্রের বিবরণ নিম্নে দেয়া হল :

ঋণের বিবরণ আবেদনপত্রের কত কপি দাখিল করতে হবে ফরম নম্বর (এল এল এফ প্রতি কপির মূল্য)

ক্রঃনং	ফরমের নাম	দাখিলযোগ্য কপি	ফরম(এল এফ)নং	মূল্য (প্রতিটি)
ক)	শস্য ঋণের আবেদন ফরম	০২ কপি (০১	এল, এফ-৬	বিনা মূল্যে

		কপি মঞ্জুরিপত্র)		
খ)	বন্ধকি ঋণ আবেদন ফরম (১০,০০০/- টাকা পর্যন্ত)	০১ কপি	এল, এফ-১	বিনা মূল্যে
গ)	বন্ধকি ঋণের আবেদন ফরম ১০,০০০/- টাকার উর্ধে	দুই কপি	এল, এফ-২	টাকা ৩০.০০
ঘ)	প্রকল্প স্থাপনের জন্য ঋণ আবেদন ফরম।	০২-০৪ কপি	এল, এফ-৪	টাকা ৫০০.০০
ঙ)	নগদ ঋণ/চলতি মূলধন ঋণের আবেদন ফরমঃ			
	(১) ৫০,০০০/-টাকার উর্ধে	২-৪ কপি	এল, এফ-৮	টাকা ৫০০.০০
	২) ৫০,০০০/-টাকা পর্যন্ত	২ কপি	এল, এফ-৮ (ক)	টাকা ৫০.০০
চ)	চা উন্নয়ন ও উৎপাদন ঋণ আবেদন ফরম	২-৪ কপি	এল,এফ-২ (ক)	টাকা ৫০০.০০
ছ)	বন্ধকী দলিল একক/ একাধিক	প্রতি কপি	এলএফ১৩/১৩	টাকা ১০০.০০

যদি কোন ঋণ গ্রহীতা অতিরিক্ত ঋণের জন্য আবেদন করেন এবং যদি প্রস্তাবিত অতিরিক্ত ঋণ ও ইতিপূর্বে মঞ্জুরিকৃত ঋণের যোগফল মূল আবেদনের প্রার্থিত ঋণের পরিমাণের চেয়ে বেশি হয়, তা হলে প্রস্তাবিত অতিরিক্ত ঋণের জন্য নতুন আবেদন ফরমে আবেদন করতে হবে। প্রতি কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে শাখা কাউন্টার হতে ঋণের আবেদন ফরম বিতরণ করতে হবে। মূল্যায়ন কর্মকর্তা/কর্মচারীগণ যখন মফস্বল এলাকায় ভ্রমণে থাকেন তখন তাঁদের নিকট হতেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

(১) ঋণ প্রক্রিয়াকরণ ফিসঃ

শস্য/ফসল ঋণ, বিভিন্ন সঞ্চয় স্কিম ও এফ ডি আর এর বিপরীতে ঋণ আবেদনের জন্য কোনরূপ ফি প্রয়োজন হবে না। উপরোক্ত ঋণ খাত ব্যতিত অন্যান্য ফান্ডেড ঋণ আবেদনের ক্ষেত্রে আবেদনকৃত ১.২৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণাংক নির্বিশেষে ৫০০/- টাকা এবং তদুর্ধ ঋণাংকের জন্য ০.৪০% অর্থাৎ প্রতি হাজারে ৪/- টাকা, সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ।

(২) তল্লাশি ফিস (শস্য ঋণ ব্যতিত) :

৫০,০০০/- টাকা পর্যন্ত	নাই।
৫০,০০১/- টাকা হতে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত -	১,০০০/-টাকা
৫০,০০,০০১/- টাকা হতে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত -	২,০০০/-টাকা
১৫,০০,০০১/- টাকা হতে ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত -	৩,০০০/-টাকা
৩০,০০,০০১/- টাকা হতে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত-	৪,০০০/-টাকা
৫০,০০,০০১/- টাকা ও তদুর্ধ	৫,০০০/-টাকা

(৩) সিআইবি প্রতিবেদন সংগ্রহ ফিঃ

কর্পোরেট বডি	টাকা-২০০০/-
লিমিটেড কোম্পানি/পার্টনারশীপ	টাকা-১০০০/-
পারসনাল /পোপাইটরশীপ কনসার্ন	টাকা-৫০০/-

ঋণ আবেদনপত্র গ্রহণের সময়ই আবেদনের ধরণ অনুযায়ী উল্লেখিত হারে সিআইবি রিপোর্ট সংক্রান্ত সার্ভিস চার্জ আদায়পূর্বক নির্ধারিত খাতে হিসাবভুক্ত করে রাখতে হবে।

(৪) নবায়নের ক্ষেত্রেঃ

পর্যদ সভায় আলোচনার জন্য প্রস্তাবিত চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে নবায়নকৃত ঋণাংকের উপর ০.০০% হারে প্রক্রিয়াকরণ ফি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে তল্লাশি সম্পাদন ফি প্রয়োজন হবে না। তবে নবায়নকৃত ঋণের জামানতি সম্পত্তির কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন এবং বন্ধকি দলিল সম্পাদনের প্রয়োজন হলে এক্ষেত্রে ঋণাংকের উপর ০২ নং ক্রমিকে বর্ণিত হারে তল্লাশি সম্পাদন ফি গ্রহণ করতে হবে।

(৫) বর্ধিতকরণের ক্ষেত্রেঃ

চলতি মূলধন/নগদ পুঁজি/চলমান ঋণ বর্ধিতকরণের ক্ষেত্রে বর্ধিত আবেদনকৃত ঋণাংকের উপর ০.৪০% ঋণ প্রক্রিয়াকরণ ফি ও ০২ নং ক্রমিকে বর্ণিত হারে তল্লাশি সম্পাদন ফি গ্রহণ করতে হবে। প্রক্রিয়াকরণ ফি সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা।

(৬) অতিরিক্ত/বিএমআরই ঋণের ক্ষেত্রে:

অতিরিক্ত/বিএমআরই প্রকল্প ঋণ মঞ্জুরির ক্ষেত্রে আবেদনকৃত অতিরিক্ত ঋণাংকের উপর ০.৪০% প্রক্রিয়াকরণ ফি ও ০২ নং ক্রমিকে বর্ণিত হারে তল্লাশি সম্পাদন ফি প্রযোজ্য হবে। প্রক্রিয়াকরণ ফি সর্বোচ্চ ৩.০০ লক্ষ টাকা। ঋণের এসব ফি গ্রহণকালে প্রযোজ্য হারে ভ্যাট আদায় করতে হবে।

৪.০৮ প্রক্রিয়াকরণ ফি গ্রহণ:

জমাকৃত প্রক্রিয়াকরণ ফিস অফেরতযোগ্য। প্রক্রিয়াকরণ ফিস শাখার ক্যাশ কাউন্টারে অথবা অফিস কার্যে ভ্রমণরত মূল্যায়নকারী কর্মকর্তা/কর্মচারীর নিকট জমা দেয়া যাবে। মূল্যায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ প্রক্রিয়াকরণ ফিস গ্রহণ করার পর জমাদানকারীকে অবশ্যই টাকা জমাদানের রশিদ প্রদান করবেন। মূল্যায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ ভ্রমণ শেষে শাখায় ফেরার সংগে সংগে মাঠ পর্যায়ে গৃহীত প্রক্রিয়াকরণ ফিস ক্যাশিয়ারের নিকট ভাউচারের মাধ্যমে জমা দিবেন। ঋণের আবেদন যখন কোন শাখায় গ্রহণ করা হবে তখন প্রক্রিয়াকরণ ফিস ক্যাশ ডেবিট ভাউচারের মাধ্যমে আদায় করে সংশ্লিষ্ট ভাউচারের নম্বর ও তারিখ আবেদনপত্রের প্রথম পৃষ্ঠায় সুস্পষ্টভাবে লিখতে হবে এবং তা অনুমোদিত অফিসার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৪.০৯ ব্যক্তি সংশ্লিষ্ট বিশেষ ঋণের ক্ষেত্রে:

ব্যাংক কোম্পানি আইনের ধারা ২৬(গ) এবং বিআরপিডি সার্কুলার নং ২৩ (৪) যা ২০১৪ ইং এ প্রকাশিত হয় এবং পরবর্তী সংশোধনীসমূহ ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক ঋণ সাবধানতার ক্ষেত্রে অনুশীলন করা উচিত:-

ক. ক্রেডিট ঋণ প্রদানের সিদ্ধান্তের ক্ষেত্রে অযৌক্তিক প্রভাব রহিতকরণ।

খ. Avoidance of daisy chains and other devices to evade rules and sound practices in related person lending.

যে সকল ভুল প্রাথমিক পর্যায়ে এড়ানো যেত, কিন্তু সেগুলো না এড়ানোর কারণে উচ্চতর ঋণ ঝুঁকি সৃষ্টি হতে পারে। নিম্নলিখিত বিশ্লেষণগুলো (যা সংশোধনী-ক তে দেখানো হলো) ঋণ ঝুঁকি এড়াতে ব্যাংকগুলোতে অন্তর্ভুক্ত করতে হবে।

অধ্যায়-০৫

ঋণ ঝুঁকি প্রশমনের কৌশল সমূহ

৫.০১ঃ ঋণ ঝুঁকি প্রশমন

ব্যাংক তার ঋণের ঝুঁকি প্রশমনের জন্য বিভিন্ন কৌশল যেমনঃ জামানত ও নিশ্চয়তা ব্যবহার করতে পারে। ঋণের ঝুঁকি প্রশমনের কৌশল হিসেবে ব্যাংক ও ঋণ গ্রহীতার মধ্যে চুক্তি হতে পারে অথবা ব্যাংক ও ঋণ পক্ষের মধ্যে চুক্তি হতে পারে যা ব্যাংকের ঋণ ঝুঁকি প্রশমনে সহায়তা করে। যেসকল ঋণের অস্তিত্ব রয়েছে সেসকল ঋণের ক্ষেত্রে সঠিক দলিলায়ন ও ঋণ প্রশাসন অর্থাৎ তদারকির কোনো বিকল্প নেই। তারা ঋণ পরিশোধের ক্ষেত্রে শুধু গৌণ উৎস হিসেবে কাজ করবে, প্রধান উৎস হিসেবে কখনও দেখা যাবে না। জামানতি বা গ্যারান্টি প্রায়শঃ সুদীর্ঘ, শ্রমসাধ্য এবং ব্যয় বহুল প্রক্রিয়া। যখন একটি ঋণ জামানত বা গ্যারান্টি দ্বারা আবৃত করা হয় তখন ঋণটি পরিশোধিত হবে বলে ব্যাংক অনেকটা আশাবাদী থাকে। কেবলমাত্র বাজেয়াপ্ত বা জামানতি বিক্রি করে টাকা আদায় করার পদ্ধতি হলো জামানতি সম্পত্তি দ্বারা ঋণ আবৃত করণ।

৫.০২ঃ জামানত

ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা সঠিকভাবে পরিচালনার জন্য যেসকল ঋণের প্রকার বা শিল্প কেন্দ্রীকরণ বিপদজনক/উচ্চ ঝুঁকি সম্পন্ন বলে মনে করা হচ্ছে, ঐ সকল ঋণের জামানতি সম্পত্তিকে সতর্কতার দৃষ্টিতে রাখতে হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত জামানতি সম্পত্তি গ্রহণ করা বাঞ্ছনীয়ঃ-

১. শেয়ার ও সিকিউরিটিজ
২. পণ্যদ্রব্য/ রপ্তানি ডকুমেন্টস
 - ক. রপ্তানি ডকুমেন্টস
 - খ. পণ্যদ্রব্য
 - (i) রপ্তানি পণ্য
 - (ii) আমদানি পণ্য
 - (iii) অন্যান্য পণ্য অঙ্গীকার বা বন্ধকী ঋণ
৩. যন্ত্রপাতি/স্থায়ী সম্পত্তি (জমি, ভবন/ফ্ল্যাট ব্যতীত)
৪. রিয়েল এস্টেট
 - ক. আবাসিক রিয়েল এস্টেট
 - খ. বাণিজ্যিক রিয়েল এস্টেট
৫. আর্থিক ইন্সট্রুমেন্ট
৬. একক গ্যারান্টি (ব্যক্তিগত গ্যারান্টি)
৭. প্রতিষ্ঠানের গ্যারান্টি (কর্পোরেট গ্যারান্টি)
 - ক. ব্যাংক বা এন বি এফ আই গ্যারান্টি
 - খ. অন্যান্য কর্পোরেট গ্যারান্টি
৮. বিবিধ
 - ক. শস্য ঋণের বন্ধকীকরণ
 - খ. অন্যান্য
৯. অরক্ষিত ঋণ (Unsecured Loan)
 - ক. পরিমাণ এবং ধরণ :

ব্যাংকের জন্য অত্যাবশ্যক যে ব্যাংকের ঋণসীমা বৃদ্ধি করলে ঝুঁকি নীতিতে যে প্রকার ও পরিমাণে জামানতি সম্পত্তি বিবৃত করা হয়েছে তা গ্রহণ করতে হবে। ঋণ জামানতি সম্পত্তির মূল্য কম ধরতে হবে যাতে কোনো কারণে জামানতি সম্পত্তির মূল্য হ্রাস পেলে বা সম্পত্তির প্রকৃত মূল্য কম বা সামান্য পরিমাণে হ্রাস হলে ঋণটি আদায়ে কোনো ঝুঁকি না থাকে। ব্যাসেল-৩ অনুযায়ী মূলধন পর্যাপ্ততা নির্দেশিকা অনুসারে নগদ বা সহজে নগদায়ন করা যায়

এমন আর্থিক জামানতি সম্পত্তি গ্রহণ করতে হবে। অন্যান্য জামানতি সম্পত্তি হিসেবে গুণগত মান সম্পন্ন ও বাজারজাত শেয়ার, রিয়েল এস্টেট এবং ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা যেতে পারে।

খ. প্রাথমিক এবং চলমান মূল্য নির্ধারণঃ

একটি জামানত শুধুমাত্র তখনই উত্তম জামানত হিসেবে পরিগণিত হবে যখন ব্যাংক জামানতের অবস্থান নির্ণয়, চিহ্নিতকরণ এবং আইনত দাবী করার ক্ষমতা প্রাপ্ত হয় এবং সুদ ও অন্যান্য আনুসঙ্গিক খরচসহ আদায়ের জন্য জামানতি সম্পত্তি বিক্রয় করতে পারে। যখন একটি সম্পত্তি জামানত হিসেবে গ্রহণ করা হয় তখন অবশ্যই জামানতি সম্পত্তির বাজার মূল্যের উপর নির্ভরশীলতা, দ্রুত বিক্রয়করণের ক্ষমতা, তারল্য ও ব্যাংকের নিয়ন্ত্রণ ক্ষমতা এবং ব্যাংক যখন বাধ্য হয় তখন তা বিক্রি করে নগদ অর্থে রূপান্তর করতে পারে।

নগদ প্রবাহ ঋণ পরিশোধের প্রাথমিক উৎস হিসেবে কাজ করে। জামানতি সম্পত্তি মূল্যায়নের ক্ষেত্রে ঐ সম্পত্তি বিক্রি করে নগদ অর্থে রূপান্তর করার ক্ষমতাকে অগ্রাধিকার দেয়া উচিত।

৫.০৩ঃ তৃতীয় পক্ষের গ্যারান্টি (Third Party Guarantee)

ব্যাংককে অবশ্যই বুঝতে হবে যে ঋণের ঝুঁকি একটি ঋণের তৃতীয় পক্ষের গ্যারান্টির অস্তিত্বের দ্বারা আবৃত করা যায় না। ব্যাংক তার গ্রাহকের ঋণ ঝুঁকি প্রশমনের জন্য জামিনদারের নিশ্চয়তা গ্রহণ করে থাকে। নিশ্চয়তার বিষয়ে ব্যাংকগুলোকে ঋণের ঝুঁকির কভারেজ মাত্রা নির্ণয় করা উচিত ঋণের গুণগত মান ও জামিনদারের আইনি ক্ষমতার উপর ভিত্তি করে। এর অতিরিক্ত ঋণ ঝুঁকি হ্রাস করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করতে হবেঃ-

- ক. কর্পোরেট গ্যারান্টি যে কোম্পানি কর্তৃক প্রদান করা হচ্ছে তার সংঘ স্বাক্ষরক ও কোম্পানির স্বাক্ষরকলিপি দ্বারা সমর্থিত হতে হবে। কর্পোরেট গ্যারান্টি কর্পোরেট জামিনদারদের পর্ষদ সভায় অনুমোদিত হতে হবে।
- খ. গ্যারান্টর কোম্পানি অবশ্যই বহিঃ ক্রেডিট রেটিং এজেন্সি কর্তৃক বিনিয়োগের ক্ষেত্রে রেটিংযুক্ত হতে হবে।
- গ. তৃতীয় পক্ষ যে কর্পোরেট গ্যারান্টি দিয়েছে ঐ কোম্পানির স্থিতিপত্র বিশ্লেষণ করতে হবে। তৃতীয় পক্ষের চলতি মূলধন, মোট সম্পদ, লাভজনকতা, বিদ্যমান ক্রেডিট লাইন ও নিরাপত্তার ব্যবস্থা ভালোভাবে বিশ্লেষণ করতে হবে যাতে তার সামর্থ্যের বিপরীতে অতিরিক্ত আর্থিক গ্যারান্টি না দেয়।
- ঘ. যদি একবার কোনো কর্পোরেট জামিনদারের আর্থিক স্থিতিশীলতার অবনতি ঘটে ব্যাংক তার প্রতিকারমূলক ব্যবস্থা হিসেবে ঋণ গ্রহীতার কাছ থেকে নগদ অর্থ আদায় বা নতুন জামানত গ্রহণ করতে হবে।
- ঙ. দুই ব্যাংকের মধ্যে পারস্পরিক গ্যারান্টি ব্যবস্থা নিরুৎসাহিত করতে হবে।
ঋণ ও অগ্রিমের জন্য জামানত : ব্যাংকের চার্টার অনুযায়ী ঋণ/অগ্রিম/চলতি মূলধনের বিপরীতে নিম্নলিখিত জামানতসমূহ গ্রহণ করা যায় -
 - কোম্পানির ষ্টক্স/সরকারী ঋণপত্র ইত্যাদি যাতে দেশের প্রচলিত আইন অনুযায়ী কোন ট্রাষ্টি অর্থ বিনিয়োগ করতে পারে।
 - ডিবেঞ্চর অথবা অন্য কোন ঋণপত্র যা সরকারী অনুমোদনক্রমে কিংবা কোন বৈধ আইনের আওতায় ইস্যু করা হয়।
 - মালপত্র অথবা মালিকানা স্বত্বের দলিলপত্র যা জমা অথবা আরোপ/হস্তান্তর করা হয়।
 - কোম্পানির (সীমিত দায়-দায়িত্ব) ডিবেঞ্চর যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত নিয়মানুযায়ী ইস্যু করা হয়।
 - কোম্পানির (সীমিত দায়-দায়িত্ব) শেয়ার যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত নিয়মানুযায়ী ইস্যু করা হয়।
 - পাটজাত দ্রব্য এবং চা সহ অন্যান্য মালপত্র যা জামানত হিসাবে বন্ধক

(হাইপোথিকেশন) দেওয়া হয়।

- দাতা কর্তৃক স্বীকৃত হুন্ডি অথবা ঋণ পরিশোধের নিশ্চয়তা অঙ্গীকারপত্র যা প্রাপক কর্তৃক এনডোরস করা হয়েছে।
- সরকারী নিশ্চয়তাপত্র।
- প্রকল্পের সম্পত্তি (প্রকল্প ভূমি, বিল্ডিং, মেশিনারী ইত্যাদি)
- যে কোন জিনিস অথবা স্থাবর অস্থাবর সম্পত্তি যা ব্যাংকের অনুকূলে প্লেজ, বন্ধক, হাইপোথিকেশন-অথবা আরোপ/হস্তান্তর করা হয়।
- তালিকাভুক্ত কোন ব্যাংকের নিশ্চয়তা ব্যাংক গ্যারান্টি।
- কর্পোরেট গ্যারান্টি।
- স্বর্ণ এবং স্বর্ণালংকার।
- ব্যক্তিগত গ্যারান্টি।

৫.০৪ : কর্পোরেট গ্যারান্টি:

কর্পোরেট অর্থায়নের জন্য কর্পোরেট গ্যারান্টি একটি অতি গুরুত্বপূর্ণ দলিল। কর্পোরেট গ্যারান্টি হচ্ছে ঋণ গ্রহীতার সাথে ঋণ প্রদানকারীর একটি চুক্তিপত্র যাতে ঋণ গ্রহীতাগণ তাদের মালিকানাধীন অন্যান্য সহযোগী কোম্পানি বা সহযোগী অন্যান্য শিল্প প্রতিষ্ঠান (যাদের নেটওয়ার্থ সন্তোষজনক) বিবেচ্য ঋণ পরিশোধের অঙ্গীকার ব্যক্ত করে এবং ঋণ পরিশোধের সকল দায়-দায়িত্ব পালনে সম্মতি জ্ঞাপন করে।

৫.০৫ : লোন সিডিকেশন/ক্লাব ফাইনালিং :

যখন একাধিক ব্যাংক কর্তৃক একজন উদ্যোক্তাকে কতগুলি সাধারণ শর্তাবলীর বিপরীতে এবং একই ধরনের দলিলপত্রাদির ভিত্তিতে যৌথভাবে অর্থায়ন করা হয় তখন তাকে লোন সিডিকেশন বলা হয়। লোন সিডিকেশনের বিভিন্ন পক্ষ থাকে। এই পক্ষগুলির মধ্য প্রধানতঃ হচ্ছে প্রধান আয়োজক (Lead Arranger)/প্রধান ব্যাংক, প্রতিনিধি (Agent), অংশগ্রহণকারী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এবং ঋণ গ্রহীতা। লীড ব্যাংক বা প্রধান আয়োজক ঋণ প্রস্তাব পর্যালোচনার প্রতিটি পদক্ষেপে এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে তহবিল সংগ্রহের কার্যপ্রণালী সমন্বয় সাধন করে। প্রতিনিধি হিসাবে বিবেচিত প্রতিষ্ঠান সকল জামানতী সম্পত্তি রক্ষণাবেক্ষণ এবং ঋণ ব্যবস্থাপনা ও পরিধারণের কাজ করে। একাধিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান লীড ব্যাংকের ঋণের কার্যপরিধির আওতায় একটি নির্দিষ্ট পরিমাণ ঋণ প্রদানে অঙ্গীকারবদ্ধ হয়। সকল পক্ষের মধ্যে ঋণ গ্রহীতা একটি গুরুত্বপূর্ণ পক্ষ। ঋণ গ্রহীতা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাই হোক না কেন সে বা তারা যে তহবিল উত্তোলন করে এবং তা ফেরত প্রদানের জন্য চুক্তিবদ্ধ হয় তা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত অথবা পরিবর্তিত সুদহারে আসল এবং সুদসহ সম্পূর্ণ টাকা প্রতিনিধি (Agent) এর নিকট পরিশোধের অঙ্গীকার করে।

৫.০৬ : ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/সিডিকেশন ঋণ সীমা:

বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখ-৯, ২০০৫ অনুযায়ী এবং বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) অনুযায়ী ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপের জন্য সর্বোচ্চ ঋণ সীমা হবে মোট মূলধনের ৩৫%। প্রত্যক্ষ ঋণ সুবিধা (Funded facility) ১৫% এবং পরোক্ষ ঋণ সুবিধা (Non-Funded facility) ২০%। তবে রপ্তানির ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা হবে মূলধনের ৫০%। প্রত্যক্ষ ঋণ সুবিধা (Funded facility) এ ক্ষেত্রেও ১৫% হবে। ১৫% এর মধ্যে মেয়াদী ঋণ ১০% এর অধিক হবে না।

৫.০৭ : সিডিকেশন :

উপরে বর্ণিত ঋণ সীমার অধিক ঋণের প্রয়োজন হলে ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক কমপক্ষে ১টি বেসরকারী/বৈদেশিক ব্যাংক অথবা রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের সাথে সিডিকেশন করবে। লোন সিডিকেশন : যখন একাধিক ব্যাংক কর্তৃক একজন উদ্যোক্তাকে কতগুলি সাধারণ শর্তাবলীর বিপরীতে এবং একই ধরনের দলিলপত্রাদির ভিত্তিতে যৌথভাবে অর্থায়ন করা হয় তখন তাকে লোন সিডিকেশন বলা হয়। লোন সিডিকেশনের বিভিন্ন পক্ষ থাকে। এই পক্ষগুলির মধ্য প্রধানতঃ হচ্ছে প্রধান আয়োজক (Lead Arranger)/প্রধান ব্যাংক, প্রতিনিধি (Agent), অংশগ্রহণকারী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এবং ঋণ গ্রহীতা।

লীড ব্যাংক বা প্রধান আয়োজক ঋণ প্রস্তাব পর্যালোচনার প্রতিটি পদক্ষেপে এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে তহবিল সংগ্রহের কার্যপ্রণালী সমন্বয় সাধন করে। প্রতিনিধি হিসাবে বিবেচিত প্রতিষ্ঠান সকল জামানতী সম্পত্তি রক্ষণাবেক্ষণ এবং ঋণ ব্যবস্থাপনা ও পরিধারণের কাজ করে। একাধিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান লীড ব্যাংকের ঋণের কার্যপরিধির আওতায় একটি নির্দিষ্ট পরিমাণ ঋণ প্রদানে অঙ্গীকারাবদ্ধ হয়। সকল পক্ষের মধ্যে ঋণ গ্রহীতা একটি গুরুত্বপূর্ণ পক্ষ। ঋণ গ্রহীতা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাই হোক না কেন সে বা তারা যে তহবিল উত্তোলন করে এবং তা ফেরত প্রদানের জন্য চুক্তিবদ্ধ হয় তা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত অথবা পরিবর্তিত সুদহারে আসল এবং সুদসহ সম্পূর্ণ টাকা প্রতিনিধি (Agent) এর নিকট পরিশোধের অঙ্গীকার করে।

চুক্তিপূর্ব স্বাক্ষরঃ সিডিকেট পদ্ধতিতে লোন প্রদানের জন্য চুক্তিপূর্ব স্বাক্ষরের জন্য নিম্নবর্ণিত বিষয়ের প্রতি অবশ্যই লক্ষ্য রাখতে হবে :

- ১) সিডিকেট ঋণের জন্য ঋণগ্রহীতা বাছাই এবং নির্বাচন;
- ২) ঋণ গ্রহীতার সাথে ধারাবাহিকভাবে সম্পর্ক গড়ে তোলা;
- ৩) লোন সিডিকেশনের সাথে সম্পৃক্ত সকল ব্যাংক এবং ঋণগ্রহীতার গোল টেবিল আলোচনা এবং সিডিকেশন ঋণ বাজার থেকে ঋণ গ্রহীতার ঋণের চাহিদা নির্ধারণ;
- ৪) ঋণ গ্রহীতার সাথে আলোচনার ভিত্তিতে লোন সিডিকেশন ইউনিট কর্তৃক টার্ম সিট প্রস্তুত করা ;
- ৫) ঋণ গ্রহীতার নিকট হতে ম্যান্ডেট গ্রহণের পূর্বে টার্মসীট চূড়ান্তকরণের জন্য ব্যাংক ব্যবস্থাপনার সাথে আলোচনা করা। এই আলোচনা সভাটি লিড ব্যাংক আয়োজন করবে।

ম্যান্ডেট পরবর্তী কার্যাবলি :

ঋণ গ্রহীতার নিকট হতে ম্যান্ডেট গ্রহণের পর নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করতে হবে :

- ১) (ক) ঋণ প্রক্রিয়াকরণ ফি গ্রহণ (ফ্ল্যাট রেটে);
- (খ) সিডিকেশন ফি/এ্যারেঞ্জমেন্ট ফি গ্রহণ (ফ্ল্যাট রেটে);
- (গ) এজেন্সী ফি গ্রহণ (ফ্ল্যাট রেটে);
- (ঘ) অংশগ্রহণ ফি গ্রহণ (ফ্ল্যাট রেটে);
- (ঙ) ব্যবস্থাপনা ফি (বার্ষিক);
- (চ) কমিটমেন্ট ফি (ত্রৈমাসিক);
- (ছ) এল/সি কমিশন;
- ২) ঋণ গ্রহীতার নিকট হতে প্রকল্প সম্পর্কীয় সম্ভাবনা প্রতিবেদন ;
- ৩) সিআইবি রিপোর্ট সংগ্রহ;
- ৪) তহবিল গঠনের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন।

উপরোক্ত কার্যাবলি সম্পাদনের পর সিডিকেট ব্যাংকের কর্মকর্তারা প্রকল্প স্থান, প্রকল্পের জন্য মেশিনারি আমদানির প্রয়োজন হলে আমদানির পূর্বে সরবরাহকারীর দেশে সরেজমিনে পরিদর্শন ইত্যাদি কাজ করবেন। সিডিকেট লোন প্রদানের পূর্বে লিড ব্যাংক কর্তৃক অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট প্রকল্পের ধরণ, উদ্যোক্তার অবস্থান, প্রকল্প মূল্য এবং প্রকল্পের সময়সীমা উল্লেখ পূর্বক প্রস্তাবনা পত্র (Offer letter) প্রেরণ করতে হবে।

৫.০৮ঃ Lending Caps :

একই খাতে ঋণ প্রবাহের কেন্দ্রীকরণ পরিহার করার জন্য ব্যাংক ঋণ পোর্ট ফোলিওকে শস্য, মৎস্য, পশু সম্পদ, খামার যন্ত্রপাতি, চলমান ঋণ, এস এম ই ও কৃষি ভিত্তিক শিল্প এবং আর্থ-সামাজিক কর্মকাণ্ডে বিভক্ত করে ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫.০৯ঃ কর্পোরেট গ্যারান্টি :

কর্পোরেট অর্থায়নের জন্য কর্পোরেট গ্যারান্টি একটি অতি গুরুত্বপূর্ণ দলিল। কর্পোরেট গ্যারান্টি হচ্ছে ঋণ গ্রহীতার সাথে ঋণ প্রদানকারীর একটি চুক্তিপত্র যাতে কোম্পানি বা কোন শিল্প প্রতিষ্ঠান তাদের ঋণ পরিশোধের অঙ্গীকার ব্যক্ত করে এবং ঋণ পরিশোধের সকল দায় দায়িত্ব পালনে সম্মতি জ্ঞাপন করে।

৫.১০ঃ সরকারী নিশ্চয়তা :

সরকারী নিশ্চয়তাপত্রের বিপরীতে ঋণ প্রদান করা যেতে পারে। এই নিশ্চয়তাপত্র অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নির্ধারিত ফরমে হতে হবে।

৫.১১ঃ ব্যাংক গ্যারান্টিঃ

ব্যাংক গ্যারান্টির সংজ্ঞাঃ চুক্তি আইনের আলোকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে তৃতীয় কোন পক্ষ (ব্যক্তি/প্রতিষ্ঠান) কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি কার্যে পরিণত করতে ব্যর্থ হলে উক্ত অক্ষম ব্যক্তি/প্রতিষ্ঠানকে দায়মুক্তির জন্য ব্যাংক কর্তৃক নিশ্চয়তা প্রদান করার প্রতিশ্রুতিকে ব্যাংক গ্যারান্টি বলে।

(ক) ব্যাংক গ্যারান্টি ইস্যুর উদ্দেশ্যঃ সাধারণতঃ নিম্নোক্ত নিশ্চয়তার জন্য ব্যাংক গ্যারান্টি ইস্যু করা হয়ে থাকেঃ

- * দরপত্র বা অঙ্গ জামানত টাকার জন্য;
- * কার্যসম্পাদন নিশ্চয়তা;
- * বন্দর (কাষ্টমস) আবগারী শুল্ক নিশ্চয়তা;
- * বিদেশী প্রতি সঙ্গীর অনুরোধে নিশ্চয়তা;
- * অন্যান্য নিশ্চয়তা।

(খ) ব্যাংক গ্যারান্টি প্রাপ্তির যোগ্যতা : ব্যাংকের নিকট বিশ্বস্ত, সুপরিচিত, আর্থিকভাবে স্বচ্ছল ও লেনদেন সন্তোষজনক এমন গ্রাহকের পক্ষে ব্যাংক গ্যারান্টি ইস্যু করা যাবে।

গ্যারান্টির প্রকারভেদ (১) ব্যাংকের দৃষ্টিকোন হইতে নিশ্চয়তাসমূহকে মোটামুটিভাবে দুই শ্রেণীতে বিভক্ত করা যায় :

চুক্তি আইনের আলোকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে তৃতীয় কোন পক্ষ (ব্যক্তি/প্রতিষ্ঠান) কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতিকার্যে পরিণত করতে ব্যর্থ হলে উক্ত অক্ষম ব্যক্তি/প্রতিষ্ঠানকে দায়মুক্তির জন্য ব্যাংক কর্তৃক নিশ্চয়তা প্রদান করবার প্রতিশ্রুতিকে ব্যাংক গ্যারান্টি বলে। এক্ষেত্রে ব্যাংক হচ্ছে নিশ্চয়তা বা গ্যারান্টি গ্রহীতার "জামিনদার" এবং যে সকল গ্রাহক (ব্যক্তি/প্রতিষ্ঠান) এর সম্ভাব্য অক্ষমতার বিপক্ষে নিশ্চয়তা প্রদান করা হয় তাকে "মুখ্য দেনাদার" এবং যে ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে গ্যারান্টি ইস্যু করা হয় তাকে "পাওনাদার" বলা হয়। সাধারণত ব্যাংক কর্তৃক বিশ্বস্ত গ্রাহকদের অনুরোধে পর্যাপ্ত মার্জিন ও জামানত গ্রহণপূর্বক তাদের (গ্রাহকদের) নির্দেশিত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে কতিপয় শর্তাধীনে ব্যাংক গ্যারান্টি ইস্যু করা হয়।

(২) সাধারণভাবে ব্যাংক কর্তৃক প্রদত্ত গ্যারান্টি সমূহের প্রকারভেদ :

(ক) সাধারণতঃ দরপত্র বা ডাক জামানতের জন্য পক্ষ সমূহ এই ধরনের নিশ্চয়তার অনুরোধ জানিয়ে থাকে এবং তা দরপত্র মূল্যের নির্দিষ্ট হারের অংকের (যেমন-২-৫%) জন্য চাওয়া হয়। যে দরপত্র দাতার অনুরোধে এটা প্রদত্ত হয় তিনি ব্যর্থ হলে প্রাপক তা নগদায়ন করতে পারেন।

(খ) কার্য সম্পাদন নিশ্চয়তাঃ

এটা নির্দিষ্ট সময়ে কার্য সম্পাদনের অঙ্গীকারের বিনিময়ে প্রদত্ত নিশ্চয়তা। এই ধরনের নিশ্চয়তা বৈদেশিক প্রতিসংগীর অনুরোধে তাদের প্রতি নিশ্চয়তার বিপরীতে মালামাল সরবরাহের নিশ্চয়তার জন্য তাদের গ্রাহকের অনুকূলে প্রদত্ত হয়।

(গ) বন্দর (কাষ্টম) ও আবগারী শুল্ক নিশ্চয়তাঃ

এই ধরনের নিশ্চয়তা আমদানিকৃত পণ্য বা রপ্তানিযোগ্য পণ্যের বন্দর শুল্ক /আবগারী শুল্ক প্রদানের নিশ্চয়তা হিসাবে গ্রাহকদের পক্ষে শুল্ক কর্তৃপক্ষ প্রদান করে।

(ঘ) অন্যান্য নিশ্চয়তাঃ

ঠিকাদারগণ স্থানীয় সরবরাহ ইত্যাদি বা অন্য যে কোন নির্দিষ্ট কাজের ক্ষেত্রেও নিশ্চয়তা চাইতে পারেন।

(ঙ) বিদেশী প্রতिसংগীর অনুরোধে নিশ্চয়তাঃ

এই ধরনের নিশ্চয়তা বিদেশী প্রতিসংগীর অনুরোধে তাদের গ্রাহকের পক্ষে বাংলাদেশী প্রাপকের অনুকূলে ডাক-জামানত /জামানত টাকা/ কার্য সম্পাদনের অংগীকার হিসাবে প্রদান করা হয়। বিদেশী ব্যাংকের প্রতি নিশ্চয়তার বিপরীতে এই নিশ্চয়তা প্রদান করা হয়।

প্রয়োজনীয়
কাগজপত্র

ব্যাংক গ্যারান্টির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- (১) যে পরিমাণ টাকার জন্য ব্যাংক গ্যারান্টি ইস্যু করতে হবে সে পরিমাণ, যে প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে গ্যারান্টি ইস্যু করতে হবে তার নাম ও পূর্ণ ঠিকানা, গ্যারান্টির উদ্দেশ্য, প্রয়োজনীয়তা ও সময়কাল, ক্যাশ মার্জিনের পরিমাণ, প্রস্তাবিত সহায়ক জামানতের বিবরণ ইত্যাদি তথ্য উল্লেখ পূর্বক গ্যারান্টি গ্রহণে ইচ্ছুক গ্রাহকের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত গ্রহণ করতে হবে।
- (২) প্রয়োজনীয় জামানতের মালিকানা স্বত্ব সংশ্লিষ্ট সকল কাগজপত্র/দলিলাদি এর মূল কপি নিতে হবে।
- (৩) যে প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে গ্যারান্টি ইস্যু করা হবে তাদের চাহিদাপত্র (রিকুইজিশন) এবং কাংখিত গ্যারান্টির নমুনা (যদি থাকে)।
- (৪) বাণিজ্যিক বা ব্যবসা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টি গ্রহীতার নিজ নামে বা সহযোগী প্রতিষ্ঠানের দায়-দেনা সংক্রান্ত হালনাগাদ সিআইবি প্রতিবেদন।
- (৫) গ্যারান্টি গ্রহীতার হিসাব বিবরণী (চলতি/সঞ্চয়ী/এসটিডি)।
- (৬) ব্যাংকের একজন কর্মকর্তা কর্তৃক সম্পাদিতসহ জামানতের মূল্যায়ন প্রতিবেদন (স্থাবর সম্পত্তির ক্ষেত্রে স্ভাব্যিক পূর্বানুমান প্রতিবেদন(এলএফ-৫)।
- (৭) টিআইএন সহ (যদি থাকে) আয়কর পরিশোধের রশিদ।
- (৮) গ্যারান্টির পূর্ণ টাকার জন্য গ্রাহকের নিকট হতে একটি ডিপি নোট নিতে হবে।
- (৯) মেয়াদপূর্তির সাথে সাথেই স্বত্বভোগী বা পাওনাদারের নাদাবী পত্রসহ মূল গ্যারান্টি পাওনাদারের নিকট হতে ফেরৎ এনে ব্যাংকে জমা দেয়ার এবং গ্যারান্টির সকল শর্ত পরিপালনের জন্য গ্রাহকের নিকট হতে ব্যক্তিগত অংগীকারপত্র গ্রহণ করতে হবে।

নিশ্চয়তার
শর্তাবলী

- (ক) ব্যাংক গ্যারান্টি ইস্যুর আবশ্যিকীয় শর্তাদি :
- (ক) গ্যারান্টি গ্রহীতাকে অবশ্যই ব্যাংকের বিশ্বস্ত গ্রাহক হতে হবে। ব্যাংকের গ্রাহক নন এরূপ কারো অনুরোধে ব্যাংক গ্যারান্টি ইস্যু করা যাবে না।
- (খ) গ্যারান্টি গ্রহীতার সততা, সুনাম এবং আর্থিক স্বচ্ছলতার বিষয়ে নিশ্চিত হতে হবে।
- (গ) গ্যারান্টি অবশ্যই নির্দিষ্ট সময় এবং নির্দিষ্ট দায় আবর্তন করে ইস্যু করতে হবে। গ্যারান্টি রিভলভিং হবে না।
- (ঘ) কোন অসীম দায় আবর্তন করে গ্যারান্টি ইস্যু করা যাবে না।
- (ঙ) গ্যারান্টি পরিমাণের ন্যূনতম ৩০% মার্জিন হিসাবে নগদ গ্রহণ করতে হবে এবং ২১৪-মার্জিনাল ডিপোজিট একাউন্টে জমা রাখতে হবে। তবে ১০০% নগদ জমার বিপরীতে এইরূপ মার্জিনের প্রয়োজন নাই। ব্যাংক গ্যারান্টির সহজামানত সহজে নগদায়নযোগ্য বাংলাদেশ কৃষি ব্যাংকের এফডিআর/অন্যান্য গ্রহণযোগ্য ইনস্ট্রুমেন্ট হলে ক্যাশ মার্জিনের বিষয়টি শিথিলযোগ্য হবে। তবে এক্ষেত্রে কমিশন প্রচলিত নিয়মে প্রযোজ্য হবে।
- (চ) দায় পরিশোধে গ্রাহক অক্ষম হওয়ার দিন হতে ১৫ দিনের মধ্যে পাওনাদার কর্তৃক ব্যাংকের নিকট তার দাবী যথাযথভাবে উত্থাপন করতে হবে। তবে এই দাবী সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে যথাযথভাবে উপস্থাপনে ব্যর্থ হলে দাবীটি তামাদিতে বারিত হওয়ার কারণে তা বাতিল করা হবে।
- (ছ) ব্যাংক গ্যারান্টির পাওনাদার কর্তৃক গ্যারান্টি সীমার অতিরিক্ত কোন দাবী উত্থাপিত হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (জ) গ্যারান্টির উদ্দেশ্য, প্রকার, প্রকৃতি, মেয়াদ ও নমুনা ইত্যাদি সম্পর্কে গ্যারান্টির স্বত্বভোগী পাওনাদারের চাহিদাপত্র (রিকুইজিশন) থাকতে হবে।

	<p>(ঝ) নিশ্চয়তা চালু থাকাবস্থায় কোনরূপ লোকসানজনিত ক্ষতিপূরণের জন্য গ্রাহকের নিকট হতে নিশ্চয়তার পূর্ণ টাকার জন্য প্রতিনিশ্চয়তা সংগ্রহ করতে হবে।</p>
ব্যবসায়িক ক্ষমতা	<p>পর্যদ সচিবালয় বিভাগের পরিপত্র নং-প্রসবি-০২/২০০৩ তারিখ ৩-১১-০৩ মোতাবেক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যাংক গ্যারান্টি প্রদানের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।</p>
ব্যাংক গ্যারান্টির জন্য প্রয়োজনীয় জামানত	<p>ব্যাংক গ্যারান্টির জন্য প্রয়োজনীয় জামানত :</p> <p>(ক) ব্যাংক গ্যারান্টির সহ জামানত হিসাবে সহজেই নগদায়নযোগ্য বাংলাদেশ কৃষি ব্যাংকের মেয়াদী আমানত রশিদ/অন্যান্য গ্রহণযোগ্য ইনস্ট্রুমেন্টকে অগ্রাধিকার দিতে হবে।</p> <p>(খ) ক্যাশ মার্জিন (যত বেশি সম্ভব) বাদে গ্যারান্টি অংকের অবশিষ্টাংশের বিপরীতে সিটি কর্পোরেশন, পৌরসভা এবং গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্রের জমি/হিমারত জামানত হিসাবে গ্রহণ করতে হবে। তবে কৃষি জমি জামানত হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, ১০০% ক্যাশ মার্জিনের ক্ষেত্রে কোন সহায়ক জামানত গ্রহণের প্রয়োজন হবে না।</p> <p>(গ) সহ জামানত স্থাবর সম্পত্তি হইলে ব্যাংকের প্রচলিত নিয়মে সরজমিনে তদন্ত ও মূল্যায়নকরতঃ ব্যাংক কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত মূল্যায়ন প্রতিবেদনের (এলএফ-৫) ভিত্তিতে সহ জামানত বন্ধকী দলিল সম্পাদনের মাধ্যমে বন্ধক গ্রহণ করতে হবে।</p>
কমিশন/সার্ভিস চার্জ	<p>ব্যাংক গ্যারান্টির কমিশনের হার প্রতি তিন মাসের জন্য গ্যারান্টি মূল্যের ১% এবং সর্বনিম্ন ১০০০/- টাকা। ১০০% ক্যাশ মার্জিনে গ্যারান্টি প্রদান করা হলে শুধুমাত্র নির্ধারিত ১০০০/- টাকা সার্ভিস চার্জ দিতে হবে। উভয় ক্ষেত্রে কমিশন/সার্ভিস চার্জ গ্যারান্টি ইস্যুকালে এককালীন অগ্রিম আদায় করতে হবে। বিদেশী প্রতিসংগীর অনুরোধে গ্যারান্টি ইস্যু হলে অভিন্ন হারে কমিশন/সার্ভিস চার্জ মার্কিন ডলারে নিতে হবে। কোনরূপ আবেদন ফি অথবা মূল্যায়ন ফি গ্রহণ করতে হবে না। এই হার সময় সময়ে পরিবর্তনযোগ্য।</p>
সময়কাল	<p>ব্যাংক গ্যারান্টি ইস্যুর সময়কাল হবে গ্রাহকের প্রয়োজনীয়তা, ক্যাশ মার্জিন, জামানত এবং সর্বোপরি গ্রাহকের বিশ্বস্ততা ইত্যাদি বিবেচনা করে চাহিদার ভিত্তিতে অনূর্ধ্ব ৫ বছর। ৫ বছরের অধিক সময়ের জন্য ব্যাংক গ্যারান্টি ইস্যু করতে হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর মাধ্যমে প্রধান কার্যালয়ের পর্বানুমোদন নিতে হবে। চা বাগানের অনুরোধে গ্যারান্টি ইস্যুর ক্ষেত্রেও ৫ বছরের জন্য ইস্যু করা যাবে।</p>
গ্যারান্টি ইস্যুকরণ	<p>গ্যারান্টি ইস্যুকালে নিম্নবর্ণিত বিষয়াবলী গ্যারান্টিতে উল্লেখ করতে হবেঃ</p> <p>(ক) যাবতীয় আবশ্যিকতা ও শর্তাদি পূরণ করে যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর প্রচলিত নমুনা অথবা পাওনাদারের চাহিদা নমুনা অনুযায়ী ১৫০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার যৌথ স্বাক্ষরে গ্যারান্টি প্রদান করতে হবে।</p> <p>(খ) স্ট্যাম্প খরচ গ্যারান্টি গ্রহীতা বহন করবেন।</p> <p>(গ) প্রতিটি গ্যারান্টি যে আকারে বা প্রকারে ইস্যু করা হোক তাতে নিম্নোক্ত শর্তাবলী সন্নিবেশ করতে হবেঃ</p> <p>"এই গ্যারান্টি..... তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে এই গ্যারান্টির বৈধতার অবসান হবে। এই গ্যারান্টিতে অত্র ব্যাংকের দায় দায়িত্ব টাকা(.....) পর্যন্ত সীমিত। এই গ্যারান্টির অধীনে কোন দাবী থাকলে উহা ব্যাংকের নিকট সর্বশেষ ইং..... তারিখের মধ্যে পেশ করতে হবে। নির্দিষ্ট এই তারিখের মধ্যে পেশ করতে ব্যর্থ হলে দাবী অগ্রাহ্য হবে।</p>
গ্যারান্টি নগদীকরণ	<p>গ্যারান্টি গ্রহীতা গ্যারান্টির মেয়াদকালে গ্যারান্টির স্বত্বভোগী (বেনিফিশিয়ারী)/পাওনাদারের দায় পূরণে অক্ষম হলে সংশ্লিষ্ট স্বত্বভোগী/পাওনাদার তার পাওনা আদায়ের জন্য ব্যাংকের নিকট যথানিয়মে ও যথাসময়ের মধ্যে দাবি উত্থাপন করবেন। উত্থাপিত দাবির সঠিকতা যাচাই করে ব্যাংক তাৎক্ষণিকভাবে গ্যারান্টি গ্রহীতার নামে "তলবী ঋণ"</p>

হিসাব (ডিমান্ড লোন) সৃষ্টি করে তা ডেবিট করে গ্যারান্টির স্বত্বভোগী/পাওনাদারের দাবীকৃত টাকা পরিশোধ করবে। গ্যারান্টি নগদায়নের বিস্তারিত পদ্ধতি নিম্নরূপ হবে :

(ক) দাবী মিটাতে অক্ষম গ্যারান্টি গ্রহীতাকে উক্ত দাবী মিটানোর জন্য এই মর্মে নোটিশ দিতে হবে যে, নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে তার দ্বারা সংশ্লিষ্ট পাওনাদারের পূর্ণ দায়দেনা পরিশোধ করা না হলে তার (গ্যারান্টি গ্রহীতার) নামে "তলবী ঋণ" (ডিমান্ড লোন) হিসাব খুলে তা ডেবিট করে দাবি উত্থাপনকারী পাওনাদারের দাবি মিটাতে ব্যাংক বাধ্য হবে। নির্দিষ্ট এই ১৫ দিন সময় সীমার মধ্যে গ্যারান্টি গ্রহীতা দাবী না মিটালে সংশ্লিষ্ট ব্যাংক শাখা গ্যারান্টি গ্রহীতার (মুখ্য দেনাদার) নামে "১০২৪ তলবী ঋণ" হিসাব খুলে দাবি উত্থাপনকারী (পাওনাদার) দাবী মিটানোর মাধ্যমে গ্যারান্টি নগদীকরণ করবে। এক্ষেত্রে স্বত্বভোগী/পাওনাদারের নিকট হতে মূল্য ব্যাংক গ্যারান্টি ফেরৎ নিতে হবে। তলবী ঋণ হিসাব খোলার পূর্বে অতি দ্রুততার সাথে বিস্তারিত তথ্য জানিয়ে প্রধান কার্যালয়ের অনুমোদন নিতে হবে এবং হিসাব খোলার পর বিষয়টি গ্যারান্টি গ্রহীতাকে যথাসময়ে অবহিত করতে হবে।

(খ) গ্যারান্টি ইস্যুর সময়ে গ্যারান্টি গ্রহীতা কর্তৃক ২১৪ মার্জিনাল ডিপোজিট একাউন্ট এ জমাকৃত ক্যাশ মার্জিনের টাকা উক্ত হিসাব খাত হতে ডেবিট করে গ্রহীতার নামে সৃষ্ট ১০২৪ তলবী ঋণ হিসাবে ক্রেডিট করতে হবে। এই ক্রেডিটের পর তলবী ঋণ হিসাবের অবশিষ্ট পাওনা আদায়ের জন্য গ্যারান্টি গ্রহীতা (মুখ্য দেনাদার) কর্তৃক প্রদত্ত জামানত কাউন্টার গ্যারান্টি বলে ব্যাংকের প্রচলিত নিয়মে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) গ্যারান্টি গ্রহীতার নামে সৃষ্ট তলবী ঋণের উপর ঋণ হিসাব খোলার তারিখ হতে সম্পূর্ণ ঋণ আদায়ের তারিখ পর্যন্ত চক্রবৃদ্ধি ভিত্তিতে বার্ষিক ১২% (অন্যান্য বাণিজ্যিক ঋণের নামে যখন যেমন প্রযোজ্য) হারে সুদারোপ করতে হবে। এই সুদ ত্রৈমাসিক ভিত্তিতে আরোপযোগ্য হবে। ঋণ আদায়ের জন্য গৃহীত সকল কার্যক্রম/আইনগত ব্যবস্থা গ্রহণ বাবদ যাবতীয় খরচ খাতককে বহন করতে হবে।

হিসাবায়ন
পদ্ধতি

গ্যারান্টি প্রদানের সময় নিম্নলিখিত হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে :

(ক) ক্যাশ মার্জিন হিসাবে জমাকৃত টাকা ২১৪-মার্জিনাল ডিপোজিট একাউন্ট এ জমা গ্রহণ ও সংরক্ষণ করতে হবে।

(খ) ব্যাংক গ্যারান্টি ইস্যুর তারিখে গ্যারান্টির পূর্ণ টাকার জন্য একটি স্থানান্তর ভাউচার (এসিএফ-১৭) প্রস্তুত করতে হবে। ভাউচারটিতে নিম্নে বর্ণিত হিসাব খাতে লেনদেন দেখাতে হবে :

(১) ডেবিট : ১২১/গ্রাহকের দায়-দেনার গ্যারান্টি।

(২) ক্রেডিট : ৬১/ অনিশ্পন্ন ব্যাংক গ্যারান্টি।

(৩) স্বাভাবিকভাবে অবসায়িত হলে উপরোক্ত এন্ট্রির রিভার্স ভাউচার করতে হবে।

(৪) গ্রাহকের নামে তলবী ঋণ হিসাব খোলার ক্ষেত্রে উদ্ভব হলে নিম্নরূপ লেনদেন ভাউচার প্রস্তুত করতে হবে :

ডেবিট	ক্রেডিট
১০১৪/তলবী ঋণ হিসাব	৪৭/পেমেন্ট অর্ডার
২১৪/মার্জিনাল ডিপোজিট-১	

তথ্য সংরক্ষণ
ও ব্যবস্থাপনা

ব্যাংক শাখা আবশ্যিক ভাবে "ব্যাংক গ্যারান্টি রেজিস্টার" (এসিএফ-২৪২) সংরক্ষণ করবে। একটি ব্যাংক গ্যারান্টি ইস্যু করার সাথে সাথে রেজিস্টারটিতে যাবতীয় তথ্য লিখে রাখবে। মেয়াদ পূর্ণ তার প্রেক্ষিতে নিশ্চয়তা গ্রহীতাকে নোটিশ প্রদানের জন্য অথবা প্রাসংগিক বিষয়ে অত্যাবশ্যকীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে শাখা ব্যবস্থাপক নিজে এই ব্যাংক গ্যারান্টি রেজিস্টারটি প্রতি মাসে কমপক্ষে ২(দুই) বার করে পর্যালোচনা করবেন।

ক্রমিক	যে	ব্যাংক	ব্যাংক	শতকরা	মূল্যসহ	নিশ্চয়তা	নিশ্চয়তার	নোটিশ	ব্যাংক	মন্তব্য
--------	----	--------	--------	-------	---------	-----------	------------	-------	--------	---------

নম্বর	গ্রাহকের পক্ষে নিশ্চয়তা প্রদত্ত হয়েছে তার নাম ও ঠিকানা	নিশ্চয়তার প্রাপক/যার অনুকূলে প্রদত্ত হয়েছে	নিশ্চয়তার টাকার অংক	হিসাব সহ প্রারম্ভিক নগদ জমা	জামানতে র বিবরণ	প্রদানের তারিখ	মেয়াদ পূর্ণতার তারিখ	প্রদানের তারিখ	নিশ্চয়তা প্রত্যাহার/ সম্পন্নকরণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

গ্যারান্টির
অবসান

নির্দিষ্ট তারিখ/সময়সীমা অতিক্রান্তের সংগে সংগে ইস্যুকৃত ব্যাংক গ্যারান্টি অবসায়িত বা অকার্যকর বলে গণ্য হবে। সময় সীমা অতিক্রান্তের সাথে সাথেই গ্যারান্টির স্বত্বভোগী পাওনাদারকে লিখিতভাবে ইস্যুকৃত গ্যারান্টির মেয়াদ বা কার্যকারিতা শেষ হয়েছে মর্মে অবহিত করতে হবে এবং তার (স্বত্বভোগী পাওনাদার) নিকট হতে গ্যারান্টি গ্রহীতা গ্রাহকের মাধ্যমে বা প্রয়োজনে সরাসরি যোগাযোগ করে গ্যারান্টির মূল কপি ফেরৎ গ্রহণ করতে হবে। সংগৃহীত মূল গ্যারান্টির গায়ে স্পষ্টভাবে "মেয়াদ শেষ" অথবা "অবসায়িত" লিখে তা নথিভুক্ত করে রাখতে হবে। গ্যারান্টির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই যদি গ্যারান্টি অবসায়নের প্রয়োজন দেখা দেয় সেক্ষেত্রে অনুরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে।

অধ্যায়-০৬
প্রশাসনিক প্রক্রিয়ায় ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা

৬.০১ঃ ঋণ গ্রহীতার ফলো আপ এবং সংশোধনীমূলক পদক্ষেপঃ

গ্রাহকদের সাথে আলাপচারিতা এবং প্রকল্প পরিদর্শন করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা একটি জটিল এবং ধারাবাহিক প্রক্রিয়া। ঋণদাতাকে ঋণ প্রদান করার পূর্বে যথাসম্ভব প্রকল্প পরিদর্শন বা ঋণ গ্রহীতার প্রতিষ্ঠান/কারখানা পরিদর্শন করা গুরুত্বপূর্ণ। কারণঃ -

ক. সমস্যা প্রায়শঃ মাঠে স্পষ্ট হয়।

খ. সমস্যা প্রায়শঃ আর্থিক বিবৃতিতে সাজানো থাকে।

গ. ঋণের টাকা মূল উদ্দেশ্য ছাড়া অন্য উদ্দেশ্যে ব্যবহার করে।

ঋণের আকার ও ঝুঁকি রেটিং এর উপর নির্ভর করে ব্যাংককে ঋণগ্রহীতার সাথে প্রতি ত্রৈমাসিকে একবার আলোচনা করা উচিত। এজন্য ব্যাংককে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ-

১. ঋণগ্রহীতার সাথে আলোচনা করার জন্য একটি সময়সূচির পরিকল্পনা প্রণয়ন।

২. সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য সংগ্রহকরণ।

৩. ঋণ শ্রেণীবিন্যাস এর উপর নির্ভর করে প্রকল্প কতবার পরিদর্শন করা হবে তা নির্ধারণ। প্রতিকূল শ্রেণীবিন্যাস হলে বারবার পরিদর্শন করতে হবে।

এছাড়াও ব্যাংক তার অতিরিক্ত সাবধানতার জন্য ঋণগ্রহীতার আর্থিক স্থায়িত্বের প্রতি বিশেষ লক্ষ্য রাখবে। লাভজনকতা, ইকুইটি, লিভারেজ এবং তারল্যের প্রধান আর্থিক কর্মক্ষমতার নির্দেশক সমূহকে বিশ্লেষণ করতে হবে। এ ধরনের বিশ্লেষণের ক্ষেত্রে ব্যবসায়িক ঝুঁকি, শিল্প ক্ষেত্রে ঋণগ্রহীতার অবস্থান এবং বহিরাগত কারণসমূহ যেমনঃ অর্থনৈতিক অবস্থা, সরকারী নীতি ও নিয়মকানুন ইত্যাদি বিবেচনা করতে হবে।

ব্যাংকের বর্তমান ঋণগ্রহীতার ক্ষেত্রে কর্তৃপক্ষকে ঋণগ্রহীতার হিসাব বিবরণী, ঋণ পরিশোধের ইতিহাস ও সর্বোচ্চ ঋণ সীমা ব্যবহার করার বিষয়টি ভালোভাবে নিরীক্ষণ করা উচিত। চলতি মূলধন ঋণ বা ড্রেড ব্যবসার ক্ষেত্রে ব্যাংককে অবশ্যই Due date কবে তা পূর্বই নিশ্চিত করতে হবে এবং বিলটি মেয়াদ উত্তীর্ণ কবে হবে তা পর্যবেক্ষণ করতে হবে।

ব্যাংককে নিয়মিত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধের আর্থিক ক্ষমতা, ঋণ চুক্তিতে চুক্তিপত্র অনুযায়ী সকল শর্ত মেনে চলছে কিনা তা পর্যবেক্ষণ করতে হবে এবং কোনো কিছু ল ঘন শনাক্ত হলে তা অবিলম্বে ঋণগ্রহীতার সাথে আলাপ করে সমাধান করতে হবে।

৬.০২ঃ স্বতন্ত্র অভ্যন্তরীণ ঋণ পর্যালোচনা এবং ঋণ ঝুঁকি রেটিং পরিবর্তন :

ঋণ ঝুঁকি ব্যবস্থাপনায় স্বাধীন অভ্যন্তরীণ ঋণ পর্যালোচনা একটি জটিল ধারণা।

ক. ঋণ পর্যালোচনা বনাম ঋণ পর্যবেক্ষণঃ

ঋণ পর্যালোচনা একটি কৌশলগত প্রক্রিয়া এবং স্টাফ ফাংশনঃ-

১. তৃতীয় পক্ষের দ্বারা সম্পন্ন হয় (ঋণ অফিসার দ্বারা নয়)।

২. পৃথক ঋণ ও ঋণ পোর্টফলিও এর পর্যালোচনা এবং মূল্যায়ন অন্তর্ভুক্ত করতে হবে।

৩. সামগ্রিকভাবে ঋণ পোর্টফলিও মূল্যায়ন করার প্রচেষ্টা।

৪. ঋণ পোর্টফলিও এর মাধ্যমে কর্পোরেট কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য সুপারিশ করা।

ঋণ পর্যবেক্ষণ একটি কৌশলী প্রক্রিয়া বা একটি কার্যপদ্ধতি যা -

১. ঋণ অফিসার দ্বারা কার্য সম্পাদন করা।

২. ঋণগ্রহীতাকে অনুসরণ করা, প্রয়োজন না হলে ঋণের পরিমাণ হ্রাসকরণের জন্য পর্যবেক্ষণ এবং যথাসময়ে ঋণ পরিশোধের জন্য তাগাদা দেয়া।

খ. ঋণ পর্যালোচনার উদ্দেশ্যঃ

১. ঋণ পোর্টফলিওর প্রতিটি ঋণের ঋণমান মূল্যায়ন করার জন্য রিস্ক রেটিং নির্ধারণের একটি স্বাধীন মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করতে হবে।

২. ঋণ লোকসান ও পর্যাণ্ড রিজার্ভ নির্ণয়ে নিম্নোক্ত বিষয় সমূহ বিবেচনা করতে হবে-

ক. ঐতিহাসিক ঋণ হ্রাস এবং পুনরুদ্ধারের অভিজ্ঞতা।

খ. ঋণ লোকসান এবং আদায় অনুমতি।

গ. সমস্যাজনিত ঋণের পর্যালোচনা।

ঘ. সার্বিক পোর্টফলিও মান।

ঙ. বর্তমান এবং উপেক্ষিত অর্থনৈতিক অবস্থা।

চ. ব্যাংকের আয় বৃদ্ধির মাধ্যমে loan loss সংরক্ষণের ক্ষমতা অর্জন করা।

৩. প্রবণতা/ট্রেন্ড নির্ণয়ঃ

ক. ঋণ পর্যালোচনার প্রবণতা/ট্রেন্ড দূরদর্শীতা পূর্ণ হতে হবে এবং সম্ভাব্য সমস্যার ক্ষেত্রগুলো শনাক্ত করার জন্য চেষ্টা করতে হবে। এসকল কারণ পরীক্ষার পর ঋণমান, ঋণের প্রশাসনের কর্মকর্তাদের মান, ঋণ কেন্দ্রীকরণ এবং অর্থনৈতিক দুর্বলতা পর্যালোচনা করতে হবে।

খ. বর্তমান পর্যালোচনা করাই যথেষ্ট নয় কারণ ব্যাংকিং কার্যক্রম স্থবির নয় বরং গতিশীল ব্যবসা পরিবর্তনশীলতার সাথে পর্যালোচনা পদ্ধতিতেও পরিবর্তন আনতে হবে।

৪. সমস্যা চিহ্নিতকরণঃ

ক. ঋণ কেন্দ্রীয়করণ সমস্যার সংকেত দেয়।

খ. একবার সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সমস্যাগুলোর উৎস চিহ্নিতকরণ জরুরী।

গ. সম্ভবত ঋণ প্রশাসন/পর্যবেক্ষণ দুর্বলতা।

৫. ঋণ নীতি, আইন ও প্রবিধান এর মূল্যায়নঃ

ক. পৃথক ঋণ গুলো ঋণ নীতি, আইন ও প্রবিধান এর মধ্যে কিনা?

খ. কোনো আইন লঙ্ঘন করা হচ্ছে কিনা।

গ. এক্ষেত্রে আইন প্রতিপালন না করার প্যাটার্ন রয়েছে কিনা?

১. সম্ভবত ব্যাংকের ঋণ নীতিমালাটি বাস্তব সম্মত নয় বা এটি পরিবর্তন করা উচিত

২. ঋণ কর্মকর্তাদের সম্ভবত অতিরিক্ত প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

৬. লাভজনকতা ও তহবিল ব্যবস্থাপনার উদ্দেশ্যে পোর্টফলিও মূল্যায়ন।

ক. প্রতিটি ঋণের পৃথক পৃথক লাভজনকতা নির্ধারণ করা।

খ. সামগ্রিকভাবে সম্পূর্ণ ঋণ পোর্টফলিও এর লাভজনকতা নির্ধারণ করা।

৭. ঋণ প্রশাসন ও কর্মকর্তাদের কর্মকাণ্ড মূল্যায়ন এর জন্য নিম্নোক্ত বিষয়ের উপর মনোযোগ নিবদ্ধ করতে হবেঃ

ক. ঋণ নীতিমালা।

খ. ঋণ অনুমোদন পদ্ধতি।

গ. চলমান ঋণ পর্যবেক্ষণ।

ঘ. সমস্যাগ্রস্ত ঋণের প্রশাসনিক ব্যবস্থাাদি।

ঙ. প্রত্যেক ঋণের পৃথক পৃথক পর্যালোচনা।

প্রয়োজনবোধে নীতিমালা উন্নয়নের জন্য সুপারিশ করতে হবে। ঋণ পর্যালোচনা শুধুমাত্র ঋণের মানের উন্নয়নের জন্য নয় বরং ঋণ ব্যবস্থাপনা প্রক্রিয়া, ঋণ পোর্টফলিওর মানের উন্নয়ন, ঋণ পোর্টফলিওর লাভজনকতার দিকে মনোযোগ নিবদ্ধ করতে হবে।

গ. ঋণ পর্যালোচনার প্রধান উপাদানসমূহঃ

১. উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগিতা

ক. বাস্তবধর্মী

খ. বিশ্বাসযোগ্যতা

ঋণ পর্যালোচনা বিষয়টি পরিচালনা পর্ষদের পক্ষ থেকে রিপোর্ট আকারে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সমর্থন থাকতে হবে। বাস্তবধর্মী অনেকটা জটিল ও সংকটপূর্ণ। উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তা নির্ধারণ করে থাকে। পাল্টা অভিযোগ/প্রতিকূল অবস্থা ও অবাঞ্ছিত তথ্য না দিয়ে এই সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে হতে হবে।

২. বিশ্বাসযোগ্যতা :

বিশ্বাসযোগ্যতা অত্যাৱশ্যক। একটি ভালো ঋণ পর্যালোচনা দল পরামর্শক হিসেবে কাজ করে, সমস্যাগুলো চিহ্নিত করে ও সম্ভাব্য সমাধানের সুপারিশ করে থাকে। ঋণ পর্যালোচনা কর্মীদের যোগ্য এবং অভিজ্ঞ হতে হবে। ঋণ পর্যালোচনা সম্ভাব্য ঋণ কর্মীদের চমৎকার প্রশিক্ষণের উপাদান হিসেবে কাজ করে।

ঘ. সাংগঠনিক ও প্রতিবেদনের ক্ষেত্রে বিবেচ্য সমূহঃ

ঋণ পর্যালোচনা সাধারণত স্বাধীন একটি কাজ বা ব্যাংকের সামগ্রিক নিরীক্ষা কাজের একটি অংশ। মূলত এটি ব্যাংকের পরিচালনা পর্ষদের নিকট রিপোর্ট প্রদান করে থাকে। একটি স্বাধীন ঋণ পর্যালোচনা বিভাগের মূল উদ্দেশ্য হলো বস্তুনিষ্ঠতা অর্জন। এই ক্ষেত্রে এটা খুব গুরুত্বপূর্ণ যে, ঋণ পর্যালোচনা কর্মীদেরকে উক্ত কাজে উপযুক্ত হতে হবে এবং ঋণ প্রদান কার্যক্রমের ক্ষেত্রে অভিজ্ঞতা, বিশ্বাস যোগ্যতা স্থাপন ও যোগাযোগ রক্ষা করতে হবে। যদি ঋণ পর্যালোচনা বিভাগের কোনো বিশ্বাস যোগ্যতা না থাকে এবং যদি ঋণগ্রহীতার যোগাযোগ অপ্রতুল হয় তবে এই কার্যক্রমে ভাল ফল আশা করা যায় না।

ঙ. ঋণ পর্যালোচনা কি ভাবে ভূমিকা পালন করতে পারেঃ-

- কে, কারা, কখন, কত সময়ের মধ্যে এবং কি পরিমাণ জনবল নিয়ে পর্যালোচনা করা হবে তা নির্ধারণ করতে হবে।
- ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিও পর্যালোচনা করতে হবে।
- নূন্যতম ঋণের পরিমাণ নির্ধারণ করে তা পর্যালোচনা করতে হবে।
- পরিসংখ্যানের ভিত্তিতে এলোমেলো ভাবে ঋণ স্যাম্পলিং করতে হবে।
- সন্দেহজনক কেন্দ্রীকরণ শিল্প খাতকে চিহ্নিত এবং পরীক্ষা করতে হবে।
- নির্দিষ্ট আর্থিক বৈশিষ্ট্য বিশিষ্ট গ্রাহকদেরকে যাচাই বাচাই করতে হবে যেমনঃ খেলাপী আয়, সুদ সংবেদনশীল ঋণগ্রহীতার উদ্দেশ্য সাধনের জন্য শিল্প খাতের আদর্শ মানকে ছাড়িয়ে যায়।
- যে সকল শাখার ঋণের ক্ষেত্রে দুর্বলতা ও কর্মকর্তাদের অযোগ্যতা রয়েছে এমন সন্দেহভাজন শাখা/কর্মকর্তাদের পরীক্ষা করতে হবে।
- ঋণ পর্যালোচনা ঝুঁকি রেটিং এর ভিত্তিতে পুনারাবৃত্তি করতে হবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন শাখা হলে ঘনঘন ঋণ পর্যালোচনা করতে হবে।
- সংশোধন মূলক ব্যবস্থা গ্রহণের জন্য যে সকল শাখায় সুপারিশ করা হয়েছে তাদেরকে উপযুক্ত মনিটরিং এর মধ্যে রাখতে হবে।
- ঋণ বিভাগের ঋণ পর্যালোচনা সভায় ঋণের মূল্য পরিশোধের সূচি, মূল্য নির্ধারণ, তহবিল ব্যবস্থাপনার লক্ষ্য ও উপযুক্ত পর্যবেক্ষণ বিষয়ে আলোচনার সময় ঋণ পর্যালোচনা কমিটির সকল সদস্য কে উপস্থিত থাকতে হবে।

চ. ঋণ পর্যালোচনার মূল বিষয়ঃ

পৃথক ঋণ পরীক্ষা করার সময় ৫ টি বিষয় মূল্যায়ন করা উচিতঃ

- ঋণের মান
- ডকুমেন্টেশন/দলিলায়ন
- জামানতি সম্পত্তির দ্রুত নগদায়ন এর ব্যবস্থা
- মূল্য নির্ধারণ এবং তহবিল ব্যবস্থাপনার উদ্দেশ্যসমূহ
- ঋণের নীতি, আইন ও নিয়ম কানুন এর পরিপালন।

ছ. ঋণের মান :

ঋণের মান ৩ টি মৌলিক প্রশ্ন দ্বারা নির্ণয় করা যায় :

- এই ঋণটি দ্বারা ঋণদাতা আলাদা কোনো ঝুঁকি অনুভব করেন কি না ?
- শর্তানুযায়ী ঋণের অর্থ ফেরৎ পাওয়ার সম্ভাবনা আছে কি না ?
- বর্তমান পর্যবেক্ষণ ব্যবস্থা পর্যাপ্ত কি না ?

একটি ঝুঁকি মূল্যায়ন ব্যবস্থায় যতটা সম্ভব বৈষয়িক উপাদান ব্যবহার কমাতে হবে। একটি ঋণ পরীক্ষার সময় ঋণ পর্যালোচনার বিষয়টি ঋণ দাতা কর্তৃক নির্ধারিত ঝুঁকি রেটিং নিশ্চিত করতে হবে নতুবা তা পরিবর্তন এবং উক্ত পরিবর্তন বাস্তবায়ন করতে হবে।

জ. দলিল রক্ষণাবেক্ষণ :

ঋণ বিতরণ, যথাযথ দলিলায়ন এবং সম্পাদিত দলিলসহ ঋণের মূল নথি শাখায়, ছায়ানথি অন্যান্য সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। সিকিউরিটি দলিলাদি অগ্নি ঝুঁকি মুক্ত স্টোরে কঠোর নিয়ন্ত্রণে ও নিরাপত্তায় ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সংরক্ষণ করতে হবে। রেকর্ড ব্যবস্থাপনা ও ঋণ নথি সংরক্ষণ প্রসঙ্গে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ম্যানুয়েল এবং পত্রের নির্দেশনা পরিপালন করতে হবে। বীমাযোগ্য সম্পত্তির জন্য Comprehensive বীমা পলিসি নিতে হবে এবং সঠিক সময়ে নবায়ন করতে হবে। এ ক্ষেত্রে সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং বিভাগের আগস্ট ১৫, ১৯৯৫ তারিখের অম/ব্যাবি/নীতি-৬/৪/৯৫/১৬৫ এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের সেপ্টেম্বর ৪, ১৯৯৫ তারিখের অপারেশন পরিপত্র নং-৮৪/৯৫ কঠোরভাবে অনুসরণ করতে হবে।

ঝ. জামানতি সম্পত্তির দ্রুত মূল্য নগদায়ন :

জামানতি সম্পত্তির প্রাসঙ্গিক মূল্য হলো উক্ত সম্পত্তি কি দামে নগদায়ন করা যায়। কারণ ঋণটি পরিশোধ করার জন্য পর্যাপ্ত নগদ অর্থের প্রয়োজনে জামানত দরকার। জামানতি সম্পত্তির বহিঃমূল্য অর্থহীন। ঋণের জামানত গ্রহণের/সম্পর্কিত কাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে ঋণ পর্যালোচনা করতে হবে, যাদের জামানতি সম্পত্তি সম্পর্কে কিভাবে নগদায়ন করতে হয় সে জ্ঞান আছে তাদেরকে এই কাজের সাথে সম্পর্কযুক্ত রাখতে হবে। বাস্তবভিত্তিক জামানত গ্রহণকালে তৃতীয়পক্ষের মতামত অত্যন্ত দায়িত্বশীলতার সাথে গ্রহণ করতে হবে যাতে দায়িত্বশীলতার সহিত ঋণ জামানত সম্পর্ক ঋণদাতা দ্বারা পরিচালিত হয়।

৬.০৩ঃ সমস্যাগ্রস্থ সম্পদ সময়মত চিহ্নিত করণঃ

সাধারণ মান অনুযায়ী ঋণের জামানত বা জামানত বিহীন মেয়াদোত্তীর্ণ ঋণ ও অন্যান্য কারণে একক ঋণ বা সমষ্টিগত ঋণের প্রতিশ্রুতি প্রবল ভাবে অপরিপূর্ণ থেকে যায় কিন্তু সমস্যাগ্রস্থ ঋণ চিহ্নিত করণ ও পর্যাপ্ত প্রতিশ্রুতি রাখার প্রয়োজন ছিল। আন্তর্জাতিক আর্থিক হিসাবে মান ও আর্থিক সম্পদের পরিমাণ শ্রেণীবিন্যাসের উপর প্রতিশ্রুতি রাখা জরুরী।

ব্যাংক যখন তার ঋণ সমূহ পর্যালোচনা ও শ্রেণীবিন্যাস করে তখন ঐ সমস্ত ঋণগ্রহীতাদের সম্পর্কে সতর্ক থাকা উচিত। যাতে তারা ভবিষ্যতে আর্থিক সমস্যা সৃষ্টির মাধ্যমে দেশের সামষ্টিক অর্থনীতি, শিল্প ও প্রতিযোগিতা মূলক পরিবেশকে ক্ষতিগ্রস্ত না করতে পারে। এই ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের মাস্টার সার্কুলার-১৪ তারিখ ২৩-০৯-২০১২ বিষয় “ঋণ শ্রেণীবিন্যাস এবং প্রতিশ্রুতি” সংক্রান্ত বিষয়াদি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

আরো নির্দিষ্ট ভাবে বলতে গেলে একটি ঋণ কিভাবে সমস্যাগ্রস্থ ঋণে পরিণত হয় তা নিম্নলিখিত সতর্কতা সংকেত সমূহ থেকে ব্যাংক পূর্বাভাস হিসাবে বিবেচনা করতে পারেঃ-

ক. দলিলায়নে দুর্বলতা (Documentation Weakness) :

- উপযুক্ত সরকারী বিভাগের সহিত জামানতি চুক্তি বা নিরাপত্তা চুক্তি দায়ের করতে ব্যর্থ হওয়া।
- জামানতি সম্পত্তি হস্তান্তরে সমস্যা।
- মেয়াদোত্তীর্ণ তারিখ যুক্ত গ্যারান্টি গ্রহণ করা।
- আইনগত অবস্থার পরিবর্তন হওয়া।
- অননুমোদিত কর্পোরেট/অংশীদারের স্বাক্ষর না নেয়া/সম্পাদন না করা।

খ. জামানতি সম্পত্তির ক্ষয় (Collateral Deterioration) :

- বাজার কেন্দ্রীক জামানতি সম্পত্তির মূল্য পরিবর্তন
- সুদের হার বৃদ্ধির কারণে আবাসন খাতে বিনিয়োগ কম
- প্রযুক্তিগত অগ্রগতি
- অফিস সরঞ্জাম ও মজুদমালের অবচয় হার বৃদ্ধি
- আবাসন খাতে হার বৃদ্ধি

- প্রাকৃতিক দুর্যোগ
- জামানতি সম্পত্তির পচন বা অপব্যবহার।

গ. ঋণ সম্প্রসারিতকরণ ও ঋণের লাইন এর সর্বোচ্চ ব্যবহার :

- ঋণ গ্রহীতা কর্তৃক প্রতিমাসে ঋণের লাইন সর্বোচ্চ ব্যবহার
- ঋণ চুক্তি অনুযায়ী আর্থিক লেনদেনে ব্যর্থতা
- আসল ও সুদ পরিশোধে ব্যর্থতা বা বিলম্ব করণ
- ওভার ড্রাফটের ব্যবহার/চলতি হিসাবে ব্যালেন্স না থাকা
- অন্যান্য ঋণ দাতার নিকট ঋণের অনুসন্ধান
- হিসাব রক্ষণ কর্মকর্তা পরিবর্তন।

ঘ. সমস্যাগ্রস্থ ঋণের অন্যান্য ইঙ্গিত

- আর্থিক বিবৃতি প্রাপ্তিতে বিলম্ব
- ব্যবস্থাপকীয়/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতিশ্রুতি পালনে ব্যর্থতা/বিলম্ব
- উর্ধতন ব্যবস্থাপনার পদত্যাগ/পরিবর্তন
- উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃক টেলিফোন না ধরা বা ফেরতকল না দেওয়া

৬.০৪ঃ ঋণ ঝুঁকি পরিচালনায় প্রভিশন এর ভূমিকা :

ঋণ ক্ষতির প্রভিশন এন্ট্রিটি ব্যাংকের ব্যালেন্সশীটের দায়ের দিকে প্রদর্শন করা হয়। প্রত্যেকটি ঋণের প্রত্যাশিত ক্ষতির যোগফলই এই প্রভিশন প্রতিফলিত হয়। সাধারণ প্রভিশনিং প্রয়োগ করা হয় ঋণ পোর্ট ফলিও এর অশ্রেণীকৃত ঋণ, এস এম এ ঋণের হিসাবে যা ভবিষ্যতে নিম্নগামী হবে বলে মনে করা হয় এবং ঐ সমস্ত ঋণ হিসাবের উপর নির্দিষ্ট হারে প্রভিশন করতে হয়। শ্রেণীকৃত ঋণ পৃথক পৃথক শ্রেণীতে বিভক্ত করে প্রত্যেকটি হিসাবে প্রত্যাশিত লোকসান হিসাবায়ন করে নির্দিষ্ট হারে প্রভিশন রাখতে হয়।

স্থিতিপত্রের লাভ-ক্ষতির বিবরণীর মোট আয় হতে ঋণের ক্ষতি হিসাবে বিবেচিত অংশটি বাদ দেওয়া হয় যা আমরা প্রভিশন হিসাবে জানি। এই প্রভিশন ঋণের ঝুঁকি পরিচালনায় অপরিহার্য ভূমিকা পালন করে। নির্ভুলভাবে প্রভিশন করা ছাড়া নির্দিষ্ট ধরনের ঋণের ক্ষেত্রে ঝুঁকি বিবেচনা/সমন্বয়কৃত ভিত্তিতে বিনিয়োগ লাভজনক কিনা তা পরিচালনা পর্ষদ ও উর্ধতন কর্তৃপক্ষ সম্পূর্ণরূপে জানতে পারে না। ব্যাংকের তহবিল এই সমস্ত অলাভজনক কার্যক্রমে খরচ না করে আরো লাভজনক কার্যক্রমে বিনিয়োগ করা যেত। যদি ঋণের অতিমূল্যায়ন করা হয় তবে ব্যাংকের স্থিতিপত্রে মূলধন ও অতিমূল্যায়িত হবে। ফলে ব্যাংকের দূর্বল আর্থিক সম্পদ ও ঝুঁকি ব্যবস্থাপনার সকল কার্যক্রম যার সাথে মূলধনের সম্পর্ক আছে তাতে হস্তক্ষেপ করা হবে। বোর্ড ও ব্যাংকের উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রভিশনিং সম্পর্কে সজাগ থাকতে হবে। কারণ এই প্রভিশনিং ব্যাংকের দীর্ঘমেয়াদী অর্জনে বিরাট প্রভাব ফেলে।

৭.০১ঃ ঋণ ঝুঁকি ব্যবস্থাপনায় যথাযথ ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (MIS) :

ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (MIS) সমন্বিতভাবে তথ্যের ভিত্তিতে ব্যাংকের ঋণ পোর্টফলিও এর খাত ভিত্তিক/খতি অংশ পর্যদ ও উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে মানসম্পন্ন নির্ভুল তথ্য প্রেরণ করবে যাতে করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই তথ্য এর ভিত্তিতে বর্তমান ও ভবিষ্যৎ এর কি কি ঝুঁকি আছে তা বিশ্লেষণ করতে হয় এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঋণ ব্যবসায় মুনাফার জন্য দায়বদ্ধ থাকে ।

ব্যাংকে অবশ্যই সঠিক ও নির্ভুল ডাটাবেইস থাকতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে। এই ডাটাবেজে সকল জামানতি সম্পত্তির ও নিরাপত্তা ইনস্ট্রুমেন্টের সকল তথ্য থাকবে/ তথ্যধারণ বিষয়টি সুস্পষ্টভাবে ঋণ নির্দেশনা ম্যানুয়ালে অন্তর্ভুক্ত থাকতে হবে। (তথ্য সংরক্ষণ পদ্ধতি ও MIS) ঋণের মান ও মডেল উন্নয়ন সহজতর করার জন্য যখনই প্রয়োজন হবে তখনই পর্যাপ্ত পরিমাণে সংরক্ষণ করতে হবে।

মাসিক ভিত্তিতে নিম্নলিখিত নির্দেশকগুলো (সংখ্যা ও পরিমাণে যখন যা প্রাসঙ্গিক) অবশ্যই চিহ্নিত করতে হবে বা পূর্বের চিহ্ন রাখতে হবে সকল ঋণ পণ্য (একক বা সম্পূর্ণ পোর্টফলিও) এর জন্য।

৭.০২ঃ Booking Management Information System :

১. আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াজাতকরণ
২. আবেদনপত্র অনুমোদন/প্রত্যাখ্যান
৩. অনুমোদন হার ও গড় ঋণ অনুমোদন স্কোর সীমা
৪. নতুন ঋণের সংখ্যা ও পরিমাণ
৫. ব্যাংক পরিচালকদের ঋণ তথ্য
৬. ঋণ আবেদন প্রত্যাখ্যানের কারণ লিপিবদ্ধকরণ
৭. ঋণ বাতিলের উচ্চ হার/নীতি বাতিল করা

৭.০৩ঃ পোর্টফলিও MIS :

১. সীমাহ্রাস/ বৃদ্ধি ও নবায়ন
২. অব্যবহৃত ও অনুত্তোলিত ঋণের পরিমাণ
৩. ক্ষয় (ঐচ্ছিক বা অনঐচ্ছিক)
৪. নীট সুদের আয় %, নীট ফি আয় %, পরিচালনাগত মুনাফা, ব্যবসায়িক আয়, ঝুঁকি সহ আয় ফেরতের হার (এগুলো পুরো পোর্টফলিও এর জন্য ব্যবহৃত হবে)
৫. প্রথম কিস্তি খেলাপী বা প্রথমবারের মতো খেলাপী
৬. ঝুঁকি ভিত্তিক গ্রাহকদের Exposure
৭. প্রারম্ভিক সতর্কতা রিপোর্টিং, শ্রেণীকৃত ঋণের রিপোর্টিং, Loan loss ঋণ খেলাপী, যে সমস্ত ঋণের জামানতের মূল্য বিচ্যুতি হয়েছে তার বিবরণী
৮. বার্ষিক বিবরণী বিশ্লেষণ ও একাউন্ট বৃদ্ধি করার ব্যবস্থা (মাস ভিত্তিক)
৯. মোট ঋণ অবলোপন, নতুন প্রভিশন যোগ, আদায়, নীট কু-ঋণ, প্রভিশন ব্যালেন্স
১০. বন্ধকী সম্পত্তির পুনর্দখলের অধিকার করার বিবরণী
১১. পরিবেশগত কারণে NPL হয়েছে তার Data base
১২. সামাজিক ও পরিবেশগত ঝুঁকি রেটিং ভিত্তিক গ্রাহকদের বিভাজকরণ
১৩. সামাজিক ও পরিবেশগত ঝুঁকি রেটিং ভিত্তিক গ্রাহকদের পোর্টফলিওর ডাটাবেইজ/MIS
১৪. মাসিক ভিত্তিতে Loan set off এর তথ্য সংগ্রহকরণ ও কারণ বিশ্লেষণ
১৫. DLA এর ভিত্তিতে ঋণের কর্মক্ষমতা প্রতিবেদন

৭.০৪ঃ Segmentation of MIS:

ব্যাংকের একক ঋণ বা সম্পূর্ণ পোর্টফলিওটির নিম্নলিখিত নির্দেশক অনুযায়ী প্রয়োজনের ভিত্তিতে বা **প্রাসঙ্গিকতা** অনুযায়ী রিপোর্ট তৈরি করার মতো ক্ষমতা থাকতে হবে।

১. মূল ঋণের পরিমাণ বা ঋণের খাত অনুযায়ী
২. ঝুঁকি কোর রিস্ক ভিত্তিতে
৩. ঋণের উদ্দেশ্যের ভিত্তিতে
৪. জামানতের ভিত্তিতে (আংশিক/সম্পূর্ণ/নাই)
৫. ঋণ গ্রহীতার প্রোফাইলের ভিত্তিতে
৬. ঋণের দায়বদ্ধতার ভিত্তিতে
৭. ঋণের আকার ও গুরুত্ব অনুযায়ী
৮. ভৌগোলিক অবস্থানের ভিত্তিতে
৯. ব্যাংক ঋণ গ্রহীতার সম্পর্ক Turnover এর ভিত্তিতে
১০. SBS code অনুযায়ী শিল্পের ভিত্তিতে
১১. খাত ভিত্তিক / শিল্প ভিত্তিক/ পণ্য ভিত্তিক ঋণ অনুমোদন বনাম **সদ্যবহার** বনাম ঋণ স্থিতি
১২. অনুমোদনযোগ্য সীমার **সদ্যবহার** (মেয়াদী ঋণ/ চলতি মূলধন)
১৩. ঝুঁকি নির্ভর কর্মক্ষমতার নিরীক্ষণ
১৪. বিভিন্ন গ্রাহকদের গ্রুপ ভিত্তিক কর্মক্ষমতার রিপোর্ট
১৫. ক্রেডিট টেস্ট রিপোর্ট
১৬. পণ্য ভিত্তিক প্রচারাভিযান রিপোর্ট

সকল সূচক এর তুলনা এবং পর্যালোচনা, অতীতের কর্মক্ষমতা, প্রত্যাশিত ফলাফল ও প্রতিযোগিতার মাত্রা ভিত্তিক হবে। প্রকৃত কর্মক্ষমতা ও সংশোধিত প্রত্যাশা অনুযায়ী ভবিষ্যতের জন্য পূর্বাভাস হালনাগাদ করতে হবে।

৭.০৫ঃ ঋণের প্রকার, গ্রাহকদের প্রকার, প্রকৃতি, রেটিং গ্রেড, শিল্প বা সেক্টর অনুযায়ী, জামানতের ধরণ অনুযায়ী পৃথক পৃথক ঋণ কেন্দ্রীকরণ, দৃষ্টিগোচর করার জন্য প্রয়োজনীয় ডাটা/ তথ্য সংগ্রহকরণঃ

ব্যাংক তার প্রয়োজনে সমস্ত ঋণের প্রকার, গ্রাহকদের প্রকৃতি, রেটিং গ্রেড, শিল্প বা সেক্টর অনুযায়ী, জামানতের ধরণ অনুযায়ী পৃথক পৃথক ঋণ কেন্দ্রীকরণ করার জন্য সকল তথ্য আলাদা আলাদাভাবে সংরক্ষণ করবে যাতে করে প্রয়োজন মোতাবেক তথ্য ব্যবহার করে পৃথক পৃথক ঋণ কেন্দ্রীকরণ করতে পারে।

উপর্যুক্ত বিষয়গুলোর কারণে যে ঋণ বিভাজন জনিত ক্ষতির সম্মুখীন হয় তা অবগত হওয়ার জন্য পর্যাপ্ত পরিমাণ তথ্য সরবরাহ করতে হবে। ঋণের প্রকার ও সকল খাতের মাধ্যমে ঋণ পোর্টফলিওর বিভক্ত করে খাত/ প্রকার ভিত্তিক যে ঋণ ক্ষতি হয় তা ব্যাংক অবশ্যই সংরক্ষণ করবে। ডাটাবেজ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করতে হবে নিম্নলিখিত তিনটি কারণেঃ-

১. প্রত্যাশিত ক্ষতি ঋণ হ্রাসের জন্য প্রভিশন ও মূল্য নির্ধারণের ক্ষেত্রে ঋণ প্রদানের সময় ভালোভাবে অনুমান করা।
২. ঐতিহাসিকভাবে যে সকল খাতে ঋণ প্রদান অলাভজনক সেসব খাতে ঋণ দেয়া থেকে পর্যদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বিরত রাখা।
৩. ব্যাসেল-৩ অনুযায়ী রিস্ক ওয়েটেড এসেট নির্ণয় করে প্রয়োজনীয় মূলধন নির্ধারণ করার ক্ষেত্রে Internal Rating Based Approach অনুসরণ করতে হবে। অর্থনৈতিক মূলধন নির্ণয়ের ক্ষেত্রে পৃথক পৃথকভাবে ব্যাংক ও সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার হিসাবায়ন করতে হবে। ব্যাংক অবশ্যই ত্রৈমাসিক ভিত্তিতে খাত ভিত্তিক ঋণ ও শিল্প ভিত্তিক নিম্নলিখিত তথ্য সংরক্ষণ করবেঃ-
৪. ত্রৈমাসিক ভিত্তিক কি পরিমাণ মূল টাকা ঋণ অবলোপন করা হয়েছে (পুঞ্জীভূত প্রাপ্য সুদ বাদ দিয়ে)।
৫. ত্রৈমাসিক এ বন্ধ হওয়া অবলোপনকৃত ঋণের সাথে সম্পর্কিত জামানতি সম্পত্তির মূল্য অনুমান করা, উপবিভাজনে বিভক্ত করতে হবে ঃ-
 - ক. জামানতি সম্পত্তি যা ইতোমধ্যে ব্যাংক পুনর্দখল করেছে।
 - খ. জামানতি সম্পত্তি যা ইতোমধ্যে ব্যাংক পুনর্দখল করতে পারেনি।
 - গ. অবলোপনকৃত ঋণের ক্ষেত্রে সুনির্দিষ্ট প্রভিশন যা অবলোপনের সময় বাদ দেয়া হয়েছে।
 - ঘ. ত্রৈমাসিক এ ঋণ অবলোপনের সময় নগদ আদায়।

ঙ. ব্যাংকের দখলকৃত জামানতি সম্পত্তি বিক্রয় করায় লাভ অথবা ক্ষতি।

৭.০৬ঃ **Periodic Stress Testing :**

Stress Testing হলো ঋণ ঋঁকি ব্যবস্থাপনার একটি সক্রিয় উপাদান যার মাধ্যমে পৃথক পৃথক ঋণ ও সামগ্রিক ঋণ পোর্টফলিও বিভিন্ন শর্তাবলীতে ঋণগ্রহীতাদের পরিচালনা। উলে-খযোগ্য পরিবর্তন হয় তার ভিত্তিতে কি ধরনের ঋণাত্মক পরিবর্তন হবে তা জানা যায়।

এ ধরনের বিশে-ষণের ফলাফল ব্যাংকের পর্যাণ্ড প্রভিশনিং ও মূলধন সংরক্ষণে ভূমিকা রাখে। ব্যাংকের সংকটকালীন সময়ে যে সকল খাতের ঋণের ঋঁকি ধরা পরে নাই সেক্ষেত্রে Stress Testing ভালো ফলাফল প্রদান করে।

ব্যাংকের Stress Testing করার সময় যেসকল সম্ভাব্য পরিস্থিতি বিবেচনা করা উচিতঃ-

- উলে-খযোগ্য অর্থনৈতিক বা শিল্পখাতের নিম্নগামীতা
- প্রতিকূল বাজার ঋঁকি ঘটনা ও
- প্রতিকূল তারল্য অবস্থা

ব্যাংকের শিল্পখাতে অবশ্যই উলে-খযোগ্য পরিমাণে শিল্পভিত্তিক খাত থাকা উচিত যাদের নিয়মিত ভাবে পর্যালোচনা/হালনাগাদ করতে হবে। Stress Testing রিপোর্টটি একটি সম্ভাব্য পরিকল্পনা দ্বারা অনুসৃত হবে যেখানে সংশোধনমূলক কর্মের সুপারিশ থাকবে। উর্ধতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিতভাবে Stress Testing রিপোর্ট ও সম্ভাব্য পরিকল্পনাটি পর্যালোচনা করবে। ঋণ ঋঁকি ব্যবস্থাপনা কাঠামো পর্যালোচনায় এবং প্রভিশনিং সীমা নির্ধারণে এই রিপোর্ট গুরুত্বপূর্ণ ইনপুট হিসেবে কাজ করবে।

৭.০৭ঃ ঋণ নীতি, কর্তৃপক্ষ, সীমা, প্রয়োজনীয় ঋণ বৃদ্ধির সমন্বয়করণের ঋণ ক্ষতি নির্ধারণ মাত্রার ভূমিকাঃ

